शार्ङल द्वान्धरञ्

टिलिएकाला जी









পাড়েল 'ব্লুশাল্ৎসৈত

रितित्याश रिति रिति





'রাদুগা' প্রকাশন মস্কো ম্ল রুশ খেকে অন্বাদ: অরুণ সোম ছবি এ'কেছেন ইয়ে. ভোইশ্ভিগ্নো, ব. কালাউপিন, ব. স্থারোদ্ব্ংসেভ মলাট, ভেতরের মলাট ও নামপত্রের ছবি এ'কেছেন ইউ. কিসিলিওভ

পাঠকদের প্রতি

প্থিবীর শেষ কোথায়, প্থিবীর চারধারে কী আছে, চাঁদ আর তারা — এরা কি অনেক দ্রে, তারাগ্লো এত স্দের কেন, বল্ কেন মাটিতে এসে পড়ে, গ্রীষ্মকালে স্থের তাপ কেন বেশি হয়, চাঁদ কেন একটা ফালির মতো দেখায় বা প্থিবীর বাইরে আর কী কী জগৎ আছে — এই রকম নানা কথা তোমাদের নিশ্চয় জানতে ইচ্ছে হয়।

এই সব প্রশেনর এবং এছাড়াও আরও বহু প্রশেনর উত্তর তোমরা পাবে পাভেল ক্লুশান্ৎসেভ-এর 'টেলিস্কোপ কী বলে' বইতে।

©বাংলা অনুবাদ · সচিত্র · 'রাদুগা' প্রকাশন · মস্কো · ১৯৮৬ সোভিয়েত ইউনিয়নে মুদ্রিত



প্ৰিবীর শেষ কোথায়?

গ্রীষ্মকালে মাঠে দিব্যি লাগে! ফুলের সংগন্ধ, নির্মাল বায়,, আর চারধারে অনেক অনেক দরে পর্যন্ত চোখে পড়ে।

আর যদি ছুটে কোন টিলার ওপর গিয়ে উঠতে পার ভাহলে দেখতে পাবে আরও অনেক দ্র। ঐ ওখানে মাঠের শেষ। মাঠের ওপারে ঘন বন। পাশে ঝলমল করছে সরোবর, একেবেকে পথ চলে গেছে। তারও পরে আবার মাঠ, অন্য একটা মাঠ। আর তার ওপারে সম্ভবত আবার বন, আবার পথ, সরোবর, নদী, নগর।

মনে হয় প্থিবীটা ষেন একটা বিশাল চ্যাপ্টা গোল বুটি — তাই না?


আর এই রুটিটার মাথার ওপর ছেয়ে আছে আকাশ — কেন একটা বিশাল ছাউনি। দিনের বেলায় ছাউনিটা দেখায় নীল, রাতের বেলায় — কালো। আর তার গায়ে একে একে ভরলে ওঠে তারা — যেন দ্রের বাতি।

খিয়েটার-হলের মাথার ওপরকার ছাদটা বড় বটে। কিস্তৃ তার সঙ্গে এ ছাউনিটার কোন তুলনাই চলে না। এটা হাজার-হাজার গ্রণ বড় আর উ'চু।

এই ছাউনিটা দেখে মনে হয় যেন গোল, একটা বিশাল সম্ব্ৰুন্ধের মতো। যেন এর কানাগ্রলো সোজা এসে স্পর্শ করেছে এই চ্যাপ্টা র্টিটাকে — আমাদের প্রথিবীকে। আর প্রথিবীর ব্বুকে যদি একটা দিক ধরে খবে বেশিক্ষণ হাঁটা ষায় তাহলে বৃথি একসময় আমরা সেই জায়গাটায় পেশছে ষেতে পারব ষেখানে আকাশ পৃথিবীর সঙ্গে এসে মিলেছে। ঠিক এরকমই একটা বর্ণনা আছে 'কু'জো টাটু,' র্পকথায়:

...কাছে নাকি দ্বে, নীচে না ওপরে
কোথা দিয়ে কোথা জানা নেই, ওড়ে।
যে-কথাটা শ্ব্ব বলি শোনো জানা —
ঘোড়া নাকি ছাট দিল মেলে ডানা
সেথার, ষেখানে শ্নি লোকম্থে
আকাশ মিলেছে প্থিবীর ব্কে।
কিষানীরা সেথা স্তো কাটা হলে
চরকা যে যার আকাশেতে তোলে।
উঠল আকাশে ইভান সেথার,
ধরা জননীরে জানিয়ে বিদায়।
চলল যেন সে রাজার কুমার,
উৎসাহ, তেজ ধরে না ক আর!

আহা, সত্যিই যদি এমনটি হত! দিব্যি চললে আপন মনে প্থিবীর বৃকে হাঁটতে হাঁটতে, একটা পাহাড়ের ওপর গিয়ে উঠলে, কিংবা কোন একটা ছোটু নালা ডিঙোলে — বাস,







তারপরই চললে মেঘম,ল,কের ভেতর দিয়ে। ওপর থেকে কেবল তারিফ কর বন আর মাঠের, তার মধ্য থেকে খংজে বার কর তোমার বাড়ি।

আফশোসের কথা, এটা সম্ভব নয়।

কিন্তু প্রাচীনকালে লোকে মনে করত সম্ভব। সত্যি সত্যিই বিশ্বাস করত। তারা মনেপ্রাণে বিশ্বাস করত যে আকাশ হল একটা বিরাট উপ্যুক্ত-করা পেয়ালা, আর প্রথিবীটা এক বিশাল চাপাটি, যে-কোন চাপাটির মতো তারও কিনারা আছে। বলাই বাহ্লা, এর পরে, 'প্রথিবীর সীমানার ওপারে', 'আকাশের অন্য ধারে' কী আছে — এসব জানতে বড় কোত্রল হত তাদের।

কিন্তু পায়ে হে'টে, গাড়িতে চেপে মান্য যত দ্রেই যাক না কেন 'প্থিবীর সীমানা' দেখার সাধ্যি তার কোন কালেই হল না — এমনকি দ্রে থেকেও না।

লোকে তখন এটাই ধরে নিল এই যে চাপাটি-আকারের জিনিসটার ওপর আমরা বাস করি সেটা সম্ভবত অনেক বড়। হয়ত অনেক দ্রে, উ'চু উ'চু পাহাড়-পর্বতের ওধারে, বনজঙ্গল ও সাগর-মহাসাগর ছাড়িয়ে কোথাও তার কিনারা আছে এবং কু'জো টাট্রুর সাহাষ্য ছাড়া ওখানে পে'ছানো খবে কঠিন।

কিন্তু তা সত্ত্বেও মান্বের কোত্হল যাবার নয়। লোকে ভাবল, আচ্ছা, চাপাটিমারেই ত কিছ্-না-কিছ্র ওপরে থাকে — শ্নো ত আর ঝুলতে পারে না! এমন কথা ভাবলেও হাসি পায়। তার মানে, প্থিবীও কিছ্-না-কিছ্ একটার ওপরে আছে। কিন্তু কিসের ওপরে যে আছে সেটা কোনমতেই জানা গেল না।

এদিকে আবার মাঝে মাঝে ভূমিকম্প হওয়ায় ব্যাপার আরও ঘ্রলিয়ে যায়। প্রথিবী তথন দ্রলতে থাকে, পাহাড়-পর্বত ফেটে যায় ধসে পড়ে, সম্দ্রের বিরাট বিরাট ঢেউ আছড়ে পড়ে তীরের ওপর। তোমার গায়ের কম্বলের ওপরে যদি কয়েকটা বেড়ালছানা থাকে, আর তুমি যদি কম্বলের নীচে হঠাৎ পাশ ফিরে শ্বতে যাও তথন তাদের যে দশা হয় ভূমিকম্পের সময় মান্বেষর অবশ্বাটাও হয় সেরকম।

এ থেকে লোকের ধারণা হল প্থিবী হয়ত অবস্থান করছে
শক্তিশালী ও প্রকাণ্ড-প্রকাণ্ড দৈত্য-দানবের পিঠের ওপর। ঐ
দৈত্য-দানবেরা যতক্ষণ ঘর্মায়ে থাকে ততক্ষণ সব ঠিক আছে;
কিন্তু যে মৃহ্তে তারা নড়েচড়ে ওঠে তথনই শ্রে হয়
ভূমিকম্প।

লোকে এই সিদ্ধান্তে এলো যে প্রথিবী অবস্থান করছে তিনটি প্রকাশ্ড তিমির ওপর, কেননা তিমির চেয়ে বড় কোন জন্তু দুনিয়ায় নেই।

কিন্তু প্রশন হল প্রথিবী যদি তিমির ওপর অবস্থান করে তাহলে তিমি অবস্থান করছে কিসের ওপর?

লোকে মনে মনে ভাবল তিমি মহাসাগরে সাঁতার কাটে। তিমিরা যে চিরকালই মহাসাগরে সাঁতার কাটে!

আচ্ছা, মহাসাগর তাহলে কিসের ওপরে আছে? আছে পৃথিবীর ওপরে।

আবার বলা হচ্ছে কিনা প্রথিবী আছে তিমির ওপরে?

না, না, এটা যেন কেমন গোলমেলে ঠেকছে। এর কোন শেষ নেই। এ যেন ম্রেগী আর ডিমের গলেপর মতো — কোনটা আগে, কোনটা পরে?

তথন লোকে বলতে শ্রে, করল: 'প্থিবী আছে তিনটি তিমির ওপরে — এই হল মোদ্দা কথা। এটা যদি তোমার যথেত বলে মনে না হয় তাহলে যাও, নিজে গিয়ে দেখে এসো।'

আজকের দিনে আমাদের দ্ণিটতে যত হাস্যকরই মনে হোক না কেন, সেকালে লোকে কিন্তু এই সব আজগুর্নি গলেপ বিশ্বাস করত; কারণ লোকে স্পণ্ট ভাবে কিছুই জানত না, আর এমন কেউ ছিলও না যার কাছে জিজ্ঞেস করে জানতে পারে।

প্রাচীনকালে মান্য প্থিবীর ব্কে বড় বড় দ্রেত্ব পাড়ি দিতে পারত না। রেলগাড়ি আর এরোপ্লেন ত দ্রেন্থান, পথঘাটই ছিল না, না ছিল মোটরগাড়ি, না জাহাজ। এই কারণে তিমি-সংক্রান্ত গলপকথার সত্যতা যাচাই করে দেখার জন্য যে 'প্থিবীর শেষপ্রান্তে' যাবে সে উপায়ও ছিল না। তাসত্ত্বেও লোকে একটু আধটু করে দ্রমণ করতে লাগল। উটের পিঠে চেপে তারা বেশ দ্রে দ্রে জায়গায় অভিযানে যেতে শ্রেন্ করল, বড় বড় নোকায় চেপে নদ-নদী ও সাগর-মহাসাগর পার হতে লাগল।

পথ যাতে গোলমাল না হয় তার জন্য শ্রমণকারীরা এখন থেকে তাদের পায়ের নীচে না তাকিয়ে মাথার ওপরের আকাশ দেখে। তা নইলে সম্দ্রের ব্বকে যেখানে চারদিকে কেবল জল আর জল, সেখানে লাকে কী করেই বা পথ খাজে পাবে? কিংবা ধর মর্ভূমিতে, যেখানে চারদিকে কেবল বালি আর বালি — একই বালি? কিন্তু স্ব্র্য, চন্দ্র ও তারা কী সাগরে, কী মর্ভূমিতে — স্বর্গ্যই দেখা যায়। দেখা যায় বনজঙ্গলের ভেতর থেকে, এমনকি পাহাড়ের খাদের তলা থেকে। তাছাড়া সূর্য-চন্দ্র-তারা সব সময় নিজের নিজের জায়গায় আছে। এই সময় 'ধ্ববতারা' কথাটির উদ্ভব।

স্থা-চন্দ্র-তারা সব সময় একই পথে আকাশে চলে। বেমন
ধর, এমন কথনই হয় না যে স্থা চলে গেল পেছনে, ডান
দিক থেকে বাঁয়ে; কিংবা চাঁদ উঠে আকাশে স্থির হয়ে
থেকে গেল; অথবা তারাগ্লো লাফিয়ে অন্য জায়গায় গিয়ে
উঠল। প্রতি দিন, প্রতি বছর স্থা-চন্দ্র-তারা আকাশপথে
চলে ধীরস্থির শাস্ত গতিতে, ঘডির কাঁটার মতন।

বন্ধ বিদ্যুৎ, ঝড়ঝঞ্জা, তুফান — যাই হোক না কেন স্থা-চন্দ্রতারার তাতে কিছুই আসে যায় না, কোন দিকে ভ্রুক্তেপ
না করে ওরা ঠিক কাঁটায়-কাঁটায় আকাশপথে চলে বেড়ায়।
লোকে মনে মনে ভাবল, আকাশের ওপারে কোথাও হয়ত
থ্র জাঁটল ও মাথাওয়ালা কোন ফল ল্কানো আছে। এই
ফল্টা হয়ত ঘড়ির ফলুবাবস্থার মতো। সেখানে হয়ত
পাহাড়প্রমাণ বিশাল বিশাল খাঁজকাটা চাকা ধাঁরে ধাঁরে ঘ্রছে।
আর ওগ্রেলাই এই প্রকাণ্ড ভারী জিনিসটাকে —
তারাদলসমেত গোটা আকাশকে স্বছ্ল গতিতে ঘ্রিয়ে
প্থিবীর মাথার ওপর তোলে। আকাশটা নিশ্চয়ই বেজায়
ভারী। যা প্রকাণ্ড!

আহা, একবার যদি 'প্থিবীর শেষপ্রান্তে' পেশছানো যেত, কোন কিছ্ম দিয়ে আকাশটা ফুটো করে একবার যদি দেখা যেত ওথানে কী আছে! কী দার্শই না হত!





তোমরা হাসবে না। লোকে কিন্তু সত্যি সত্যিই বিশ্বাস করত যে আকাশের ওধারে এইরকম 'চাকা' আছে।

কিন্তু সে যাই হোক না কেন, লোকের মনে এই ধারণাই বন্ধমূল হয়ে গেল যে আকাশে চিরকাল পরিপূর্ণ নিয়মশৃংখলার রাজত্ব চলছে এবং 'জ্যোতিত্কমণ্ডলীর' ওপর নির্ভার করা যায় — এরা কখনও মান্যকে ডোবাবে না। এই বিশ্বাসের ফলে মান্যের পক্ষে দ্রে দ্রে দেশে যাত্রা সম্ভব হল।

যেমন দিনের পর দিন অন্তগামী সংযের দিক লক্ষ করে চলেছে দ্রমণকারীরা, তারা জানে যে সর্বক্ষণ চলেছে একই দিকে, আর বলাই বাহুলা ভূল তাদের কখনও হত না।

একথা ভূলে গেলে চলবে না যে যখনকার কথা বলছি সেই সময় না ছিল দিগদশ নযশ্ত, না কোন মানচিত্র, না আলোকস্তম্ভ।

এই ভাবে তারার দিকে দ্ছিট রেখে দ্রমণ করতে গিয়ে লোকে এক অন্তুত জিনিস লক্ষ করল।

লোকে হয়ত তাদের জন্মস্থান থেকে উটের পিঠে চড়ে বেরিয়েছে দ্র যাত্রায়, কোন একটা উজ্জন্দ তারাকে যাত্রায় সময় মনে করে রেখেছে; পথে যাত্রীদের একদিন দ্বাদিন করে সপ্তাহ কাটে, ওরা লক্ষ করে যে প্রতি রাতেই ওদের সেই তারাটা দিকচক্রবালের আরও বেশি ওপরে দেখা যাচছে। দেখেশ্বনে মনে হয় যাত্রীয়া চেপ্টা সমতল ভূমির ওপর দিয়ে যাচছে না, যেন একটা বিশাল গড়ানে টিলা পার হয়ে চলেছে, যত সামনে চলেছে ততই তার ওপারে, আরও বেশি

দরে তাদের চোখে পড়ছে। আবার বাড়ি ফেরার পথে ঘটে তার উলটোটা — তারাটা রোজই একটু একটু করে নীচে নামছে, মনে হয় যেন ওরা তারাটা থেকে টিলার ওপারে ফিরে চলে যাছে।

লোকে তখন বিবেচনা করল, তাহলে একটা বিশাল গোল রুটির মতো পৃথিবীর পিঠটাও ফোলা, বাঁকানো।

আশ্চর্যের ব্যাপার এই যে দেখা গেল সম্প্রের জলও ঐ
রকম বাঁকানো। কেবল সম্প্রয়ানী নাবিকেরা নয়, সম্প্রতীরে
বসবাসকারী লোকেরাও এটা লক্ষ করে। জাহাজ যখন সম্প্রের
বৃক্তে যান্না করে তখন তীর থেকে লক্ষ করলে তারা সব
সময় প্রথমে দেখতে পায় গোটা জাহাজটা, তারপর কেবল
জাহাজের পাল, পরে কেবল মান্তুলের মাখা। আর সব শেষে
জাহাজটা একেবারে দৃষ্টির আড়াল হয়ে যায়। মনে হয় য়েন
পাহাড় পেরিয়ে ওধারের ঢাল বয়ে নেমে গেল।

কোন সম্দ্র বা হ্রদের ধারে দাঁড়ালে তোমরা নিজেরাও অনায়াসে এটা যাচাই করে দেখতে পার। তবে হাাঁ, খেয়াল রাখতে হবে জল যেন শান্ত থাকে, বড় বড় টেউ যেন না থাকে। জলের দিকে নাঁচু হয়ে জাহাজের ওপর নজর রাখবে। দেখবে, পাঁচ কিলোমিটার দ্রেছে জাহাজের নীচের অংশ জলে ঢাকা পড়ে যেতে শ্রু করেছে। আর ডজন কয়েক কিলোমিটার দ্রে যাওয়ার পর একেবারেই অদৃশ্য হয়ে গেল।

এই কারণে দরেবীন দিয়ে দেখা ভালো।

সম্দ্র যে উত্তল এটা মেনে নেওয়া সেকালের মান্যের কাছে শক্ত ছিল। কিন্তু শেষকালে না মেনে আর উপার রইল না। এর পর থেকে লোকে প্থিববৈক আর চ্যাপ্টা চাপাটি বলে ভাবে না; এখন তাদের ধারণা হল প্থিবটা একটা অর্ধগোলকের মতো, আর তার পিঠটা কোন এক অজ্ঞাত কারণে সম্দ্র দিয়ে 'লেপা'।

কিন্তু অর্ধগোলক হলেও তার প্রান্ত ত থাকবে। অথচ লোকে
সম্প্রের ক্বে কত দ্রে গেছে, পায়ে হে'টে কত দ্রে দ্রে
দেশেই না ভ্রমণ করেছে, কিন্তু কারও পক্ষেই 'প্থিবীর
শেষপ্রান্ত' নামে অভিশপ্ত জারগাটা দেখা সম্ভব হয় নি —
এমনকি দ্রে থেকেও না।

আরও একটা ব্যাপারে লোকে মাথা ঘামিয়ে কুল পায় না।
আচ্ছা, সূর্য-চন্দ্র-তারা — এরা ত রোজ কোখায় যেন
নেমে যায়, প্রথিবার ও প্রান্তে ডুব দেয়, আবার পর দিন
অন্য দিক থেকে উঠে আসে। শৃধ্ তা-ই নয়, এমন কখনই
ঘটে না যে প্রথিবা যার ওপর ভর দিয়ে আছে সেই ঠেকনাটার
গায়ে ধারু থেয়ে ওরা আটকে গেল। তারাগ্লোও সবাই
যে যার জায়গায় আছে। আর সূর্য ও চাঁদ এরাও ঠিক
সময়মতো নিয়মিত পর দিকে উঠছে।

লোকে তখন ভাবতে শ্রে করল, আচ্ছা, এমনও ত হতে পারে যে প্রথিবীর ঠেকনা বলে আদৌ কিছা নেই? প্থিবীটাও অর্ধগোলক নয়, আসলে একটা গোলক? আর এই গোলকটা কোন এক মায়াবলে বিনা অবলম্বনে ঝুলছে? তা-ই যদি হয় তাহলে প্থিবীর কোন কিনারা কেন নেই, কেনই বা স্থে রাতের বেলায় অমন স্বচ্ছদে প্থিবীর নীচে চলে যায় — এ সব রহস্যের সমাধান অনায়াসে হয়ে যায়। দ্বেগিয়া থেকে যায় কেবল একটা জিনিস — প্থিবীর ওপাশে মান্য তাহলে কী অবলম্বন কয়ে আছে? তাদের ত মাথা নীচের দিকে কয়ে ঝুলে থাকার কথা!

শত শত বছর কেটে গেল — লোকে শেষকালে বড় বড় জাহাজ বানাতে শিখল। ঐ সব জাহাজে চেপে মহাসাগর পাড়ি দেওয়া ভয়ের ব্যাপার নয়। লোকে এখন জাহাজে চড়ে ভূপ্রদক্ষিণ করতে পারে। এই ভাবে ভূপ্রদক্ষিণ করতে গিরেই শেষ পর্যন্ত মান্বের দৃঢ়ে প্রত্য়য় হল যে প্থিবী একটা গোলক। মান্ব ব্বতে পারল যে প্থিবীতে কেউই মাথা নীচের দিকে করে কুলে থাকে না। কারণ এই যে 'নীচ' বলতে যা বোঝার সেটাও এই প্থিবীই।

এখন অবশ্য আমরা সবাই একেবারে ছোট বয়স থেকে জানি যে প্রিবী হল গোলক। যে-কোন বাড়িতে, যে-কোন স্কুলে ভূগোলক আছে। অথচ গোড়ায় মান্ধের পক্ষে এটা অন্মান করা কী শক্তই না ছিল!





আকাশের তারা এত স্বন্দর কেন?

কোন এক স্কুন্দর সন্ধারে, যখন অন্ধকার ঘনিয়ে আসছে, এসো, সেই সময় মাঠে যাওরা যাক, কিংবা যাওরা যাক সম্বের তারে, কোন একটা খোলামেলা জারগার, বেখানে ঘরবাড়ি বা গাছপালা আকাশ আড়াল করে দাঁড়িয়ে নেই। আরও দেখতে হবে সেখানে যেন কোন রাস্তার আলো না থাকে, জানলার বাতি চোখে না পড়ে। মোটকথা জারগাটা হতে হবে ঘুটঘুটে অন্ধকার।

আকাশের দিকে তাকিয়ে দেখ! আকাশে কত তারা! সবগ্লো কেমন ধারাল-খরশান। দেখে মনে হয় যেন একটা কালো চাঁদোয়ার গায়ে ছ‡চ ফুটিয়ে ফুটিয়ে ছোট ছোট ছে'দা করা হয়েছে আর সেগ্লোর আড়ালে ঝিকমিক করছে নীল-নীল আলো।

আর তারাগ্রলো কতই না বিচিত্র! ছোট, বড়, নীলচে, হলদেটে; কতক তারা সম্পূর্ণ একা, বিচ্ছিল্ল, আবার কতকগ্রলো একস্কে ছোট ছোট ঝাঁকবাঁখা, একেকটি গ্রেছ। এই 'ঝাঁকগ্রেলাকে' বলা হয় 'নক্ষ্যপ্রশ্লা'।

এই আজ আমরা বেমন তারাভরা রাতের আকাশ দেখছি, হাজার হাজার বছর আগেও লোকে তেমনি দেখত। দিগ্দর্শন্যকা, ঘড়ি আর ক্যালেশ্ডারের কাজ তথন করত আকাশ। যাত্রীরা তারার অবস্থান দেখে দিক ঠিক করত। তারা দেখে লোকে জানতে পারত সকাল হতে আর কত দেরি আছে। তারা দেখে ঠিক করত কথন বসন্ত আসছে। আকাশ সব সময়, সর্বক্ষেশ্রে মান্বের কাজে লাগত। মান্ব মন্ত্রম্বরের মতো বহ্কণ ধরে চেয়ে চেয়ে দেখত তাকে, তার তারিফ করত, তাকে দেখে আশ্চর্য হত, আর ভাবত, কেবলই ভাবত।

তারারা আসলে কী? কী ভাবে আকাশে তাদের আবিভাবে ঘটল? কেনই বা আকাশে ওরা ঠিক এই ভাবে ছড়িরে পড়ল, অন্য কোন রকম ভাবে নর? নক্ষত্রপ্রের অর্থ কী? রাতের বেলায় চরাচর শাস্ত — বাতাস পড়ে আসে, গাছপালার পাতা সরসর আওরাজ করে না, সম্দ্র শাস্ত। পশ্পাথি নিদ্রামগ্ন। মান্যও। এই নিস্তর্বতার মধ্যে যখন আকাশের তারার দিকে তাকানো যায় তখন আপনাআপনিই মাথার ভেতরে এসে ভিড় করে রাজ্যের র্পকথা — একটি আরেকটির চেয়ে স্কুদর।

প্রাচীনকালের মান্বেরা তারাদের নিরে অসংখ্য কল্পকাহিনী আমাদের জন্য রেখে গেছে।

ঐ যে দেখতে পাচ্ছ সাতটি উল্জ্বল তারা? আমরা ওগালোর একটা ছবি এ'কেছি। আকাশের গায়ে বিন্দ্র দিয়ে যেন একটি চাটু আঁকা হয়েছে।

প্রাচীনকালে চীনদেশে এই নক্ষরপ্রপ্পকে তাই বলা হত 'পে-তেউ', যার অর্থ হল চাটু বা কোষা। মধ্য এশিয়ায় ঘোড়া







অনেক ছিল বলে এই তারাগ্বলোকে বলা হত 'খ্বটি বাঁধা ঘোড়া'। আর আমাদের এই অংশে এর নাম 'সপ্তবিমিন্ডল' বা 'ঋক্ষমণ্ডল'।

বলাই বাহনুল্য, ঋষণ বা ভালনুক আর কোষার মধ্যে মিল খুব একটা নেই। মিলের একমাত্র কারণ ভালনুকের খাটো লেজ। কলপকাহিনীতে কী না হয়! প্রাচীন গ্রীসের লোকেরা এরকম একটা কাহিনী ফে'দেছিল।

এক সময় আর্কাদিয়া দেশে লাওকোওন নামে এক রাজা রাজত্ব করতেন। কাল্লিস্তো নামে তাঁর এক কন্যা ছিল। সে ছিল প্রিবীর সেরা স্করী মেয়ে। এমনকি দেবীদের মধ্যে যিনি সবচেয়ে স্করী সেই হেরার সৌল্মতি তার কাছে জ্লান হয়ে যায়। দেবী হেরা তাই তাঁর প্রতিত্বিশ্বনীর



উপর দ্রাভাবন। হেরা মায়াবিনীর মতো ষা খ্লি তাই করতে পারতেন। তিনি ভেবেচিন্তে ঠিক করলেন স্কারী কাল্লিন্তাকে একটা কদর্য মাদী-ভাল্কে পরিণত করবেন। হেরার স্বামী, সর্বশক্তিমান দেবতা জেউসের ইচ্ছে ছিল অসহায় কুমারী মেয়েটাকে সাহায্য করেন, কিন্তু তিনি দেরি করে ফেললেন। দেখেন কাল্লিস্তো নেই। তার জায়গায় মাথা নীচু করে হে'টে চলে বেড়াচ্ছে একটা কদাকার লোমশ জন্তু।

স্বন্দরী মেয়েটার জন্য জেউসের দ্বঃখ হল। ভাল্ব্কটাকে তিনি লেজে ধরে আকাশে টেনে নিয়ে এলেন।



টেনেছিলেন তিনি অনেকক্ষণ ধরে, সর্বশক্তি দিয়ে। এই কারণে ভালকের লেজ লম্বা হয়ে গেল।

আকাশে টেনে আনার পর লম্বা-লেজ, কুংসিত চেহারার মাদী-ভাল্বকটাকে তিনি পরিণত করে দিলেন এক উজ্জ্বলা নক্ষরপ্রের। এর পর থেকে প্রতি রাতে লোকে তাকে দেখে মৃদ্ধ হয়, মৃদ্ধদ্ভিতে এই নক্ষরমণ্ডলী দেখে আর স্ক্রেরী কিশোরী কাল্লিস্টোকে স্মরণ করে।

আকাশে ঋক্ষম ডলের কাছাকাছি জনলছে ধ্বতারা। তাকে খ্রুজে পাওয়া কঠিন নয়। আমাদের ছবিতে যেমন আঁকা আছে, আকাশে ঋক্ষম ডলের দ্বিট প্রান্তিক তারার মাঝখান দিয়ে একটা রেখা কলপনা কর। তারপর এই রেখাটির ওপর দিয়ে ঋক্ষম ডলের তারাগ্রলার মাঝখানের সমান দ্রুজে পাঁচটি বিদ্যু আঁকো। তাহলেই পেয়ে যাবে ধ্বতারা। ধ্বতারা অবশ্য তেমন একটা উজ্জন্দ নয়। ধ্বতারা উত্তর দিক নির্দেশ করে। আকাশের অন্য দিকে আছে ছোট ছোট তারার একটি প্র্যা। এদের নাম কৃত্তিকা। দেখে মনে হয় যেন প্রকৃরে কতকগ্রলো





অসহায় হাঁসের বাচ্চা ভীতসন্ত্রস্ত হয়ে এক জায়গায় এসে জড় হয়েছে। সংখ্যায় এরা ছয়টি।

এই কৃত্তিকা, ধ্রবতারা ও ঋক্ষমন্ডল নিয়ে প্রাচীনকালে লোকে এই রকম একটা কাহিনী রচনা করে।

কোন এক সময় সাতজন ভাকাত-ভাই ছিল। তারা জানতে পেল দ্রে বহুদ্রে প্থিবীর একপ্রান্তে বাস করে সাতটি কন্যা, সাত বোন। তাদের সাতজনের মধ্যে বেশ ভাব। সাতজনেই স্বন্দরী আর সরল। সাত ভাই ভাকাত ঠিক করল ওদের সাতজনকে ধরে নিয়ে এসে বিয়ে করবে। ওরা ঘোড়ার পিঠে চড়ে বসল, ঘোড়া ছুটিয়ে চলে এলো প্থিবীর প্রান্তে। স্ব্যোগের প্রতীক্ষায় ওত পেতে রইল। সদ্ধ্যাবেলায় বোনেরা যখন বেড়াতে বের হল তখন তাদের ওপর ঝাঁপিয়ে পড়ল। ওরা এক বোনকে ধরতে পারল, বাকিরা পালিয়ে গেল। ভাকাতেরা একটি কন্যাকে নিয়ে গেল, কিছু এর জন্য তাদের কঠিন শান্তি পেতে হল। ঈশ্বর ওদের তারায় পরিণত করে দিলেন। সেই তারামণ্ডল, যাকে আমরা ঋক্ষমণ্ডল বলি। ঈশ্বর ওদের প্রবারা পাহারা দেওয়ার কাজে নিয়্তু করলেন।

গুৰতারা 🧻


অন্ধকার রাতে আকাশ যদি পরিক্নার থাকে তাহলে ভাল্বকের লেজের মধ্যতারার খ্বই কাছাকাছি তোমরা দেখতে পাবে একরতি একটি তারা। এ হল সেই মেয়েটি যাকে ডাকাতেরা চুরি করেছিল।

আর কৃত্তিকা হল বাকি ছয়কন্যা। ভরে জড়সড় হয়ে ও ওকে চেপে ধরে আছে। রোজ রাতে ওরা দ্র্দ্ব্র ব্রক আকাশে ওঠে ওদের সেই বোনটির খোঁজে।

আকাশের অন্য দিকে গৃন্টি করেক ছোট ছোট তার। ছড়িয়ে পড়ে একটি অর্ধবৃত্ত স্থি করেছে, দেখে মনে হয় যেন আলো ঝলমলে ফুলের আধখানা মৃকুট। এ হল উদীচী কিরীট নক্ষরপুঞ্জ।

গ্রীসের প্রাকাহিনীতে বলে যে কোন এক সময় আরিয়াড্নে নামে এক সাহসী স্ফেরী তর্ণী বাস করত। সে ছিল কিট ছীপের রাজার কন্যা। রাজকন্যা ভালোবেসেছিল থেসেউস নামে এক বীর যোদ্ধাকে। বাবা রুষ্ট হবেন জেনেও ভয় না পেয়ে মেয়ে সেই বীর যোদ্ধার সঙ্গে চলে গেল। কিন্তু পথে থেসেউস স্বশ্ন দেখল। স্বশ্নে সে দেখল তার ওপর দেবতাদের আদেশ হয়েছে যেন সে আরিয়াড্নেকে ছেড়ে দেয়। দেবতাদের আদেশ অমান্য করার সাহস থেসেউসের হল না। মনের দৃঃখে সে আরিয়াড্নেকে সম্দ্রতীরে ছেড়ে দিয়ে একা এগিয়ে চলল। আরিয়াড্নে কাঁদতে লাগল।

আরিয়াড্নের কালা শ্নেন দেবতা বাখ্স ওকে নিয়ে গিয়ে বিয়ে করলেন, দেবীতে পরিণত করে দিলেন। আর



আরিয়াড্নের সৌন্দর্যকে অমরত্বদানের জন্য তিনি ওর মাথা থেকে ফুলের মুকুটটা খুলে আকাশে ছঃড়ে দিলেন।

মৃকুটটা যতক্ষণ শ্নের উড়ছিল সেই সময়ের মধ্যে মৃকুটের ফুলগ্নলো মণিমৃক্তায় পরিণত হয়ে গেল, আর আকাশে পেণছে হয়ে গেল ঝলমলে তারার মালা। লোকে এই নক্ষরমৃকুটের দিকে তাকিয়ে স্মরণ করে সৃন্দরী আরিয়াড্নেকে।

এবারে আরও একটি নক্ষরপ্রা । আমাদের আঁকা ছবিটার দিকে তাকিয়ে দেখ। ইংরেজি 'এম' অক্ষরের মতন দেখতে পাঁচটি ছোট ছোট তারার সমন্টি, তার পাদ্টি ফেন দ্'পাশে খসে পড়েছে। প্রাচীনকালের লোকেরা এটাকে আরাম কেদারায় অর্ধশায়িতা কোন কুমারীর ম্ভির্পে কল্পনা করে। এই নক্ষরপ্রের নাম 'কাশ্যপিয়া'। কাশ্যপিয়াকে ঘিরে আছে আরও তিনটি নক্ষরপ্রা — সেফিউস, আন্দ্রামিডা ও পার্সিয়্স। এই চারটি নক্ষরপ্রাকে নিয়ে প্রাচীন গ্রীকেরা অতি

অনেক অনেক কাল আগে সেফিউস নামে এক রাজা আবিসিনিয়ায় রাজয় করতেন। তাঁর ছিল স্কুদরী স্না — কাশ্যপিয়া। কিন্তু তিনি সাগরের মায়াবিনী নেরেইডদের সামনে নিজের র্পের বড়াই করতে লাগলেন। নেরেইডরা এতে ক্ষ্কুর্ হয়ে সাগরের অধিপতি পসেইডনের কাছে নালিশ করল। পসেইডন দার্গ ক্র্কু হয়ে আবিসিনিয়ার তীরের দিকে এক প্রকান্ড ভয়ানক তিমি পাঠিয়ে দিলেন।

দীর্ঘ এক কাহিনী রচনা করে।

তিমিটার মন কী করে ভোলানো যার বাতে হতভাগ্য দেশটাকে সে শান্তিতে থাকতে দেয়?

জ্ঞানীপ্রে, বেরা সেফিউসকে পরামশ দিলেন দেশের সবচেয়ে স্বাদরী তর্ণীকে, তাঁর নিজের আদরের মেয়ে অ্যান্ড্রমিডাকে বেন তিনি তিমির হাতে সমর্পণ করেন।

রাজা কাঁদলেন। কিন্তু কাঁ আর করা? ভয়ত্কয় তিমিটার কবল থেকে যে কোন মুল্যেই হোক নিজের দেশকে উদ্ধার করা চাই। ঠিক করলেন মেয়েকে তিমির কাছে উৎসর্গ করবেন।

আ্যান্ড্রমিডাকে সম্দ্রতীরে নিয়ে এসে শিকল দিয়ে একটা শৈলচ্ডার সঙ্গে বে'যে রাখা হল। তিমিটা সাঁতরে এসে ওকে নিয়ে যাবে।

এই সময় আবিসিনিয়া থেকে অনেক দ্রে সাহসী যোদ্ধা পার্সিয়্স অসাধারণ বীরত্বপূর্ণ কীর্তিসাধনের জন্য তৈরি হচ্ছিল। সে এসে উপস্থিত হল এক নিজনি দ্বীপে। সেখানে ছিল গর্গনিদের বাস। গর্গনিরা ভয়ত্করী দানবী, তাদের





আকাশে অনৈক নক্ষরপ্রঞ্জ, তাদের সম্পর্কে কাহিনীও অনেক। ঐ যে ক্রুশচিন্সের আকারে ছড়িরে পড়েছে কতকগ্রলো তারা। এই নক্ষরপ্রঞ্জের নাম বকমণ্ডল। লোকে বলে স্বরং সর্বশক্তিমান দেবতা জেউস শ্বেতপক্ষীতে র্পান্তরিত হয়ে প্রিবীর মান্বের কাছে উড়ে আসছেন।

আর ঐ যে অপর্ব স্করে নক্ষরপ্ত কালপ্র্য। কালপ্র্য হল প্রাকাহিনীর এক অসমসাহসী শিকারী। কোন এক প্রকান্ড জন্তুর গায়ে সে লগ্ড়ে ছুড়ে মারে।





আকাশের আরেক দিকে ঘাপটি মেরে আছে বৃশ্চিক। এই নক্ষরপর্ঞ্জের দিকে তাকালে মনে হয় যেন অন্ধকারের মধ্যে ঐ খলপ্রকৃতির পোকাটার দাঁড়াগ্মলো জ্বলজ্বল করছে।

নক্ষরখনিত আকাশ — অসংখ্য গলপকথার এক মহাগ্রন্থ। গ্নে শেষ করা যায় না সেই সব কাহিনী।

কিন্তু গল্প গল্পই। আমাদের এখনও জানতে বাকি আছে আসলে তারারা কী।

মান্য এই নিয়ে বহুকাল অনেক ভাবনাচিন্তা করে। অনেকের ধারণা হয়েছিল তারারা হল ছাদের গায়ে কতকগ্লো ছোট ছোট ফুটো, যার ভেতর দিয়ে আলো প্রকাশ পায়।

আবার কেউ কেউ মনে করত ওগুলো আকাশের গায়ে গাঁথা সোনালি ও রুপোলি পেরেকের ছোট ছোট মাথা। তবে সকলেই এই ব্যাপারে একমত ছিল যে আকাশ একটা গদ্বুজাকৃতির কঠিন ছাদ। তার কারণ এই যে তারারা কখনও নিজেদের জায়গা ছেড়ে যায় না। দিনের পর দিন, বছরের পর বছর চলো যায়, কিন্তু কোন তারকাসমন্টির, কোন নক্ষরপ্রেজর এতটুকু পরিবর্তন দেখা যায় না। আর দেখেশুনে



মনে হয় কী দিয়ে যেন শক্ত করে আটকানো। যেন দেয়ালের গায়ে পেরেক গাঁথা।

আকাশের তারা যদি ফে'সোর মতো শ্নোই ভাসত তাহলে কোনমতেই যথাস্থানে টিকে থাকতে পারত না। নক্ষ্যপ্রেরও আকারের পরিবর্তন ঘটত। আর নক্ষ্যপ্রের যেহেতু এক জায়গায় শক্ত গাঁথা হয়ে আছে তার মানে আকাশ শক্ত। শক্তই যদি হয় তাহলে উড়ে আকাশের ঐ সীমানায় পে'ছানো যায়, তাকে হাত দিয়ে স্পর্শ করা যায়।

কিন্তু আসল মুশকিলটা হচ্ছে এখানেই যে সেকালের মানুষ উড়তেই জানত না; তাই আকাশ নামে ঐ ছাদটা আমাদের মাথার কতটা উচুতে আছে এবং সেটা কী রকম, তা বহুকাল তাদের পক্ষে যাচাই করে দেখাও সম্ভব হল না। লোকে জানতে পারল না ওটা কি পাথরের মতো শক্ত ও প্রু,? নাকি স্ফটিকের মতো, অথবা কাচের মতো পাতলা, ঠুনকো? কেনই বা দিনের বেলায় তা নীল আর রাতের বেলায় কালো?







আকাশ কি ছে'দা করা যায়?

এসো নীল আকাশকে ছে'দা করার চেষ্টা করে দেখা যাক। রকেটে চেপে বঙ্গে সোজা উধর্বপানে পাড়ি দিই!

রকেট গ্রেন্ধন শ্রে করে দিল, তার আওয়াজ ক্রমাগত বাড়তে বাড়তে শেষকালে কানফাটানো গর্জনে পরিণত হল; রকেট নড়েচড়ে উঠে স্বচ্ছন্দ গতিতে উধের্ব যাত্তা করল।

জানলার বাইরে প্থিবীটা নীচে নেমে বেতে লাগল। দেয়ালের যন্ত্রের কাঁটা উচ্চতা মাপে।

...এক কিলোমিটার... ১-৫ কিলোমিটার...২ কিলোমিটার...
মনে হর এখনি ব্রিথ আমরা মেঘের গায়ে গিয়ে থাকা খাব।
ভয়ে ব্রুক কে'পে ওঠে। কিন্তু না, কোন আঘাতই আমরা পাই
না। মেঘ নরম. যেন ধোঁয়া।

ওদিকে যন্তের কাঁটা এসে ঠেকেছে ৩ কিলোমিটারে।
চারদিক থেকে মেঘ এসে আমাদের ঘিরে ধরল। কী স্কুন্দর
এই মেঘের রাশি! ডিমের ফেটানো শ্বেতাংশের বিরাট বিরাট
পাহাড় বা তুলোর প্রকাণ্ড প্রকাণ্ড স্কুপের মতো।

মেছের ফাঁক দিয়ে নীচের মাটিতে দেখা বাচ্ছে ঘরবাড়ি, গাছপালা। অত উ'চু থেকে দেখায় খেলনার মতো।

আরও ওপরে উঠতে থাকি। ১০ কিলোমিটার উচ্চতা। আনেক নীচে ফেলে এসেছি মেঘের শুর। বাড়ির ওপর তলা থেকে রান্তার পাশে শুপোকার তুষার বেমন দেখায় এখন মেঘগুলোকেও তেমনি দেখাছে। মেঘের ফাঁকে ফাঁকে মাটি দেখা যাচ্ছে বটে, কিন্তু এখন আর ততটা স্পন্ট নয়, যেন কুয়াশায় ঢাকা। ঘরবাড়ি আর গাছপালা আলাদা করে চেনা বায় না, কেবল ছাই-ছাই রঙের ছোপ — বনজঙ্গল, মাঠ, সরোবর, শহর — সব একাকার।

আমাদের মাথার ওপরকার আকাশ হয়ে ওঠে পরিষ্কার ঝকঝকে। আকাশ এখন আর আসমানী নীল রঙের নয়, ঘন নীল।

এখন হয়ত 'ছাদের' নাগাল পেতেও আর দেরি নেই। রকেটের গাঁত কমিয়ে আনাই বোধহয় সমীচীন হবে, নইলে আমরা এমন জোর ধাক্কা খাব যে আর দেখতে হবে না!

এদিকে রকেট উড়ছে হৃ হৃ করে, দ্রুত, আরও দ্রুত। বৃক রীতিমতো দ্রুদ্রু করছে।

আছে। জানলা দিয়ে একবার দেখাই যাক না। হয়ত আমরা 'ছাদের' একেবারে কাছাকাছি চলে এসেছি? আরে দেখ, দেখ! এ কী কাণ্ড! নীল আকাশ আমাদের কাছে এগিয়ে ত আসছেই না, কেমন যেন অস্কৃত ভাবে গলে বাচ্ছে, গলে গলে পড়ছে। নীলের জায়গায় আকাশ হচ্ছে গাঢ় বেগনী রঙের, ক্রমেই গাঢ় থেকে গাঢ়তর হচ্ছে। উচ্চতা ৪০ কিলোমিটার!

আকাশ হচ্ছে প্রায় মিশকালো। যেন রাতের আকাশ।
এমনকি তারাও দেখা যাচ্ছে। ভর দ্বপ্রের, স্বর্ধ প্রেরদমে
আলো দিচ্ছে, আর স্বর্ধের পাশেই কিনা তারা!

কী ঘটল ? কোথায় গেল নীল আকাশ ?

আমাদের মাথার ওপর নেই। আমাদের ডান দিকে নেই, বাঁ দিকেও নেই। তাহলে কি নীচে? নীচের দিকে তাকিয়ে দেখি। মাটি ঠিক জায়গায়ই আছে। তার ওপরে মেঘ, যেন মেঝের ওপর তুলোর ছোট ছোট ডেলা। কিন্তু এই প্রথিবী, এই মেঘ — সবই ঘন নীল ধোঁয়ায় ঢাকা।

তাহলেই বোঝ কোথায় গেল সেই নীলাকাশ। নীলাকাশ আমাদের পায়ের নীচে! আমরা যখন ওপরে উঠছিলাম তখন আমাদের আগোচরে কোন এক সমর তাকে বি'ধেছি, ফু'ড়ে চলে গেছি তার ভেতর দিয়ে, যেন একটা ফুটো ছাদের ভেতর দিয়ে; চলতে চলতে এসে পে'ছিছি 'নীল আকাশের ওপরে'! দেখা যাচ্ছে প্থিবীর ঠিক কাছের নীল আকাশ যেন জলাভূমির ওপরে ভোরের কুয়াশার মতো। আর নীল আকাশটা যেমন ভাবা গিয়েছিল মোটেই তেমন প্র্ভ নয় — মাত্র তিরিশ কিলোমিটার খানেক। তাকে বি'ধানো আদো কঠিন নয়। তবে কিনা কোন ফুটোও থাকছে না। তা ধোঁয়া বা কুয়াশার মধ্যে ফুটো থাকেই বা কী করে?

তাহলে দাঁড়াচ্ছে এই যে আকাশ আছে দ্বটো — দ্বটো সম্পূর্ণ ভিন্ন ধরনের। একটা নীল, যেটা আমাদের কাছাকাছি, আরেকটা — কালো, ঐ আকাশের পেছনে, 'দ্বিতীয় সারিতে'।

অথচ আমরা কিনা ভেবেছিলাম একই 'ছাদ' দিনে আর রাতে রঙ বদলায়।

দেখা যাছে কালো 'ছাদটা' দিনের বেলায়ও কালো। সেটা দিন-রাত সব সময়ই নিজের জায়গায় আছে। তারাগ্রেলাও তার গায়ে সর্বক্ষণ জরলে। কেবল দিনের বেলায় নীলাকাশ তাকে আমাদের কাছ থেকে আড়াল করে রাখে।

তাহলে রাতের বেলা কোথায় যায় নীলাকাশ?

কোথাওই যায় না। কেবল রাতে হয়ে যায় স্বচ্ছ, অদৃশ্য।
নীল আকাশ হল বায়ৄ। এই সেই বায়ৄ যা তুমি আমি,
আমরা সকলে নিশ্বাসের সঙ্গে গ্রহণ করি, যাতে ডানা ভর দিয়ে
পাখিরা ওড়ে, এরোপ্লেন ওড়ে।

বায়, স্বচ্ছ, তবে একেবারে স্বচ্ছ নয়। তার ভেতরে বহু
ধ্বলা আছে। বখন অন্ধকার হয় তখন ধ্বলো দেখা য়য় না।
রাতে আমরা ধ্বলো দেখতে পাই না, তাই আমাদের মনে হয়
বাতাসই ব্বি নেই আমাদের মাথার ওপরে। কিন্তু দিনের
বেলায় বাতাস স্বের্র আলোয় আলোকিত। কোন ধ্বলিকণা
যখন বাতাসে ভেসে বেড়ায় তখন তার ওপর আলো পড়লে
ঝলমল করতে থাকে একটা ছোট ফুলকির মতো। বাতাস হয়ে
ওঠে ঘোলাটে।

একবার মনে করে দেখ, একটা অন্ধকার ঘরের মধ্যে সূর্বরিশ্ম এসে পড়বেল ধ্লিকণায় বাতাস কী রকম ঘোলাটে দেখায়।

কিন্তু সে যাই হোক, আমাদের মাথার ওপর ঐ যে
তারাভরা কালো আকাশ ওটা কী? ওটা অনেক দ্রে কি?
প্থিবী ছাড়িয়ে আরও দ্রে আমরা উড়তে থাকি।
অনেকক্ষণ ধরে চলি। উচ্চতা — ১০ হাজার কিলোমিটার।
অথচ তারাগ্লো এতটুকু কাছে এলো না। কিন্তু প্থিবীটাকে





এখান থেকে দিব্যি ভালো দেখা যাছে। আমরা দেখতে পাছি ভূম ডলটা ঠিক যেন একটা সংক্ষা নীল মসলিন কাপড়ে জড়ানো। তার সর্বাঙ্গ জন্ডে সংক্ষা নীল আবরণের ঢল নেমেছে।

আমাদের এখন আর ব্রুতে বাকি থাকে না এটা কী। এটা হল ঘোলাটে বাতাস।

এই আবরণটার ভেতরে, ঠিক প্থিবীর বৃকে যারা আছে তাদের কাছে এটা নীল আকাশ। এখন তারা ওখানে, 'চাঁদোয়ার' নীচে তারাদের দেখতে পায় না, কিন্তু আমরা দেখতে পাই।

বায়ার আবরণ বাইরে থেকে ধাঁরে ধাঁরে মিলিয়ে যায়। তবে প্রথিবাঁ থেকে তিন হাজার কিলোমিটার দ্রছে পর্যস্তও বায়া, আছে। অবশ্য সে বায়ার স্তর একেবারেই হালকা।

আরও ওপরে?

আরও ওপরে বাতাস একদম নেই। সেখানে বিরাজ করছে শুন্যুতা।

শ্ন্যতা বলতে কী বোঝার? বারা্র সঙ্গে শ্ন্যতার তফাত কোথার?

আসলে তফাতটা বৈশ বড় রকমের।

বাতাসে আমরা নিশ্বাস নিতে পারি। শ্ন্যুতার মধ্যে নিশ্বাস নেওয়া সম্ভব নয়। শ্ন্যুদেশে আমাদের নিরাপন্তায় পরতে হয় এক বিশেষ ধরনের রবারের পোশাক। কাঁধে-ঝোলানো সিলিপ্ডার থেকে ভেতরে বাতাস ছাড়তে হয়।



বাতাস ঠাপ্ডা হতে পারে, আবার গরমও হতে পারে। তাই বাতাসে অনেক সমর আমাদের ঠাপ্ডা লাগে, অনেক সমর গরম লাগে। কিন্তু শ্নাতার সব সমর একই রকমের ঠাপ্ডা। সেখানে বেশ গরম করে শরীর জড়াতে হয়। হিমের সময় ধ্নির সামনে যেমন লাগে শ্নাতারও অবস্থাটা হয় তেমনি। এক দিক থেকে স্য তোমাকে প্রিড়রে দিচ্ছে আবার অন্যদিক থেকে তারাভরা কালো আকাশ তোমার ওপর ঠাপ্ডা নিশ্বাস' ছাড়ছে।

নিব্যত নিষ্কম্প আবহাওয়ায় সামনে একটা পাখির পালক ছু'ড়ে দেখ — পালকটা উড়বে না, সঙ্গে সঙ্গে সামনে এসে পড়ে গাবে। বায়ার বাধা থাকায় উড়তে পারে না। কিন্তু শুনাতায় সে বাধা নেই। সেখানে আমাদের পালকটা অনেক অনেক দুরে চলে যাবে, যেন ওটা কোন ভারী লোহার জিনিস।

বাতাসে পাখিরা ওড়ে। শ্ন্যতায় তাদের হাঁটতে হত মাটিতে। ডানা সেখানে কোন কাজে লাগে না। সেখানে তাদের অবলন্বন করার মতো কিছু নেই। এরোপ্লেনও উড়তে পারে না শ্ন্যতার মধ্যে।

বায়নুর প্রলেপ লাগানো ভূমন্ডলের চারপাশের এই শ্নাতাকে বলা হয় মহাশ্না। সাধারণভাবে তাকে নিছক মহাকাশ' নামেও অভিহিত করা হয়।

এখন দেখা বাচ্ছে এই শ্নাতার মধ্যে আমরা যে কোন দিকে, যতদ্রেই ষাই না কেন, এক মাস, এক বছর, এমনকি হাজার বছর উড়লেও শ্নাতার শেষে, মহাকাশের শেষে, 'কালো ছাদটার' শেষে আমরা কস্মিনকালে পে'ছাতে পারব না।

মহাকাশের বৃকে প্থিবী হল অক্ল সম্দ্রে ভাসমান একটি দ্বীপের মতো।

মহাকাশে আরও 'দ্বীপ' আছে। প্রথিবী থেকে তাদের দেখা যায়। তারা হল চন্দ্র-স্থা-তারা। এদের কাছে পে'ছানো যায়। কিন্তু এদের পরেও আবার আছে সেই শ্নাতা।

শ্ন্যতার কোন শেষ নেই। 'কালো ছাদ' বলে আদৌ কিছ্ব নেই — না পাথরের না স্ফটিকের।

এই কারণে ছে'দা করা বায় কেবল নীলাকাশটা। সে কাজটা মোটে কঠিন নয়। এই নীলাকাশ আমাদের খুবই কাছে। আর তা 'কোমল' — ধোঁয়ার মতো, কুয়াশার মতো।



স্য আর চাঁদ কিসে তৈরি?

লোকে একেবারে হালে মহাকাশে ওড়া শ্রু করেছে।
মহাকাশে প্রথম যান ইউরি গাগারিন। ১৯৬১ সালে। তার
পর থেকে বেশ কিছু সোভিয়েত ও মার্কিন মহাকাশচারী
ওখানে গেছেন।

কিন্তু এরকম বিপদসঙ্কুল বাত্রার মান্বকে পাঠানোর আগে মহাকাশ সম্পর্কে অন্তত কিছু জানা দরকার ছিল।

রাতের কালো আকাশ কী, চন্দ্র-স্থা-তারা কী — মান্ধ প্থিবীতে বসে এসব কী করে জানতে পারল? কেননা আকাশের দিকে যতক্ষণ খুলি চেয়ে দেখ না কেন, এমনকি যদি সারারাত ধরেও চেয়ে দেখ তব্ আকাশকে তোমার মনে হবে যেন একটা ছাউনি, স্থা আর চাদ — জবলজবলে চ্যাপ্টা চাটু আর তারাগালো — নিছক কতকগালো উল্জবল বিন্দ্র। কী ভাবে ওদের আরও ভালো করে নিরীক্ষণ করা যায়?

কাগজের গুপর একটা কালির বিশন্ন বসালে আতস কাচ
দিয়ে সেটা নিরীক্ষণ করে দেখতে পার। কথনও চেন্টা করে
দেখেছ কি? অর্মানতে, খালি চোখে দেখতে পাচ্ছ নেহাৎ
একটা ছোট্ট বিশন্। কিন্তু আতস কাচের ভেতর দিয়ে দেখ —
একটা বড় ধ্যাবড়া চাপাটির মতো। আর কাগজটা এখন
আগেকার সেই মোলায়েম কাগজ নয়, এ যেন আগাগোড়া
আঁশ-আঁশ একটা খসখসে পশ্মী কাপড়।

আতস কাচের ভেতর দিয়ে তোমার নিজের আঙ্কল একবার দেখ, মনে হয় যেন বিশাল, মোটা। আঙ্কলের প্রতিটি ভাঁজ আর রেখা স্পন্ট দেখা যাচেছ।

কিন্তু কাগজের ওপরে বিন্দ্ব আর নিজের হাতের আঙ্বল— এসবই হল কাছের বস্থু। আতস কাচ তাদের সামনে আনা যায়। কিন্তু আকাশের কাছে নিয়ে যাবে কী করে?

তবে দেখা যাচ্ছে আকাশের জন্যও আতস কাচ আছে।

তোমরা কখনও বাইনোকুলার দিয়ে তাকিরে দেখেছ কি? সম্ভবত দেখেছ। বাইনোকুলার — এও কিন্তু এক ধরনের আতস কাচ, কেবল তফাত এই যে তাকে 'ঠিক আঙ্বলের সামনে' নিয়ে আসতে হয় না। বাইনোকুলার দিয়ে আমরা দ্বেরর সমন্ত জিনিস নিরীক্ষণ করতে পারি।

বাইনোকুলার দিয়ে রাস্তার ওপাশে তাকিয়ে দেখ। সব যেন কাছে চলে এসেছে, অনেক বড় হয়ে উঠেছে। তাই না?

ছোট ছোট অপেরা প্লাদে (বড় থিয়েটার-হল্-এ দ্রের সারি থেকে দেখার জন্য এক ধরনের বাইনোকুলার) দেখার জিনিস মোটাম্টি তিনগাণ কাছে চলে আসে। বড় বড় বাইনোকুলারে, যেমন, নাবিকদের কাছে যে বাইনোকুলার থাকে, তাতে আসে আটগাণখানেক কাছে। এ ধরনের বাইনোকুলার দিরে দেখলে চাঁদকে মনে হবে বিশাল, মনে হবে আমরা যেন চাঁদের আটগাণ কাছে এগিয়ে এসেছি। এমনকি চাঁদের গায়ের নানা ধরনের বহু ছোট ছোট এমন সব ছোপ চোখে পড়ে যেগালো আমরা আগে কখনও দেখি নি।

আচ্ছা যদি আমরা একটা মস্তবড়, আলমারির সমান বিরাট একটা বাইনোকুলার তৈরি করি তাহলে কেমন হয়? ওরকম বাইনোকুলার দিয়ে চাঁদ হয়ত আরও কাছে দেখা যাবে? একেবারে নাকের ডগায়? হাাঁ তা ত বটেই।

এমনকি ডান চোখ আর বাঁ চোখের জন্য একজোড়া বাইনোকুলার করারও দরকার নেই। এক চোখেও আকাশ দেখা বায়।





মান্য তাই 'একচক্ষ্ব বাইনোকুলার' তৈরি করল — এমনকি আলমারির সমান আকারের নয়, প্রোপ্রি একটা বাস-এর সমান।

কাচ লাগানো এই বিশাল চোঙটার নাম দেও<mark>য়া</mark> হল টেলিস্কোপ।

এই যদ্রটা এত পেল্লায় যে বলাই বাহ্বা জনা বিশেক লোকেরও সাধ্য নর তাকে হাতে ধরে তুলতে পারে। তাই একটা মন্তবড় মজব্ত দট্যাশ্ডের ওপর তাকে রাখতে হয়। তাকে আর হাত দিয়ে এদিক ওদিক ঘোরানো যায় না, ঘোরাতে হয় ইলেক্ট্রিক মোটর আর বহু খাঁজ-কাটা চাকার সাহাযো।

প্রতিটি টেলিস্কোপের জন্য তৈরি করতে হর আলাদা আলাদা একেকটা পাকা দালান, গোলাকার বিরাট বুরুজ।

এ ধরনের ব্রুজের ছাদ ইচ্ছেমতো নড়ানো যায়। আকাশ দেখার দরকার হলে ছাদটা টেনে সরিয়ে দেওয়া হয়। কাজ শেষ হওয়ার পর জায়গা ছেড়ে চলে যাওয়ার আগে ছাদটা আবার ঢেকে দিলেই হল, যাতে ব্লিট পড়ে টেলিস্কোপ ভিজে না যায়।

टिनिटन्काथ এकठा कठिन उ माभी किनिम।

কিন্তু তাহলেও যে-কোন জিনিসকে টেলিস্কোপ যে কী দার্ণ বড় করে দেখায় তা যদি তোমরা জানতে! করেক শ', এমনকি হাজার গ্ল বড় করে দেখায়! এ ধরনের টেলিস্কোপ দিয়ে এক কিলোমিটার দ্র খেকে বই পড়া যায়! বইটাকে দেখে মনে হবে যেন এক পা দ্রে আছে!

টোলস্কোপ নামে পরিচিত এই রকম অপর্বে চোঙের সাহায্যে লোকে গোটা আকাশটা বেশ করে দেখে নিল। খ্রিটিয়ে খ্রিটিয়ে সূর্য, চাঁদ আর তারা দেখল।

প্রথিবীর চারধারে কী কী আছে সে বিষয়ে আকর্ষণীয় অনেক কিছা লোকে জানতে পারল।

টেলিস্কোপ মান্ধকে আকর্ষণীয় অনেক বিবরণ দিল।

দেখা গেল স্থে একটা বিশাল গোলক। চাঁদও তাই। আর তারারাও বিশাল বিশাল গোলক। তারাগ্লোকে ছোট ছোট বিন্দ্র মতো দেখার একমার এই কারণে যে ওরা আরও অনেক অনেক দ্রে আছে।

বহু কিলোমিটার দ্বে থেকে রাস্তার একটা বড় বাতিকেও ত এইটুকু একটা বিন্দ্রর মতো দেখায়। তাই না?

মহাকাশে যে সমস্ত গোলক আছে তাদের সকলকে বলা হয় 'জ্যোতিম্কমণ্ডলী'। তাদের একটার সঙ্গে আরেকটার অনেক তফাত। যেমন ধরো স্থা। স্থা একটা আগ্নের গোলা, স্লেফ আগ্নের গোলা। তার ভেতরে শক্ত কিছ্ই নেই। স্থের সমান বড় কোন দত্যি থাকলে সে অনায়াসে ধ্নির আগ্নের গোলার মতো স্থাকে একটা কাঠি দিয়ে ফুড়তে পারত। তাতে কাঠিটা সঙ্গে সঙ্গে দপ করে জনলে প্রড়ে যেত। স্থের কিছুই হত না।


তারাদের সঙ্গে আমাদের স্থের বেশ মিল আছে। ওরাও আগ্রনের তৈরি। স্থের মতো ওরাও আগ্রনের গোলা। তাদের মধ্যে অনেকে আবার স্থের চেয়েও বড়।

আসল কথা হল স্থ আমাদের অনেক কাছে। তাই তাকে বড় মনে হয়। এই কারণেই স্ব উল্প্রেল আলো দের, আর প্রচণ্ড তাপ বিকিরণ করে। আর তারারা স্থের তুলনায় আমাদের কাছ থেকে অনেক দ্রে। এই কারণেই তাদের আলো ক্ষীণ, আর উত্তাপও এতটুকু নেই।

চাঁদও গোলক। তবে চাঁদ পাথ্রে গোলক, কঠিন, ঠান্ডা। প্থিবীর মতো চাঁদ নিজে আলো দেয় না। ঠান্ডা পাথর কি আর বাতি হতে পারে? আকাশে চাঁদকে দেখা যায় একমাত্র এই কারণে যে সূর্য তাকে আলোকিত করে। সূর্যের আলো নিভিয়ে দাও, চাঁদও নিভে যাবে।

একটা কাগজের টুকরোর ওপর চাঁদ, প্থিবী আর স্থাকে পাশাপাশি আঁকা যাক। চাঁদ আর প্থিবীর জায়গা হবে, কিন্তু স্থের হবে না। তাকে আঁকতে হব আলমারির সমান করে। তাহলে ব্রুতেই পারছ প্থিবী আর চাঁদের তুলনায় স্থাকত বড়।

মহাকাশে জ্যোতিত্বমত্বলী প্রস্পরের কাছ থেকে বহু দুরে অবস্থান করছে। আমাদের বিপ্ল ভূমণ্ডলকে যদি একটা ছোটু কুলের আকারে কল্পনা করা যায়, তাহলে তার তুলনায় মটর দানার সমান আকারের চাঁদকে রাখতে হয় আধ মিটার দুরে; আর সেক্ষেরে আলমারির সমান আকারের সুর্যকে রাখতে হবে প্রথিবী থেকে ২০০ মিটার দুরে।





আর স্থের মতোই আলমারিসমান আকারের সবচেয়ে
কাছের তারাটির অবস্থানস্থল হবে মহাসাগরের অপর পাড়ে,
আমেরিকার বা অস্টেলিয়ায়, ঐ রকম কোথাও।

তাহলেই দেখতে পাচ্ছ জ্যোতিত্কমণ্ডলীর পরস্পরের মধ্যে দ্বেদ্ব কী বিরাট!

আমাদের সবচেয়ে কাছে আছে চাঁদ। কিন্তু চাঁদে পে'ছি,তে 'তু-১৫৪'-র মতো শক্তিশালী জেট প্লেনেরও লেগে যাবে দু'সপ্তাহ, তাও আবার অবিরাম গতিতে চললে।

লেনিনপ্রাদের মতো একটা শহরের কথাই মনে মনে কল্পনা কর না কেন। এই এত বড় শহরটার এ প্রান্ত থেকে ও প্রান্ত হে'টে পার হতে গেলে অবিরাম গতিতে চলতে হবে ঘণ্টা পাঁচেক। রাজপথের ওপর দিরে গাড়ি হাঁকিয়ে চললে পার হতে সময় লাগে পনেরো মিনিট। আর 'তু-১৫৪' জেট প্লেন আকাশপথে ঐ দ্রেছ পার হবে দেড় মিনিটে। একবার ভেবে দেখ কত দ্রুত ওড়ে!

ঐরকম গতিবেগেও কিনা চাঁদে পে ছিবতে লেগে যাবে দ্'সপ্তাহ! দেড় মিনিট কাটতেই প্ররো শহরটা পড়ে রইল পেছনে।
এক ঘন্টা কাটতে আমরা পেরিয়ে গেলাম চল্লিশটা লেনিনগ্রাদ।
চবিবশ ঘন্টায় এক হাজার লেনিনগাদ!

আর অমন দানবীয় পদক্ষেপে কিনা দ্ব'সপ্তাহ!

চাঁদ বেশ দ্রে! তাহলেও আর সমস্ত জ্যোতিত্কমশ্চলীর তুলনায় অনেক কাছে। এই কারণেই তাকে বলা হয় প্থিবীর উপগ্রহ।

বাকি সমস্ত জ্যোতিত্কমণ্ডলী, তোমরা দেখতেই পাচ্ছ বহুগুণ দুরে অবস্থান করছে।


এরোপ্লেনে চেপে স্বে যাওয়া সম্ভব হলে সময় লাগত ১৫ বছর! তার মানে প্লেনে যখন তোমরা চাপলে তখন স্কুলের ছাত্র, আর প্লেন থেকে যখন নামলে তখন ইয়া দাড়িওয়ালা, দাদা-খ্যুড়োর বয়সী।

আর তারারা যেখানে আছে সেখানে ঐ গতিবেগে পেশছনতেই পারবে না। পথের একেবারে শ্রের্তেই, থানিক দ্রে যেতে না যেতে ব্ডিয়ে যাবে।

কী বিপ্লে এই মহাকাশ!

অথচ দেখ, প্রোটাই বেমলেয় ফাঁকা, একটা 'শ্ন্যগর্ভ' শ্ন্যতা'!

কী করে এই শ্নোতার মধ্যে সূর্য ঝুলছে? চাঁদ কেন পড়ে না? প্রথিবীরই বা অবলম্বন কী?



মহাকাশের বস্থুপ্রঞ্জের অবলম্বন কী?

একটা বল্ হাতে তুলে হাতের মুঠি ছেড়ে দাও। বল্টা সঙ্গে সঙ্গে মাটিতে এসে পড়বে। বাতাসে ত আর ঝুলে থাকতে পারে না, তাই না? কোন না কোন অবলম্বন তার থাকা দরকার। হয় মেঝেতে পড়ে থাকবে, নয় জলে ভাসবে, নয়ত সুতোয় ঝুলবে।

প্থিবীতে সব কিছুই কিছু না কিছু অবসদ্বন করে থাকে। যদি অবসদ্বনের কিছু না থাকে তাহলে নীচে পড়ে খায়।

তোমরা বলবে, সত্যি নয়। গ্যাস-বেলনে অথবা হালকা ফে'সো ত মাটিতে নাও পড়তে পারে? ঠিক কথা। শুধ্ তা-ই নয়, তারা ওপরেও উঠতে পারে। কিছু তার একমাত্র কারণ এই যে গ্যাস-বেলনে ও ফে'সো বাতাসে ভর দিয়ে থাকতে পারে। তারা এতই হালকা যে বাতাসে ভাসে, যেমন কাঠের টুকরো একপাত্র জলে ভাসতে পারে। পাত্র থেকে জল ফেলেই দেখ না, কাঠের টুকরোটাও সঙ্গে সঙ্গে তলায় এসে ঠেকবে। বাতাসের ক্ষেত্রেও তাই। প্থিবী থেকে সমস্ত বাতাস ফাদ সরিয়ে নেওয়া সন্তব হত তাহলে যে সমস্ত বন্তু বাতাসে ভাসে সেগ্লোলা সব এসে ঠেকত বায়নুসম্দ্রের তলদেশে, সোজা ভাষায়, প্রথিবীর ব্কে। গ্যাস-বেলনে, ফে'সো সবই নীচে এসে পড়ত। পাথিরা উড়তে পারত না, এরোপ্লেনও পারত না। এর কারণ তারাও বাতাসে ভর করে আছে।

ভর দেওয়ার মতো কিছ; না থাকলে প্থিবীর যে কোন জিনিস নীচে পড়ে যায়।

কিন্তু মহাকাশে কোন অবলম্বন নেই। মহাকাশ শ্ন্য। ভূমণ্ডল সেখানে শায়িত থাকতে পারে না, ভেসে বেড়াতেও পারে না। কী করে আমাদের প্রথিবীর মতো, চন্দ্র-সূর্য-ভারার মতো এত বিশাল ভারী জিনিস কোন কিছ্বকে অবলম্বন না করে শ্নেয় থাকতে পারে?

ভূম-ডল পড়ে না কেন?

পড়ে না? কে তোমাদের একথা বলল?

আসল কথা ত এখানেই! প্রথিবী আমাদের নিয়ে সর্বক্ষণ পড়ছে, উড়ছে, উড়তে উড়তে গিয়ে নেমে যাচ্ছে একটা অতল খাদের ভেতরে।

কিন্তু এ কী রকম কথা? কোথাও পড়ে যাচ্ছে এমন একটা গোলকের ওপর বসে থাকা ত ভয়ের কথা। পড়ে যাওয়া মানেই শেষ পর্যন্ত কিছু একটার গায়ে আছাড় খাওয়া।



প্থিবী তাহলে কোথায় পড়ে? কোথায় গিয়ে তার আছড়ে পড়ার কথা?

এসো ভেবে দেখা যাক, মোটের ওপর সব জিনিস কোথায় গিয়ে পড়ে।

কোথায় আবার? নীচে! আর নীচ কোথায়? এ আবার কী অভূত প্রশ্ন! নীচ, মানে নীচে।

আচ্ছা এসো দেখি, গোটা প্থিবীটাকে একবার এংকে দেখা যাক। প্থিবী কি গোলক? হাাঁ, গোলক। এই গোলকটার ওপর সর্বত্র লোকজনের বাস? তা বৈ কি।

এখন আমরাও সব দিক থেকে ভূমশ্ডলের ওপর আঁকলাম চারটি ছেলে। ওদের চারজনের প্রত্যেকেরই বল্ প্থিবীর ব্বকে এসে পড়বে। ওরা চারজনই বলবে যে ওদের বল্ নীচে পড়েছে। কেবল একটা ছেলের বল্ 'নীচে' পড়ার সময়, আমাদের ছবি অন্যায়ী, বাস্তবিকই নীচে এসে পড়েছে। দ্বিতীয় ছেলেটির বল্ আমাদের ছবির প্র্তায় উড়ে গিয়ে পড়েছে ভান দিকে। ভৃতীয় জনের — বাঁ দিকে, আর চতুর্থ জনের নীচে ত পড়েই নি, উঠে গেছে ওপরে।

আবার পৃষ্ঠাটাকে উলটে দিলে চতুর্থ জনের বল্ পড়বে নীচে, আর প্রথম জনের উড়ে যাবে ওপরে।

তার মানে 'নীচ' হতে পারে নীচ থেকে, পাশ থেকে, ওপর থেকে — যেখানে খাশি।

'নীচ' অর্থ প্রথিবী, ভূমণ্ডল।

চুম্বক যেমন লোহার পেরেক আকর্ষণ করে ভূমশ্ডলও তেমনি চারপাশের সমস্ত কিছ্ আকর্ষণ করে নিজের দিকে। সভিয় বলতে গোলে কি কেবল ভূমশ্ডলই যে এমন লোল্পস্বভাবের তা বলা যায় না। বন্ধুমাত্রেই প্রস্পরকে আকর্ষণ করে। কিন্তু তাদের শক্তি বড়ই কম।

আলমারি সোফাকে নিজের দিকে আকর্ষণ করে, কিন্তু সে আকর্ষণ এতই ক্ষীণ যে কিন্সনকালে সোফাকে স্থানচ্যুত করা তার সাধ্য হবে না। এমন কি একটা বল্কেও নড়ানোর সামর্থ্য তার নেই।

বাড়ি আকর্ষণ করে আলমারিকে। কিন্তু তারও ক্ষমতা নেই আলমারিকে স্থানচ্যুত করে। পাহাড় আকর্ষণ করে বাড়িকে। কিন্তু পাহাড়েরও ক্ষমতা নেই বাড়িকে একচুল নড়ায়।

কিন্তু ভূমন্ডলের আকর্ষণশক্তি এদের সকলের চেয়ে বৈশি, এদের সকলকে সে এত জোরে আকর্ষণ করে যে সঙ্গে সঙ্গে লক্ষ না করে পারা যায় না। ভূমন্ডল আলমারিকে এত জ্যেরে টেনে ধরে রেখেছে যে আলমারি এক জায়গা থেকে আরেক জারগায় সরানোর চেণ্টা করেই দেখ না কেন! তোমরা বলবে ভারী — তাই ত? আর 'ভারী' — এর অর্থই হল 'প্রথিবী জোরে টেনে রেখেছে'।

হঠাৎ যদি ভূম ডল তার ওপরকার সমস্ত বস্তুর ওপর নিজের টান ছেড়ে দেয় তাহলে আলমারি মেঝে থেকে ওপরে উঠতে থাকত, ঘরের মধ্যে ভেসে বেড়াত, যেমন অ্যাকোয়ারিয়মের মধ্যে ভেসে বেড়ার মাছের খাবারের কুচি। আর সেক্ষেত্রে আলমারি ভারি না হয়ে হত গ্যাস-বেল্নের মতো হালকা। এই ভাবে বস্তুমারেই পরস্পরকে আকর্ষণ করে। কিন্তু টানাটানির খেলায় ষার শক্তি বেশি, যে বেশি বড় তারই জিত হয়। আর যে ছোট, তুলনায় দ্বেল সে উড়ে আসে শক্তিমানের দিকে, বড়র দিকে, তার ওপর এসে পড়ে।

এই কারণে ছোট সর্বদা বড়র ওপর পড়ে।

এবারে ফিরে আসা যাক সেই প্রশেন — মহাকাশে প্রথিবী নিজে কোথায় পড়ছে?

চাঁদের ওপরে? না, চাঁদ প্থিবীর চেয়ে ছোট। তারার ওপরে? তারারা বড় বেশি দরের। স্বর্যের ওপরে? হাাঁ, তাছাড়া কী? ছোট সব সময় বড়র ওপর পড়ে। আমাদের বিশাল প্থিবী স্বর্যের জ্লনায় একদম ছোট।

এই কারণে প্রথিবী **স্**র্যের ওপর পড়ছে।

কিন্তু এ যে ভয়ানক ব্যাপার! সূর্য হল একটা অগিগিণ্ড। এর অর্থ, আমাদের পূথিবী শিগাগিরই সূর্যের গায়ে আছড়ে পড়বে, আগ্রনের সম্প্রে ডুবে যাবে? আমরা চুল্লির মধ্যে পর্ড়ে মরব? ভয় পেয়ো না। পড়া মানেই কিছ্বে গায়ে আছড়ে পড়া নর। পাশ কাটিরেও পড়া যার।

খ্বিটির মাথায় ঘ্রস্ত চল্লের সঙ্গে বাঁধা দড়ি ধরে দোড়ানোর এক রকম খেলা আছে। খেলেছ কি? যদি খেলে থাক তাহলে নিশ্চয়ই জান যে খ্বিট থেকে খানিকটা দ্রের সরে গিয়ে স্লেফ যদি এক জারগায় দাঁড়িয়ে দ্ব'পা গ্রেটতে যাও তাহলে কী হবে? ছিটকে গিয়ে সোজা পড়বে খ্বিটর গায়ে, যেন খ্বিট তোমাকে টানছে। কিন্তু প্রথমে যদি ছুটে একপাশে সরে গিয়ে তারপর দ্ব'পা গ্রেটও? তাহলে খ্বিটর পাশ কাটিয়ে উড়ে যাবে।

ঐ রক্ম ভাবে যদি বন্ বন্ করে ঘ্রতে থাক তোমার কেবলই মনে হতে থাকবে যেন খ্রিটা তোমাকে তার দিকে টানছে। এই কারণে তোমার ওড়াটা সরল রেখায় হয় না, ভূমি বারবার খ্রির দিকে বাঁক নাও, তার দিকে এসে পড়। কিন্তু যেহেতু দ্রুত উড়তে থাক, তাই বাঁকটা আকস্মিক না হয়ে গড়ানে হয়।



সেই কারণেই কখনও খ্রিটর গায়ে গিয়ে পড় না, তার পাশ কাটিয়ে উড়ে যাও, তাকে প্রদক্ষিণ করে তার চারপাশে ঘুরতে থাক।

মহাকাশেও অনেকটা এই রকম ঘটে। সূর্য হল খাটি, আর প্রথিবী — তোমরা। প্রথিবী যদি এক জায়গায় দাঁড়িয়ে থাকত তাহলে সোজা পড়তে থাকত সূর্যের দিকে।

কিন্তু আসল ঘটনা এখানেই যে পূথিবী এক জায়গায় দাঁড়িয়ে থাকে না। প্রথিবী এক পাশে ছুটে যার ঠিক যেন গতিবেগ অর্জনের উদ্দেশ্যে, যাতে সূর্যের পাশ কাটিয়ে দুরে কোথাও চলে যাওয়া যায়। সূর্য তাকে নিজের দিকে টানে। প্রথিবীও সূর্যের দিকে ঘোরে। কিন্তু ঘোরে আন্তে আন্তে গড়ানে ভঙ্গিতে, যেহেতু ওড়ে খ্ব দ্ৰুত। এই কারণেই স্থের কাছাকাছি আসে না, স্লেফ তাকে প্রদক্ষিণ করে তার চারপাশ দিয়ে ঘুরে যায়। ঠিক ঐ খ্রাটর চারপাশে দড়ি ধরে ঘোরার মতো। কেবল মাঝে মাঝে তোমাকে দ্র'পারে নীচের জমিতে ঠেলা মারতে হবে বাতে গতি থেমে না বায়। তার কারণ এই যে থটির ওপরকার চাকাটা ভালোমতো ঘোরে না ঘষটা থায়। মুখে বাতাসের ঝাপটা লাগে, তোমাকে থামিয়ে দেয়। কিন্তু মহাকাশে পৃথিবীর গতি রুদ্ধ করার মতো কিছু নেই। সেথানে প্রতিকৃপ বায় প্রবাহ নেই, চাকায় বাঁধা দড়ি নেই, নেই খরখরে পথ। মোটকথা, কিছুই নেই সেখানে। কোন .এক কালে প্রথিবী ছিটকে এক পাশে সরে ষায় — এর বেশি আর কিছু, দরকার হয় না। তার পর থেকে আজ কোটি কোটি বছর ধরে প্রিথবী স্থেরি চারধারে ঘ্রছে ত ঘ্রছেই, থামতে আর পারে না।

ঐ একই ভাবে চাঁদও ঘ্রছে মহাকাশে। তবে সে স্থের চারধারে ঘ্রছে না, ঘ্রছে প্রিবরি চারধারে। প্রিবরী চাঁদের চেয়ে অনেক বড়। তাই চাঁদও পড়ছে তার চেয়ে বড় আমাদের এই প্রিবরি দিকে, কিন্তু পড়তে পড়তেও পড়ছে না, কেবলই তার পাশ দিয়ে উড়ে ষাচ্ছে। কারণ এই যে চাঁদও দ্রুত এক পাশে ছ্রটে চলে যায়, তাই তার পক্ষেও আকস্মিক বাঁক নেওয়া কঠিন। তাহলে দাঁড়াচ্ছে এই যে মহাকাশে চন্দ্র-স্থ-গ্রহ-তারা কারোরই কোন অবলম্বন নেই, সবই কোথাও না কোথাও পড়তে যাচ্ছে, কিন্তু পড়ছে পাশ কাটিয়ে। আর এইকারণে তারা সবাই ঘ্রছে, ঘ্রছে ত ঘ্রছেই। চাঁদ ঘ্রছে প্থিবীর চারধারে। প্রিবী ঘ্রছে স্থের চারধারে।


কিন্তু প্থিবী ও চাঁদের মতো স্থাও এক জারগায় দাঁড়িয়ে থাকে না। স্থা তারাদের মাঝখান দিয়ে অতল গহরুরের মধ্যে কোথাও গিয়ে পড়তে যাচ্ছে। এদিকে তারারা নিজেরাও ভাসছে শ্নোতার মধ্যে।

না, মহাকাশে এমন কোন জ্যোতিষ্কমশ্ডলী নেই, যে এক জায়গায় দাঁড়িয়ে আছে। সকলেই কোথাও না কোখাও ছ্টেছে। ভাগ্য ভালো বলতে হবে যে মহাকাশে জায়গার কোন অভাব নেই।

কিন্তু অবাক কাণ্ড! —আকাশের দিকে তাকালে মনেই হবে
না যে জ্যোতিত্কমণ্ডলী উড়ছে। চাঁদের কথাই ধর না কেন।
তাকে দেখলে মনে হবে যেন আকাশের গায়ে সাঁটা। এরকম
মনে হওয়ার কারণ এই যে চাঁদ আমাদের কাছ থেকে অনেক
দরের অবস্থান করছে।

তোমরা কথনও লক্ষ করে দেখেছ কি কোন জাহাজ যখন আমাদের কাছ থেকে দ্রে, দিগন্ত রেখার গায়ে, তখন সম্দ্রের ব্বেক সেটা কেমন গর্টি গর্টি এগিয়ে আসতে থাকে? অথচ জাহাজ কিন্তু তখন টেউ ভেঙে প্রচণ্ড বেগে ছ্টছে, এত বেগে যে তার সঙ্গে ছ্রেট ভূমি পাল্লা দিতে পারবে না। আবার দ্রে আকাশের গায়ে কোন এরোপ্লেনকে যখন একটা ছাট্ট বিন্দ্রে মতো দেখায় তখন তার গতি কী মন্থর বলেই না মনে হয়! আকাশে চাঁদ উড়ছে এরোপ্লেনের চারগর্গ বেগে। ধারণা করতে পার, আমরা যদি তার পাশে দাঁড়িয়ে থাকতাম, কী প্রচণ্ড বেগে সে আমাদের পাশ দিয়ে ছ্রেট বেরিয়ে যেত? অথচ দ্রে থেকে দেখলে মনে হয় কন্টেস্কেট গর্ডি মেরে চলেছে। এটা লক্ষ করা যায় কেবল তার প্রতিবেশী ছোট ছোট তারাদের দিয়ে।

চাঁদের তুলনার তারারা আমাদের চেয়ে বহু গুণ বেশি দুরে। এই কারণে তাদের একেবারে ন্থির মনে হয়, যদিও আসলে কিন্তু চাঁদের চেয়ে তারা অনেক বেশি দুতে গতিতে ওড়ে।





স্য কেন উদয় হয়, কেনই বা অন্ত যায়?

তোমাদের কী মনে হয়? — সূর্য ছাড়া আমরা বাঁচতে পারতাম কি? অবশ্যই না।

স্থা প্থিবীকে আলো দের, উত্তাপ দের। স্থোর উত্তাপ ছাড়া উন্তিদের বাজ অংকুরিত হতে পারে না, গাছপালা পল্লবিত হর না, মাঠ শ্যামল হর না। পশ্পাথি, পোকামাকড় সকলেই স্থোর কিরণে আনন্দিত হরে ওঠে। আর আমি ভূমি — আমরা, মান্বেরা যে আনন্দিত হব তাতে ত কোন সন্দেহই নেই।

সূর্য ছাড়া অন্ধকার, ঠা ডা, বিশ্রী। সমস্ত প্রাণিকুল চেণ্টা করে রাতের বেলায় লুকিয়ে থাকতে, ঘুমিয়ে ঠা ডা ও অন্ধকারটা কাটিয়ে দিতে। আবার যখন সূর্য ওঠে তখন সমস্ত প্রকৃতি জেগে ওঠে, সজ্বীবতা লাভ করে।

সুর্য হল প্রথিবীতে জীবনের উৎস। সুর্য সকলের দরকার। এই জন্য সমরণাতীত কাল থেকে লোকে সুর্যের উপাসনা করত, উত্তাপের জন্য তাকে কৃতজ্ঞতা জানাত, প্রতিদিন প্রভাতে তার উদয়কে স্বাগত জানাত।

প্রাচীন গ্রীকেরা সূর্যকে নিয়ে কী স্থানর কাহিনী রচনা করেছে দেখ।


মৃদ্রমন্দ বায় বইছে। পরে আকাশের রক্তিমাভা কমেই আরও উল্জান হয়ে উঠছে। দেখতে দেখতে উবাদেবী এওস, তাঁর গোলাপী আঙ্বলের স্পর্শে অবারিত করে দিলেন প্রবেশদ্বার; তার ভেতর দিয়ে অচিরেই নিচ্চান্ত হবেন ভাস্বর সূর্যদেব হেলিওস। গোলাপী আলোর বন্যার মৃদ্ধ উদ্ভাসিত আকাশে উজ্জ্বল গৈরিক পোশাকে সজ্জিত উষাদেবী গোলাপী ভানায় ভর করে উড়লেন। দেবী সোনার পার থেকে ধরণীর ব্বক শিশির ঢালেন। হীরা-ঝলমল বিন্দ্ধ বিন্দ্ধ শিশির এসে পড়ে ঘাস আর ফুলের ওপরে। সমস্ত ধরণী স্বাসে পরিপ্রিত। জাগ্রত ধরণী সানন্দে স্বাগত জানায় উদীয়মান স্থাদেব হেলিওসকে।

চার-পঞ্চিরাজ ঘোড়ায় টানা, দেবতা হেফেস্টাসের তৈরি সোনার রথে চড়ে ভাশ্বর স্থাদেব সাগরতীর থেকে নিজ্ঞান্ত হলেন আকাশের ব্কে। পাহাড়-পর্বতের শীর্ষদেশ উদ্ভাসিত হয়ে উঠল উদীয়মান স্থেরি আলোকরশ্মিতে। স্থাদেবকে দেখে তারারা দিকচক্রবাল থেকে পালাতে থাকে। একের পর এক গিয়ে মুখ স্ক্রোয় কালো রাত্রির ব্কে।

হেলিওসের রথ ক্রমেই ওপরে উঠতে থাকে। স্ব্রেদেবের মাথায় দীপ্ত মৃকুট, অঙ্গে লম্বা ঝলমলে পোশাক। আকাশপথে চলতে চলতে তিনি ধরণীর ওপর ঢালেন সঞ্জীবনী আলোকরশ্মি, ধরণীকে দান করেন আলোক, উত্তাপ আর জীবন।

দিনের পথবাত্রা সমাপনাত্তে স্থাদেব নামেন মহাসাগরের পতে সলিলে। সেখানে তাঁর জন্য অপেক্ষা করছে সোনার তরী। সেই তরীতে চেপে তিনি ফিরে চলে যান প্রে, স্থের দেশে, যেখানে আছে তাঁর অপর্প প্রাসাদ। স্থাদেব সেখানে রাতে বিশ্রাম করেন, পর্রাদন প্রভাতে আবার উদয় হন তাঁর প্রেদীপ্তি ও গৌরব নিয়ে।





এবারে আরও একটি কাহিনী শোনো। এটা রচনা করেছে কঠিন আবহাওয়াপ্র উত্তরের স্ক্যাণ্ডিনেভীয় দেশগ্লোর অধিবাসীর।

অনেক অনেক কাল আগেকার কথা। সেই সময়কার কথা যখন না ছিল সূর্য না ছিল চাঁদ — তাদের কোন চিহ্নই ছিল না। প্থিবীতে তখন রাজত্ব করত চিররাহির আঁধার। আর যেহেতু সূর্য ছিল না সেই হেতু গাছপালা শ্যামলিমা ধারণ করত না, ফুল ফুটত না, মাঠে পালারঙের ঘাস জন্মত না।

তখন ওডিন নামে এক শক্তিমান দেবতা আর তাঁর ভাইরের। আগ্রনের দেশে গিয়ে সেখান থেকে আগ্রন নিয়ে এলেন। সেই আগ্রন থেকে ওডিন গড়লেন স্ব্র্য আর চাঁদ। স্ব্র্য আর চাঁদ দেখতে এত স্ক্রের হল যে অমন স্ক্রে জিনিস এর আগে দেবতা বা মায়াবী কেউই কখনও বানাতে পারেন নি।

এবারে যে কাজটি বাকি রয়ে গেল তা হল এমন কাউকে থ'জে বার করা যে সূর্য আর চাদকে আকাশ পথে নিয়ে ঘুরবে।

সেই সময় প্থিবীতে একজন লোক বাস করত, তার ছিল এক ছেলে আর এক মেয়ে। দ্'জনেরই রুপের কোন তুলনা হয় না। ছেলে আর মেয়েকে নিয়ে তাদের বাবার গর্বের অন্ত ছিল না। তার ধারণায়, প্থিবীতে ওদের চেয়ে স্কার আর কিছুই থাকতে পারে না।

বাপ যথন দেবতাদের অপ্রে স্থির কথা জানতে পারল তখন সে তার মেরের নাম দিল স্ল্, অর্থাৎ স্র্র, আর ছেলের নাম দিল মানি, অর্থাৎ চাদ।

লোকটার এ রকম ঔদ্ধত্য দেবতাদের বরদাস্ত হল না। তাঁরা ওকে এর জন্যে কঠিন শাস্তি দিলেন।

দেবতা ওডিন স্বল্ আর মানিকে আকাশে নিরে গেলেন, স্বর্থ আর চাঁদ — এই দ্বই স্বর্গাঁর জ্যোতিকে নিরে আকাশপথে নিরমিত মুরতে বাধ্য করলেন ওদের।

এর পর থেকে স্ল্রথের সামনের আসনে বসে একজোড়া সাদা ঘোড়া চালায়। রোজ সে আকাশপথে স্থাকে নিয়ে ঘোরে, কেবল রাতের বেলায় সামান্য একটু বিশ্রামের অবকাশ পায়।

এদিকে ওর ভাই মানি আরেকটা রথে রাতের বেলায় চাঁদকে নিয়ে ঘোরে।

এর পর থেকে মাঠে দিব্যি শ্যামল শস্য ফলে, বাগানে ফল

রসে টেটম্ব্র হয়ে ওঠে, পাহাড়-পর্বতে শ্যামল অরণ্যের মর্মরধর্নন ওঠে। মান্য আনন্দ পায়, দেবতাদের কৃতজ্ঞতা জানায়।

কিন্তু ভাই-বোন অনেক সময় মনের দৃঃথে কাঁদে। যথন তারা কাঁদে সেই সময় আকাশে সূর্য আর চাঁদ ঝাপসা দেখায়।

আচ্ছা, কিন্তু আসলে কি স্বর্ণ নড়াচড়া করে? কেন তার উদয় ও অন্ত হয়, কেন সে সর্বক্ষণ ঝুলে থাকে না আকাশের এক জায়গায়?

তোমাদের মনে আছে কি কোন এক সন্ধ্যায় একটা বিশাল উজ্জ্বল বাতির পাশে নাগরদোলায় দোল খণ্ডেয়ার কথা? বাতিটা নাগরদোলার সামনে দেখা দিল, দ্রত পাশ কাটিয়ে চলে গেল, তার পর চলে গেল নাগরদোলার পেছনে। কিছুক্লণের জন্য বাতির কোন পান্তাই নেই, অন্ধকার। তার পর ফের এসে দেখা দিল, পাশ কাটিয়ে যেতে যেতে তেঃমাদের ওপর আলো ফেলে, আবার চোখের আড়াল হয়ে গেল।

অথচ দেখ, আসলে কিন্তু বাতি নড়াচড়া করে নি। এক জারগার থেকে আলো দিচছক। ঘ্রছিল নাগরদোলা, সেটাই তোমাদের কখনও আলো থেকে আড়াল করছিল কখনও বা আবার আলোর মধ্যে এনে ফেলছিল।

প্থিবীতে লোকের অবস্থাও এই রকম। মহাকাশে ভূমণ্ডল যে নিছক স্থের চারধার দিয়ে ওড়ে এমন নয়। ভূমণ্ডল ওড়ে এবং সেই সঙ্গে নাগরদোলার মতো ঘ্রপাকও খায় — কখনও স্থা থেকে আমাদের আড়াল করে, কখনও বা আমাদের নিয়ে আসে স্থের আলোর দিকে।

িকিন্তু আমাদের মনে হয় প্থিবী ব্রিঝ এক জায়গায় আছে আর সূর্য আমাদের চারপাশে ঘ্রছে।

আমাদের এরকম মনে হওয়ার কারণ এই যে ভূমশ্ডল বিরটে, নিরেট। এরকম একটা প্রকাশ্ড ভারী জিনিস সাধারণ কোন লাটিমের মতো বন্ বন্ করে ঘ্রতে পারে না। সে ঘ্রতে থাকে ধারে ধারে মন্থর গতিতে, কোন রকম ক্যাঁচকোঁচ আওয়াজ ও ঝাঁকুনি ছড়োই।

নিজের অক্ষরেথার ওপর এক পাক ঘ্রে আসতে ভূমণ্ডলের লাগে প্রো চন্বিশ ঘণ্টা। এই কারণে তার ঘোরা আমাদের নজরেই পড়ে না।

বড় একটা জাহাজে করে যখন সম্দূপথে ঘোর তখনও কিন্তু লক্ষ করতে পার না কখন সেটা ঘ্রুরছে।

অবশ্য এটা ঠিক যে তীরভূমি দ্ছিটগোচর হলে তাকে দেখে বাঁক বোঝা যায়। কিন্তু তীরভূমি যদি দেখা না যায়? যদি জাহাজটা মাঝসমন্দ্রে চলতে থাকে? সেক্ষেত্রে কেবল স্থেরি সাহাযোই লক্ষ করা যায় যে জাহাজ বাঁক নিল। ধরো ডেকের যে দিকটাতে ছায়া পড়েছে সেই দিকে বসে থাকতে থাকতে হঠাং তোমরা দেখতে পেলে তোমাদের গায়ের ওপর রোদ এসে পড়ছে। তার মানে জাহাজ তোমাদের ডেকটাকে স্থেরি দিকে ঘ্রিয়ের মোড় নিচছে।

ভূমণ্ডলের বেলায়ও তাই।

সূর্য যথন বাড়িঘরের মাথার পেছন থেকে বা পাহাড়ের পেছন থেকে ওঠে তথন একবার মনোযোগ দিয়ে লক্ষ করে দেখো। মনে হবে সূর্য আকাশের গায়ে ধারে ধারে ধারে গাড়ে মেরে উঠছে। আসলে কিছু বিশাল একটা জাহাজের মতো আমাদের ভূমণ্ডলটা সূর্যকিরণের নাচে ধারে ধারে ঘারছে। প্থিবীর ষেই অর্ধভাগ স্থের দিকে মূথ করে আছে, সূর্য কেবল তাকেই আলোকিত করে। বাকি অর্ধাংশে সেই সময় অন্ধকার। সেখানে তথন রাত। তারপর ভূমণ্ডল যথন ঘ্ররে যায় তথন যেখানে দিন ছিল সেখানে নেমে আসে রাত, আর যেখানে ছিল রাত সেখানে নামে দিন।

ভূমণ্ডল কী ভাবে ঘ্রছে তোমরা যাতে আরও স্পণ্ট ব্রত পার তার জন্য ছবিতে আমরা ভূমণ্ডলকে একটা অক্ষদণ্ড দিয়ে এ ফোঁড় ও ফোঁড় করেছি। আসলে কিন্তু অক্ষদণ্ড বলে কিছ্ নেই। এই রেখাটিকে আমরা কল্পনা করেছি মার।

প্থিবীর যে যে প্রান্তে এই কল্পিত অক্ষদশ্ডটি বেরিয়ে থাকার কথা তাকে বলা হয় মের্। ওপরের বিন্দ্টা উত্তরমের্, নাচেরটা দক্ষিণ মের্। আর দৃই মের্র মাঝখানে, ভূমশ্ডলের মধ্যদেশের নাম হল নিরক্ষবন্ত।

আমরা বাস করছি ভূম-ডলের ওপরকার অর্ধাংশে, নিরক্ষবৃত্ত ও উত্তর মের্র মাঝখানে। এই অর্ধাংশের নাম উত্তর গোলার্ধ। স্থাকে ঘ্রে যেতে প্থিবীর অনেক সময় লাগে। প্রেরা একটা বছর লেগে যায় স্থের চার্নাদকে এক পাক ঘ্রতে। এই সময়ের মধ্যে নিজের অক্ষদভের ওপরে প্থিবী পাক খার, ৩৬৫ বার। এই কারণে বছরে আছে ৩৬৫টি দিন আর ৩৬৫টি রাত।

স্থের মতো চাঁদও প্রতিদিন ওঠে, প্রতিদিন অন্ত যায়। যদি তোমরা বেশ মন দিয়ে তারাদের দিকে তাকিয়ে দেখ তাহলে লক্ষ করবে যে তারাভরা প্ররো আকাশটাও যেন খ্ব আস্তে আস্তে ঘ্রছে। কোন একটা উল্জ্বল তারার দিকে ভালো করে নজর দিয়ে দেখ। তারাটা এখন এখানে। এক ঘণ্টা সময়ের মধ্যে সে নজরে পড়ার মতো স্থান পরিবর্তন করবে। আর

অক্ষদণ্ড উত্তর মেরু



আগামীকাল ঠিক এই একই সময় প্রেরা একটা পাক দিয়ে আসার পর তাকে ফের দেখা যাবে তার আগের জায়গায়।

এটা ঘটার কারণ এই যে প্থিবী সব সময়ই ধীরে ধীরে ঘোরে। আমরা এই বিশাল নাগরদোলাটার বসে তার সঙ্গে সঙ্গে ঘ্রপাক খাই। আমাদের তাই মনে হয় আমাদের চারধারে গোটা প্থিবীটা, গোটা মহাকাশ ঘ্রপাক খাচ্ছে।

এখন কল্পনা করে দেখো নাগরদোলার মাধার, তার ছাদের ওপরে যেখানে সচরাচর একটা নিশান থাকে তোমরা সেখানে চড়ে বসলো। নাগরদোলা ঘ্রপাক খাচ্ছে আর তোমরা মাথা উর্চু করে আকাশ দেখছ। তোমাদের চারদিকে ঘরবাড়ি গাছপালা ছ্টছে। কিন্তু সরাসরি তোমাদের মাধার ওপরে যে আকাশ, তা এক জয়েগয়ে স্থির হয়ে আছে। দেখে মনে হয় যেন এখানে 'পেরেক' পোঁতা হয়েছে, বাদবাকি আর সব কিছ্ম পিচবোডের ওপর আঁকা, আর পিচবোডে এই 'পেরেকটার' গায়ে আঁটা হয়ে ঘ্রপাক খাছে।

প্রিবরি মের্ নাগরদোলার মাথার মতো। আমরা যদি মের্প্রদেশে থাকি তাহলে মের্তারা বা ধ্বতারা সরাসরি আমাদের মাথার ওপর দেখতে পাব। তোমাদের মনে আছে আমরা এর কথা বলেছিলাম? তাহলে দেখতে পাচ্ছ এই সেই 'পেরেক'।

ভূমণ্ডল ধীরে ধীরে ছোরে। আমাদের মাথার ওপরকার প্রেরা আকাশটা যেন ঘ্রপাক খেতে খেতে আমাদের দিকে এগিয়ে আসছে। কিন্তু ধ্রতারা একই জায়গায় স্থির হয়ে আছে। তারাভরা আকাশকে সম্পূর্ণ অন্যরকম দেখাবে যদি আমরা মের্প্রদেশ থেকে সরে আসি নিরক্ষবৃত্তে। এখান থেকে ধ্বতারা দেখলে মনে হবে যেন উত্তরমের্র দিককার দিগন্তের ওপর ন্থির হয়ে পড়ে আছে। নিরক্ষবৃত্তে দাঁড়িয়ে যদি আমরা প্রের দিকে তাকাই তাহলে দেখতে পারি থিয়েটারের বিশাল পদার মতো তারাভরা আকাশ তার মহিমাদীপ্ত রুপ নিয়ে ওপরে উঠে যাচছে; এদিকে পশ্চিমে তারাগ্রলা ঠিক একই রকম খাড়াভাবে নেমে যাচছে দিগন্তের দিকে।

নিরক্ষব্তে স্থা ও চাঁদ কী ভাবে অস্ত যায় তা দক্ষ করাও কৌত্হলোদ্দীপক। তারাদের মতো স্থা আর চাঁদও নেমে যায় একেবারে খাড়াভাবে। দেখে মনে হয় কেউ যেন তাদের একটা স্তোয় ঝুলিয়ে রেখেছিল, এখন চুবোচ্ছে দিগন্তের ওপাশে।

আমরা যেখানে বাস করি সে জারগাটা মের,প্রদেশও নর, নিরক্ষব্তুও নর। আমরা বাস করি মাঝখানে। তাই প্রবতারাও আমাদের মাথার ওপর দেখা যায় না, দেখা যায় তার থেকে থানিকটা নীচে। এই কারণে আমাদের এই অংশে চন্দ্র-সূর্য যখন ওঠে তখন মনে হয় বেন পাহাড়ের ঢাল বয়ে আন্তে আন্তে ওপরে উঠছে, আবার অস্ত বাওয়ার সময় ঢাল বয়ে গড়িয়ে গড়িয়ে নামে।

এই বে সমস্ত ঘটনা ঘটছে, তার কারণ প্রথিবী একটা গোলক, আর সেই গোলকটা ঘ্রপাক থাছে।





গ্রীষ্মকালে স্থেরি তাপ বেশি কেন?

শীতকালের চেয়ে গ্রীষ্মকালে স্থের তাপ কেন বেশি হয়? গ্রীষ্মকালে প্রথিবী কি তাহলে স্থের থানিকটা কাছে চলে আসে? তা-ই যদি হত তাহলে গ্রীষ্মকালে আকাশে স্থ শীতকালের স্থের চেয়ে বড় দেখাত। যে কোন জিনিস কাছ থেকে বড় দেখায়, দ্বে থেকে—ছোট। অথচ আকাশে স্থের আকার কি গ্রীষ্মে কি শীতে—সব সময় এক।

তাহলে দেখা যাচ্ছে বে-'চুক্লির আগ্নন' থেকে আমরা তাপ পাচ্ছি সেটা কত দ্বে অবস্থান করছে ব্যাপারটা আসলে সেখানে নর।

তোমাদের মনে আছে কি সূর্য গ্রীষ্মকালে আকাশের কোন্
জায়গায় থাকে, শীতকালেই বা কোন্ জায়গায় ?
গ্রীষ্মকালে অনেকটা ওপরে ওঠে। আর সূর্য আকাশের যত
ওপরে থাকে তার কিরণও তত প্রথর হয়। এই দেখ না কেন,
দিনের বেলায় সকালের চেয়ে বেশি উত্তাপ দেয়, তাই না ? শ্র্য্
তা-ই নয় গ্রীষ্মকালের দিন শীতকালের দিনের চেয়ে অনেক
বেশি বড়। গ্রীষ্মকালে সূর্য অনেক সকাল-সকাল ওঠে, অস্ত যায়
বেশ দেরি করে। দিন বড় বলে সূর্য বায়্ আর প্থিবীকে এবং
তোমাকে আমাকেও ভালো মতো গরম করে তোলার সময় পায়।
এই কারণে শীতকালের তলনায় গ্রীষ্মকালে তাপ বেশি।

গ্রীপ্মকালের পর আন্সে শরংকাল। দিনে দিনে স্থা আকাশের আরও নীচে দিয়ে চলতে থাকে। সে ক্রমেই দেরি করে উঠতে থাকে, দিগন্তের ওপারে অস্ত যেতে থাকে আরও আগে আগে। দিন দিন সে আরও কম তাপ আর আলো আমাদের পাঠায়। আরও বেশি ঠাওো আরও বেশি অন্ধকারাচ্ছ্য হয়ে আসতে থাকে।

শীত নামে। ভিসেন্বরে আকাশে স্থের আবির্ভাব ঘটে মাত্র করেক ঘণ্টার জন্য, তাও আবার সব সময় তাকে চোথে দেখা যায় না। আকাশের গায়ে একেবারে নীচে সে অবস্থান করছে— ঘরবাড়ি ও গাছপালার আড়ালে কোথাও লুকিয়ে পড়ছে।

উত্তরের দেশগ্রেলাতে অবস্থা আরও খারাপ। সেখানে শীতকালে স্থাঁ হয়ে পড়ে আরও দ্বর্বল। কোন রকমে দিগস্তের ওপরে গিয়ে ওঠে। ডিসেম্বরের মাঝামাঝি তার ওঠার আর কোন শক্তিই থাকে না। কেবল ঘণ্টাখানেকের মতো আকাশে আলো দেয় — এর বেশি সামর্থ্য তার থাকে না। আবার ফিরে আসে রাত। তারপর কয়েক দিন বাদে আকাশে আলো দেওয়াও বন্ধ করে। এর পরে কয়েক সপ্তাহের মতো ঘনিয়ে আসে নিশ্ছিদ্র রাত। প্রচণ্ড ঠাণ্ডা পড়ে। সর্বত্ত অন্ধকার, কালিমা।



কিন্তু নিজেকে যতই সাত্ত্বনা দাও না কেন প্রতিবারই আতৎক শিউরে উঠতে হয়। আচ্ছা যদি হঠাৎ সূর্য আমাদের একেবারে ছেড়ে চলে যায়? যদি এই অন্ধকার আর ঠাপ্ডা কখনই শেষ না হয়? তাহলে মান্য বাঁচবে কী করে? আমাদের উদ্ধারের উপায় তাহলে কী?

অতীতে লোকে আরও আত ক বোধ করত। কোন প্রথিপর ছিল না, স্কুল-কলেজ ছিল না। লোকে কিছু বুঝে উঠতে: পারত না। কারও কাছে যে জিজেস করে জেনে নেবে নে উপায়ও ছিল না।

তারা বিষয় মনে তাকিয়ে তাকিয়ে দেখত স্ব চলে যাছে, শৈলচ্ড়া কালো হয়ে আসছে, অরণ্য তন্দ্রয় আছয় হয়ে পড়ছে। এই দেখে তারা নানা কাহিনী রচনা করত।

শীতকালে যেখানে স্থা দীর্ঘ সময়ের জন্য অদৃশ্য হয়ে যায় সেই উত্তরের দেশ ঐ সমস্ত কাহিনীতে হল অন্ধকার আর ঠান্ডার এক ভয়ন্কর দেশ — পোহিওলা। পোহিওলার রাজত্ব করত লোহি নামে এক খল ডাইনী-বৃড়ি।

তার সামান্য দুরে স্থেরি দেশ কালেভালাতে বাস করত তিনজন ভালোমান্য মহাবীর।

প্রথম জন জ্ঞানী, বৃদ্ধ ভিয়াইনেমেইনেন। সে এত স্কৃদর গান গাইতে পারত যে বনের পশ্পাথিরা পর্যন্ত ভিড় করে শ্বনতে আসত।

দ্বিতীয় জন ইল্মারিনেন, এক কামার। ভালো কারিগর। কাজে তার ক্লান্তি নেই। তার হাতের কাজের কোন তুলনা হয় না।

্তৃতীয় জন লেম্মিন্কিয়াইনেন, এক নিভাঁক, ফুতিবাজ শিকারী। ভয়ত্বর দেশ পোহিওলা এই তিন মহাবীরকে প্রলাক্ক করে। প্রলাক্ক করে এই জন্য যে বাড়ি লোহির একটা বড় সাল্পরী মেয়ে আছে। সাল্পরী আকাশে, সাতরঙা রামধনার ওপরে বসে বসে রাপোর তাঁতে সোনার কাপড় বোনে।

মহাবীরেরা একে একে স্কুলরীর পাণিপ্রার্থনা করল। কিন্তু স্কুলরী ছিল খামখেয়ালি। তিনজনকেই সে ফিরিয়ে দিল। বৃড়িও পাত্রদের নাকাল করতে ছাড়ল না। তাদের যে সমস্ত পরীক্ষার মধ্যে ফেলতে লাগল সেগ্লো একটা আরেকটার চেয়ে শক্ত। তারপর ভাগিয়ে দিতে লাগল নানা অজ্হাতে। কেবল ডাইনী শেষ পর্যন্ত কামার ইল্মারিনেনের হাতে তার মেয়েকে সমর্পণ করল। কারণ এই যে লোভী ডাইনীর জন্য কামার তৈরি করে দিয়েছিল এক মায়া যাতাকল — সাম্পো। এই যাতাকলে কিছুই পোরার দরকার হত না, তাকে ঘোরাতেও হত না। আপনাআপনিই কল ঘ্রতে থাকে আর সেখান থেকে ময়দা, ন্ন, এমনকি দরকার হলে টাকাপয়সা পর্যন্ত, অর্থাং লোহি যা ইচ্ছে করে তা-ই ঝরে পড়ে।

ইল্মারিনেন ত তার তর্ণী বধ্টিকে নিজের বাড়িতে এনে তুলল। কিন্তু দেখা গোল মেয়েটি মোটেই স্বিধের নয়, বদমেজাজী। একবার সে তার রাখালের জন্য র্টি সেকতে গিয়ে সেই র্টির মধ্যে পাথর প্রে রাখল। রাখাল রেগে গিয়ে গোর্র পালকে এক পাল নেকড়ে করে ফেলল। নেকড়ের পাল সঙ্গে বদমেজাজী কর্টটিকে ছিভে টুকরো টুকরো করে ফেলল।

তখন মহাবীরেরা ঠিক করল বৃড়ি লোহির কাছ থেকে ঐ
মায়া খাঁতাকল সাম্পো নিয়ে নেওয়া উচিত। বৃড়ি কেবল
নিজের জন্য ধনসম্পদ জমাছে, কিন্তু খাঁতাকলটা ওদের হাতে
থাকলে পৃথিবীর সমস্ত মান্যের সৃখসম্দ্রি আনতে পারে।
পাহিওলার সমস্ত যোদ্ধা মহাবীরদের সঙ্গে মোকাবিলা
করার জন্য বেরিয়ে এলো। কিন্তু ভিয়াইনেমেইনেন তার গান
ধরতেই ওরা স্বাই ঘ্মিয়ে পড়ল। মহাবীরেরা তখন বৃড়ির
ভাশ্ডারের দরজা খৃলে ফেলল, খাঁতাকল সাম্পো বার করে
এনে নৌকোয় করে সম্দুপথে বাড়ি নিয়ে চলল।

ইতিমধ্যে ব্রিড়র ঘ্রম ভেঙে গেছে। ঘ্রম ভেঙে দেখে সাম্পো নেই। ডাইনী ক্ষিপ্ত হয়ে উঠে কাঁপতে কাঁপতে মহবেরিদের পিছ্র ধাওয়া করল। ওদের ওপর কুয়াশা ছেড়ে দিল। কুয়াশা জড়িয়ে ধরল মহাবরিদের নোকো। মহাবরিরের কিন্তু তাতে ভয় পেল না। ভিয়াইনেমেইনেন ঝট করে তলোয়ার বার করে তাই দিয়ে কুয়াশা কেটে ফেলল। দ্বট

ডাইনী তখন নোকোর গায়ে ভয়৽কর ভয়৽কর ঢেউ ছাড়তে লাগল। কিন্তু সে বিপদও কাটিয়ে উঠল মহাবীরেরা। তখন লোহি সাহায্যের জন্য বাতাসকে ডেকে আনল। বাতাস ঝড় তুলে নোকোর ওপর আছড়ে পড়ল। কিন্তু দাঃসাহসী বীরেরা তাকেও কাবা করে ফেলল।

বৃড়ি ভাইনী রাগে অন্ধ হয়ে উঠে পোহিওলার সমস্ত লোকজনের মধ্যে হ্লস্থ্ল ফেলে দিল। আগন্তুকদের প্রতি হ্ণার বশে তারা সকলে বৃড়ি ভাইনীর সঙ্গে মিলে ওদের পিছ্ ধাওয়া করল। ওঃ কী তুম্ল লড়াইটাই না হল! কিন্তু সে যাই হোক না কেন, মহাবীরদের বিনাশ করা গেল না। মাঝখান থেকে কেবল যাঁতাকলটাই সমৃদ্রে পড়ে গিয়ে তেউয়ের আঘাতে ভেঙে চুরমার হয়ে গেল। কিন্তু জ্ঞানবৃদ্ধ ভিয়াইনেমেইনেন যাঁতাকলের ভাঙা টুকরোগ্রলোকে জড় করল। বনের ভেতরকার একটা ফাঁকা জায়গায় এসে সেগ্রলা এক সঙ্গে জোড়া দিয়ে বলল: 'কালেভালা দেশের সৃথসম্দ্ধি হোক!'

সঙ্গে সঙ্গে বাতাস মাঠের ফসল মাড়ানো বন্ধ করে দিল, হিম বন্ধ করল নবাংকুর নন্ট করা, মেঘ কর্ণাময় স্বৈর ওপর থেকে তার আবরণ সরিয়ে নিতে লাগল।





এদিকে ব্যুড়ি ঠিক করল মহাবীরদের ওপর চরম প্রতিহিংসা নেবে। মনে মনে এমন একটা ফদ্দি আঁটল যার বিরুদ্ধে দাঁড়াতে পারে এমন সাধ্য কারও নেই।

ভিয়াইনেমেইনেন যথন বনের ভেতরে গান গাইছিল, ব্,ড়ি সেই সময়টা বেছে নিল। ভিয়াইনেমেইনেন এত চমংকার গান গাইছিল যে স্য'-চন্দ্র পর্যস্ত তার গান শোনার জন্য নীচে নেমে এসে ফার গাছের ঝাঁকড়া ডালপালার ওপর বসল।

ঠিক এই সন্যোগে পাজনী বৃড়িটা গৃড়িট মেরে এগিয়ে এসে থপ করে সূর্য আর চাঁদকে চেপে ধরল, তাদের ধরে নিয়ে গেল নিজের বাড়িতে, বন্ধ করে রেখে দিল মাটির তলার কুঠরীতে।

নেমে এলো অন্ধকার আর কনকনে ঠাণ্ডা। স্থা আর ওঠে না। স্থিবীকে কেউ উদ্ভাপ দেয় না। হিম এসে তাকে আন্টেপ্তেঠ জড়িয়ে ধরল। এমনকি চাদও বনজঙ্গল ও পাহাড়-পর্বতকে আলো দেয় না।

কালেভালা দেশের দঃসময় ঘনিয়ে এলো।

ঘন আঁধারে ও ভরজ্বর ঠাপ্ডার লোকে কাব্ হয়ে পড়ল।
স্ব্ না থাকার অবস্থা হল কঠিন। বড় কঠিন সে অবস্থা!
এদিকে ব্ডি মহাবীরদের ওপর প্রতিশোধ নিল বটে, কিন্তু
তাদের সম্পর্কে ভীতি তার গেল না।

অন্ধকারে ও ঠান্ডার মধ্যে মহাবীরেরা কী করে দেখার জন্য সে একটা বাজপাথির রূপ ধরে উড়ে চলল। তার কোত্তল হল ওরা মারা গেছে, নাকি তখনও ভয়ে থরথর কাঁপছে।

উড়তে উড়তে নীচে নেমে এলো। এসে কী দেখল? দেখে কি কামার ইল্মারিনেন বহাল তবিয়তে আছে, কামারশালায় কী যেন একটা গড়ছে। ব্ডি জিজ্জেস করল, 'কী তৈরি করছ ভূমি?' ইল্মারিনেন বলল, 'আমি? আমি লোহা পিটিয়ে পাজী ব্ডি লোহির জন্য একটা গলার বেড়ি বানাছি। ওটাকে আমি শেকলে বে'ধে তামার পাহাড়ের পাথ্রের চ্ডার সঙ্গে আটকে রাখতে চাই।'



বৃড়ি বৃষতে পারল মহাবীরদের সঙ্গে তার কোন জারিজ্রির খাটবে না। প্থিবীতে চির আঁধার ও ঠান্ডার মতো ভরৎকর আর কী হতে পারে? কিন্তু তাতেও ওরা মরল না। হতাশ হয়ে সে উড়ে চলে গোল পের্ছাহওলায় তার নিজের বাড়িতে। মাটির তলার কুঠুরী খুলে ছেড়ে দিল সুর্য আর চাদকে। কালেভালা দেশে আবার আলো দেখা দিল, উত্তাপ ছড়িয়ে পড়ল।

এখন আর তাই শীতকালে স্বর্ণ পাহাড়ের আড়ালে ল্বকিয়ে পড়লেও লোকে ভর পায় না। ভরত্কর দেশ পোহিওলার কর্নী, দুক্ট ডাইনী হার মানল। তাকে হার মানতে হল মান্বের কাছে, যে মান্ব অন্ধকার বা ঠান্ডা কোনটাকেই ডরায় না।

স্ক্র গল্প, তাই না?

আচ্ছা এসো, এবারে দেখা যাক আসলে কেন এমন হয়? — কেন স্ম শীতকালে ও গ্রীষ্মকালে একই রকম ভাবে আকাশে চলাচল করে না? অথচ দেখ, প্থিবী কিন্তু সব সময় একই রকম ভাবে ঘ্রছে।

সমস্ত কিছ্রে জন্য দায়ী 'প্থিবীর অক্ষদন্ড'। অক্ষদন্ডটি আসলে হেলানো। এই কারণে প্থিবী ঠিক নাগরদোলার মতো সোজা দাঁড়িয়ে ঘ্রপাক না খেয়ে ঘ্রপাক খাচ্ছে



সামান্য কাত হয়ে। আর প্থিবী হেলে আছে সব সময় একই পাশে। এথানেই হল আসল রহস্য।

আমাদের আঁকা ছবিতে প্থিবীর অক্ষদণ্ড ডান দিকে হেলানো। প্থিবী স্থের চারধারে উড়ে চলেছে, এর ফলে তার ওপরের অর্ধেকটা, উত্তর গোলার্ধ কাত হয়ে কখনও স্থের দিকে আসে, কখনও বা স্থের কাছ থেকে সরে যায়। একবার দেখ, উত্তর গোলার্ধ যখন স্থের দিকে কাত হয়ে থাকে তখন কী হয়।

প্থিবী ধীরে ধীরে ঘোরে। আমরা তার ওপরে আছি। যখন আমরা আলো ও অন্ধকারের সীমানার কাছাকাছি চলে আসি তখন আমরা সুযোদির দেখতে পাই। ছবিতে এই জারগায় লেখা আছে 'সকাল'।

তারপর আমরা আমাদের প্থিবী-নাগরদোলায় চেপে সারাদিন ধরে স্বৈতিরণের নীচ দিয়ে চলতে থাকব। দ্পুরবেলায় স্ব আফাশে ঝুলতে থাকবে প্রায় সরাসরি আমাদের মাথার ওপরে।


আরও কিছ, সময় পরে সূর্য চলে যাবে দিগস্তরেখার পেছনে। যেখানে 'সন্ধ্যা' শব্দটি লেখা আছে আমরা যখন তার কাছাকাছি চলে আসব তখন সূর্য আমাদের আর আলো দেবে এবারে দেখ, রাত কী ছোটই না হবে!

গ্রীষ্মকালে স্থিকিরণের নীচ দিয়ে আমরা কত দীর্ঘ পথই না যাত্রা করি, আর কত অলপ পথই না আমাদের ষেতে হয় ছায়ার নীচ দিয়ে!

অতএব দিন এত বড় আর রাত এত ছোট হয় বলেই এবং স্থা থেহেতু ওপর থেকে, সরাসরি আমাদের মাথার ওপর কিরণ দেয় সেই কারণে গরম লাগে। গ্রীষ্মকাল শ্রে, হয়। একেবারে উলটোটা ঘটে যখন প্থিবী সরে যায় অন্য দিকটায়। উত্তর গোলার্ধ তখন আর স্থেরি দিকে কাত হয়ে না থেকে স্থেরি কাছ থেকে কাত হয়ে সরে যায়। নিজের কক্ষপথে প্থিবীর প্রতিবার আবর্তনের সময় আমাদের অনেকক্ষণ ছায়ায় বসে থাকতে হচ্ছে। প্থিবী নামক নাগরদোলাটি মাল্র কয়ের ছাতার জন্য আমাদের নিয়ে আসে স্থিকরণের নীচে, তারপর আবার অনেকক্ষণের জন্য নিয়ে যায় ছায়ায়।

আমাদের রাতের পথ হয় দীর্ঘা, আর দিনের পথ ছোট। দিনের বেলায়ও এখন আর গ্রীষ্মকালের মতো সূর্য খাড়া ভাবে আমাদের ওপর আলো ফেলে না, ফেলে পাশ থেকে।





তার রশিম হয় শ্লান। প্থিবীর ওপর স্থারশিম তেরছা ভাবে পিছলে পড়ে। প্থিবীকে তেমন একটা গরম করতে পারে না।

আমাদের ঠাণ্ডা লাগে। শীত নামে।

আমরা বদি বিষ,্বরেখার কাছাকাছি কোথাও বাস করতাম তাহলে আমাদের কখনই ঠাপ্ডায় জমে যেতে হত না, ওভারকোট গায়ে দিতে হত না। বছরের যে-কোন ঋতুতে সেখানে স্থা সরাসরি ওপর থেকে কিরণ দেয়। স্থা অনেক অনেক ওপরে উঠে যায়।

তাই বিষ্ববেরথার কাছাকাছি দেশগ্রেলাতে সব সময়ই বেজায় গরম। ঐ দেশগ্রেলাকে বলাও হয় 'গরম দেশ'।

ঠাপ্ডা কাকে বলে, বরফ কী — ঐ সমস্ত দেশের অধিবাসীরা তা জানেই না।

আবার বিষ্বরেখার ওপারে, ভূমশ্ডলের নীচের অধাংশে ফের পাবে শীতকাল ও গ্রীষ্মকাল।

কিন্তু মজার ব্যাপার হল এই যে আমাদের এখানে যখন গ্রীষ্মকাল, দক্ষিণ গোলার্থে তখন শীতকাল। আবার আমাদের এখানে যখন শীত তখন ওখানে নামে গ্রীষ্ম।

তোমরা এতক্ষণ সম্ভবত অন্মান করতে পেরেছ কেন এমন হয়। প্রথিবীর ওপরের অর্ধাংশ যখন স্বের দিকে হেলে থাকে তখন নীচের অর্ধাংশ তার দিক থেকে ঘ্রের যায়। আবার ওপরের অর্ধাংশ যখন মুখ ঘ্রিয়ে থাকে তখন নীচের অর্ধাংশ স্বর্ধের কিরণে গরম হয়ে যায়। জানুয়ারী আমাদের সবচেরে ঠাপ্ডা মাস। এটাতেই আমরা অভ্যন্ত। কিন্তু অম্মেলিয়ার কথাই ধর না কেন — সেখানে জানুয়ারী ভর গ্রীক্ষকাল। মে মাস সেখানে শরংকাল, জ্বলাইতে কঠিন শীত, আর সেপ্টেম্বরে কিশলয় দেখা দেয়, সর্বান্ত সব্বান্তর সমারোহ, তখন বসন্তের সমাগ্য।

সেখানে সবই উলটো। তার কারণ এই যে আমাদের দেশ আর অস্ট্রেলিয়া ভূমণ্ডলের দুই ভিন্ন ভিন্ন অর্ধাংশে অবস্থান করছে। আমরা আছি উত্তর গোলাধে, আর অস্ট্রেলিয়া — বক্ষিণ গোলাধে।

তাহলেই ব্বে দেখ প্থিবীর অক্ষদন্ড কাত হয়ে থাকার ফলে কী মজার ব্যাপার ঘটছে! কিন্তু প্থিবী বদি সত্যিকারের নাগরদোলার মতো 'খাড়া দাঁড়িয়ে থেকে' ঘ্রপাক খেত তাহকে সমস্ত জিনিসটা হত একেবারে অন্যরকম।

স্ব তাহলে সারা বছর আমাদের এক রকম ভাবে উত্তাপ দিত। আর ঋতু বলে কিছ্ থাকত না। দ্বই মের্র কাছাকাছি জায়গায় হত চিরশতি, বিষ্বরেখার কাছাকাছি জায়গায় — চিরগ্রীক্ষ। আর ইউরোপে সব সময় কাদা প্যাচপ্যাচ করত — না বসন্ত না শরং।

তথন আর টিলার ওপর থেকে স্কী করার মতো অবস্থা থাকত না, সাগরবেলায় স্থেস্মানও করা ষেত না। না এদিক না ওদিক অবস্থা হত। বারো মাস রবারের ব্ট পরে ছাতা হাতে পথ চল। বড় বিশ্রী লাগত, তাই না?

প্রথিবীর অক্ষদণ্ড যে হেলানো সেটা ভালোই বলতে হবে!



চाँम किन कानि?

সমস্ত জ্যোতিত্কমশ্ডলীই বিশাল বিশাল গোলক। এই কারণে স্থাকে সব সময় গোল দেখায়।

অথচ চাঁদ কেন যেন কেবল কখন-সখন গোল, কিন্তু বেশির ভাগ সময়ই ফালি।

চাঁদের বাকি অংশ তাহলে যায় কোথায়? কে তাকে গ্রাস করে?

একবার তাকিয়ে দেখ রাস্তার বাতির ঝাপ্সা গোল আলোটার দিকে। যেদিক থেকেই দেখ না কেন, একই রকম গোল। তার কারণ ওটা একটা বাতি, সুর্যের মতো নিজে আলো দেয়। কিন্তু দেখ, রেলিং-এর মাথার ওপরকার ঐ গোল পাথরটা নিজে কোন আলো দেয় না। বাতির আলোয় সেটা আলোকিত, আর আলোকিত কেবল ভার একটা দিক।

এবারে এই গোল পাথরটাকে ঘর থেকে, একটা আলোকিত পর্দার ভেতর থেকে দেখ। গোলকটার অন্ধকার দিক এখন একেবারে দেখা যাচ্ছে না। দেখা যাচ্ছে কেবল আলোকিত অর্ধাংশ। তবে গোলকের ফালিটা কমলালেব্র কোরার মতন। চাঁদের ক্ষেত্রেও তাই। চাঁদও কিন্তু একটা অন্ধকারাজ্জ্ব গোল পাথর। সূর্য হল বাতি। এই বাতি চাঁদের একটা দিক






আলোকিত করে। আর নীল আকাশের ভেতর দিয়ে দেখা যায় কেবল চোখ ধাঁধানো উপ্জৱল স্ব্র্য আর স্ব্র্যালোকে উপ্জৱল আলোকিত চন্দ্রকলা। অন্ধকারাচ্ছন্ত অধাংশ চোখে পড়ে না। ঘোলাটে বায়্ তাকে দেখার পথে বাধা স্থিত করে। ঐ বায়্মণ্ডল ভেদ করে তারাও দেখা যায় না, যদিও দিনের বেলায় সব তারাই তাদের যার ধার জায়গায় থাকে। দিনের বেলায় কেউ ত আর তাদের নিভিয়ে দেয় না!

রাতের বেলায় বায়, থাকে ছায়ায়। তখন স্থা তাকে আলোকিত করে না। রাতে তা হয় স্বচ্ছ, বাতি নিভিয়ে দিলে যেমন হয় পদার অবস্থা। তখন তার ভেতর দিয়ে সব দেখা যায়। বায়য়য় ভেতর দিয়ে তারাদের দাপ্তি প্রকাশ পেতে থাকে।

অনেক সময় রাতে বায় বিশেষভাবে নিমলি ও স্বচ্ছ হয় — বিন্দুমাত ধুলো বা মেখ তাতে থাকে না। তথন অতি দুর্বল, অতি খ্রুদে খ্রুদে তারাদেরও দেখা যায়। ঐ রকম রাতে চাঁদের অন্ধকারাচ্ছল অংশও চোবে পড়ে।

আছে চাঁদ কেন নানা আকারে দেখা যায়? — কখনও গোটা, কখনও একটা মোটা ফালি, কখনও বা কাস্তের মতো একটা সর্ফালি? তার কারণ এই যে চাঁদ আমাদের চার্রাদকে ঘোরে — এই যেমন আমাদের ছবিতে দেখছ — দড়ি বাঁধা কুকুরছানার মতো।

ছবিতে দেখছ ত, কুকুরছানার মুখের ওপর অনেক সময় বেশ আলো পড়েছে, অনেক সময় আলো পড়েছে তার অর্ধেক মুখের ওপর। তারপর কুকুরছানা যখন ছুটতে ছুটতে বাতির ওপাশে চলে গিয়ে আলোর উলটো দিকে দাঁড়ায় তখন তার গোটা মুখটাই অন্ধকার দেখায়। মুখ একেবারে নিরীক্ষণ করা যায় না! কেবল চকচক করে মুখের চারপাশের হালকা উল্জবল রেখা — চাঁদের সরু কাস্তের' মতন।





চाँদে की আছে?

এখন কিন্তু আমরা জানি যে চাঁদ হল একটা প্রকাশ্ড পাথরের গোলা। সে সগৌরবে মহাকাশে ভাসতে ভাসতে প্রথিবী প্রদক্ষিণ করে।

আচ্ছা, আগেকার দিনে যখন টেলিস্কোপ ছিল না তখন লোকে কী করত? তারা স্লেফ চাঁদের দিকে তাকিয়ে তাকিয়ে দেখত, আরও ভালো করে তাকে নিরীক্ষণ করার চেন্টা করত আর ভাবত, কেবলই ভাবত। আন্দাজে বোঝার চেন্টা করত চাঁদটা কী।

চাঁদের নীল-নীল রুপোলি আলোয় সব কিছু যেন রহস্যময়, হে°য়ালিপ্ণ। গাছপালা স্থির। জলের গায়ে ঝলমল করছে আলোর রেখা। নিশুরুতা।

শশী হল নৈশ র্পকথার রানী।

তাকে নিয়ে লোকে অনেক র_ুপকথা রচনা করেছে।

সোভিয়েত দেশের দক্ষিণে কিরগিজিয়ায় চাঁদ সম্পর্কে লোকে এই রকম একটা রূপকথা রচনা করেছে।

কোন এক সময় চাঁদ নামে এক ধনী খান ছিল। তার ছিল শশী নামে এক সঃন্দরী মেয়ে।

সাগরপারের বহু মহাবীর স্করণ শশীর মন জয় করতে চাইল, তার পাগিপ্রার্থনা করল, তাকে বধু করতে চাইল। কিন্তু সবাইকে তাড়িয়ে দিল খানের মেয়ে, কেননা সে ভালোবাসত এক গরীব নাবিককে, এক জাহাজীকে। জাহাজীও তাকে ভালোবাসত।

কিন্তু সম্প্রান্তবংশের খান মরে গোলেও তার মেয়েকে এক অজ্ঞাতকুলশীল জাহাজীর সঙ্গে বিরে দেবে না।

তখন যুবক ঠিক করল দুর দেশে যাত্রা করবে, বড় বড় কীতি সাধন করে নামজাদা বীর হয়ে ফিরে আসবে। তাহলে খানের আর সাধ্যি হবে না তাকে ফিরিয়ে দেবার।





জাহাজী তার ভাবী বধ্র কাছ থেকে বিদার নিয়ে দ্রে দেশের উদ্দেশে সম্দ্রাচার নামল। এদিকে স্কেরী শশী তার জন্যে দিন গ্নতে লাগল।

বহু কলে কেটে গেল, মনের মান্বটির কোন খোঁজখবর নেই। শশী অস্থির হয়ে পড়ল, রোজ রাতে সাগরতীরে বেরিয়ে এসে দেখে জাহাজী আসছে কিনা।

কিন্তু না, সে আর আসে না। কিছু ঘটল কিনা কে জানে? শশী কাঁদে, তার মন বিষাদে ভরে ওঠে।

বৃদ্ধ খান মারা গেল। জমকাল প্রাসাদে এখন রইল একা তার কন্যাটি।

রোজ রাতে সে তার বিয়ের সাজ পরে একটা মায়াতরীতে চেপে সখী তারকাদের সঙ্গে ধীরে ধীরে আকাশপথে চলে বেড়ায়। ব্যথাতুর দ্ভিতৈ দ্রের পানে তাকিয়ে দেখে, হারানো দয়িতের সন্ধান করে।

এই কারণে চাঁদ এমন ফেকাসে আর বিষয়।

আরেক প্রাচীন র পকথার চাঁদ হল এক র পোলি মারাদ্বীপ — নীল আকাশ-সাগরে ভাসছে। এই দ্বীপে বিচিত্র অধিবাসীদের বাস, তারা দেখতে মানুষের মতন নর।

কিন্তু অধিকাংশ র্পকথাতেই চাঁদ হল এক জ্বীবন্ত প্রাণী। আর সতিত্র ত, চাঁদের দিকে ষখন তাকাও তখন মনে হয় যেন তার প্রসার মুখটা তোমার দিকে চেয়ে আছে। চাঁদের বুকে যে কলজ্কগালো আছে সেগালোর সঙ্গে কিন্তু চোখ-নাক-মুখের বড়ই মিল!

র্পকথার চাঁদ সব সময় ভালো, উদার, কথন-কথন বিষণ্ণ।
টোলস্কোপের সাহায্যে লোকে চাঁদ ভালোমতো নিরীক্ষণ
করতে পারল। কিন্তু মান্যের ইচ্ছে হল আরও বেশি করে
তার সমস্ত খাটনাটি, আকর্ষণীয় সব কিছু দেখে।

রকেটের সাহায্যে মান্য তাই সরাসরি ওখানে, একেবারে চাঁদে পাঠাতে শ্রে করল নানা রকম স্বয়ংক্রিয় যন্ত্রপাতি। যন্ত্রগ্রেলা তাদের কাচের চোখ দিয়ে চারপাশের সমস্ত কিছ্ নিরীক্ষণ করে, নিজের আশেপাশে যা যা দেখে টেলিভিশনের সাহায্যে তা আয়াদের দেখাতে থাকে।

প্রথম প্রথম স্বরংক্রিয় ফ্রগালো ছিল অনড়। চাঁদের যেখানে গিয়ে নামল সেখানেই বসে থাকত। কেবল 'মাথাটা' ঘোরাত। পরে বিজ্ঞানী ও ইঞ্জিনীয়ররা আরও বেশি 'বুলিয়ান' যন্ত্রপাতি চাঁদে পাঠাতে লাগলেন। এই ধরনের সোভিয়েত প্রয়ংক্রিয় যন্ত্রের মধ্যে এমন কিছু কিছু ছিল যেগুলো চাঁদে নামার পর লন্বা লোহার হাত বাড়িয়ে দিয়ে এক ডেলা চন্দ্রমৃত্তিকা তুলে নিয়ে সঙ্গের ছোট রকেটের ভেতরে প্রেরে ফেন্সে এবং তা নিয়ে প্রথিবীতে ফিরে আসে। এই ভাবে বিজ্ঞানীরা, সোজা ভাষায় বলা যেতে পারে, 'বাড়ি থেকে না বেরিয়েই' 'চাঁদের কণা' হাতে পেয়ে গেলেন। চাকা ও ইঞ্জিন লাগানো কিছু, চন্দ্র-অভিযানকারী স্বয়ংক্রিয় যদ্তও আমাদের ছিল। এরকম চন্দ্রযান 'লুনোখোদ' এলাকা পরিদর্শন করে নিজের চারপাশে যা যা দেখতে পায় টোলভিশন মারফত সে সব জিনিসের ছবি প্রথিবীর মান্ত্রকে পাঠার। মান্ত্র প্রথিবী থেকে রেডিওর সাহায্যে এই চন্দ্রযান নিয়ন্ত্রণ করে। রেডিও-নিয়ন্ত্রণ ব্যবস্থা তাকে ডাইনে বাঁয়ে যখন যেদিকে পরিচালনা করে যানটি সেই দিকে চলে। বিজ্ঞানী ও ইঞ্জিনীয়রর। প্রিবীর বৃকে স্বাভাবিক তাপমান্তাযুক্ত ঘরে, আরামদায়ক চেয়ারে বসে টেলিভিশনের পর্দায় ছবি দেখেন, তাঁদের মনে হয় বেন তারা নিজেরাই কোন যানে চেপে চাঁদের ব্যকে চলেছেন। এমনকি তাঁরা ইচ্ছেমতো চন্দ্রযানকে থামিয়ে তার 'হাত দিয়ে' চন্দ্রম্ত্তিকা স্পর্শ করিয়ে জানতে পারেন সে মাটি শক্ত না ঝুরঝুরে, বার করতে পারেন তার উপাদান। পরুরো ব্যাপারটা ছিল দারুণ কোত্হলোদ্দীপক, মানুষের পক্ষে খুবই স্বাচ্ছস্ট্রকর আর সম্পূর্ণ নিরাপদ।

শ্বয়ংক্রিয় বন্দ্রগন্তাে মান্ষকে বহু নতুন নতুন ও গ্রেছপার্ণ তথা সরবরাহ করে। কিন্তু তা সত্ত্বেও আমেরিকানরা চাঁদে তাদের নভশ্চারীদের পাঠায়। খ্বই কঠিন সমস্যার সম্মুখীন হতে হল তাদের। দীর্ঘ বছর ধরে এর জন্য প্রস্তুতি নিতে





হয়। তারা দ্ব'ডজন বিশাল বিশাল রকেট তৈরি করল।
প্রত্যেকটি তিরিশতলা বাড়ি সমান উ'চু। এই রকেটগ্রলোর
মাথার ওপর চাপানো হল বিরাট বিরাট 'জ্যাপলো' মহাকাশ্যান।
প্রথিবীর চারধারে অনেকবার সেগ্রলো পরীক্ষাম্লক ভাবে
উড়ল। তারপর উড়ল চাঁদের দিকে।

চাঁদের ব্বে মান্য প্রথম পদার্পণ করল ১৯৬৯ সালে।
প্রথম যাঁরা পদার্পণ করলেন তাঁরা হলেন মার্কিন নভশ্চারী
নিল আর্মপ্রাং ও এডউইন অল্ড্রিন। মোট বারোজন
আর্মেরিকান নভশ্চারী চাঁদে পাড়ি দেন। তাঁদের মধ্যে
শেষোক্তজন চাঁদে নেমে হালকা যানে চেপে চাঁদের জমির ওপর
দিয়ে পর্যন্ত গেছেন।

মার্কিন নভশ্চারীরা চাঁদ থেকে চন্দ্রম্ত্তিকার বহু নিদর্শন ও আলোকচিত্র নিয়ে আসেন। তার চেয়ে বড় কথা, তাঁরা তাঁদের অভিজ্ঞতার বর্ণনা দেন। তাঁদের যাত্রার পর এবং আমাদের চন্দ্রযান 'ল্বনোখোদ'-এর কাজের পর এখন আমি তুমি, আমরাও চাঁদে যাত্রার কথা কল্পনা করতে পারি।

দ্'দিনের মধ্যে রকেট আমাদের যথাস্থানে পেণছৈ দিল।
এখন আমরা চাঁদে! আমরা রকেট থেকে বেরিয়ে আদি।
আমাদের পরনে ক্পেস্স্টে। এছাড়া এখানে অচল। চাঁদে
বায়্নেই, এখানে নিশ্বাস নেওয়া অসম্ভব। কিন্তু ক্পেস্স্টের
ভেতরে বায়্ আছে।

চাঁদ প্রথিবীর চেয়ে ছোট, তাই তার আকর্ষণশক্তিও তুলনায় দ্বেল। এখানে সমস্ত জিনিস ছয় ভাগ হালকা হয়ে যায়। তুমি তোমার বন্ধকে এক হাতে তুলে ধরতে পার — যেন তুলোয় ঠাসা একটা খেলার প্রতুল।

আমরা এখানে এত হালকা যে অনায়াসে ইরা চওড়া চওড়া খানাখন্দ লাফিয়ে পেরোতে পারি, এক লাফে উচু শিলার খাঁজে উঠে পড়তে পারি। মনে হয় অদৃশ্য কে যেন সর্বক্ষণ আমাদের সাহায্য করছে।

এখানে পড়ে যাওয়াটাও প্থিবীর মাটিতে পড়ার মতো নয়।
পড়ার সময় ভূমি নামবে ধীরে ধীরে — মনে হবে যেন জলে
নামছ।

নিল আর্মান্টাং বলেন যে অসাবধানতাবশত কেউ যদি মুখ থুবড়ে পড়ে ষয়ে তাহলেও চোট পাওয়ার কোন সন্তাবনা নেই। উঠতেও কোন অস্কৃবিধা নেই — শ্রেফ দ্'হাতে তলাকার মাটি ঠেলে দিলেই হল। তিনি বলেন যে হালকা হয়ে যাওয়ার ফলে অনেক সময় তাঁকে অস্কৃবিধার মধ্যেও পড়তে হয়।

হালকা মান্বের পা হালকা ভাবে জমির সঙ্গে চেপে থাকে, তাই পিছলে যায় — যেমন হয় বরফের ওপরে। যদি দাঁড়িয়ে থাক, তারপর পা ফেলে চলতে যাও তাহলে পা প্রথমে পিছলে যাবে। তাই ধীরে ধীরে, ছোট ছোট পা ফেলে গতিবেগ নিতে হয়। এর পর যখন দুত হাঁটতে থাক তখনও চট করে থামা বা হঠাং মোড় নেওয়া সন্তব নয়। পা পিছলে যাবে — হড়কে চলে যাবে। আগে থেকে ধীরে ধীরে গতিবেগ কমিয়ে আনতে হয়।

চাঁদে সব সময় পরিপ্রে নিস্তর্কতা। যত চিংকারই কর না কেন কেউ শ্নেতে পাবে না। প্থিবীতে শব্দ বায় মারফত এক জায়গা থেকে আরেক জায়গায় যায়। চাঁদে বায় নেই। যদি একেবারে কানের কাছেও কেউ ঘণ্টা বাজায় কিছ্ই শ্নেতে পাবে না। মনে হবে যেন সেপের ওপর যা মারছে।

এখানে নিজেদের মধ্যে কথাবাতা বলতে পার কেবল রেডিওর মারফত কিংবা মাথা খাটিয়ে হাতের নানা রকম ইশারা-ইঙ্গিতে। কী দেখা যায় চারপাশে?

এখানে নেই কোন গাছপালা, নেই কোন ঘাস। মর্ভূমি।
এবড়োখেবড়ো জমি। যেন নানা রকম ঢেলা আর পাথর এখানে
শুপোকার করে ফেলা হয়েছে, তারপর খানিকটা সমান করে
দিয়ে ওপরে ছড়িয়ে দেওয়া হয়েছে ধ্সর-খয়েরি রঙের ধ্লো।
সর্বত্র পাথর আর গর্ত। পায়ের নীচে ঠিকমতো দেখে যদি
না চল ত হেইচট খাবে।

চাঁদের গর্তাগন্লো প্রায়ই গোল গোল, ধারগন্লো সামান্য ওঠা-ওঠা। যুদ্ধের সময় গোলা ফেটে মাটি ওলট-পালট হয়ে গিয়ে যেমন গর্তা হয় অনেকটা সেরকম দেখতে।

বড় বড় গহররের মুখের চারপাশে গোল হয়ে আছে টিলার সারি।

সবচেয়ে বড় গহররগনলোর তলা — গোল, চেপ্টা চম্বরের মতো। তাই সেগনলোকে দেখলে মনে হয় যেন গ্যালারি ঘেরা বিশাল বিশাল স্টেডিয়াম, কিংবা বিরাট বিরাট খোলা সার্কাসের মাঠ।

চাঁদের আকাশ আদৌ প্থিবীর আকাশের মতন নয়।
সে আকাশ নীল নয়, কালো। দিনে-রাতে একই রকম কালো।
কেবল রাতে তারায় ছাওয়া। দিনের বেলায়ও তাদের
নিরীক্ষণ করা যায়, তবে স্থা থেকে বা চাঁদের আলোকিত
প্রান্তর থেকে তোমার চোখ আড়াল করে রাথতে
হবে।

সূর্য ছাড়াও কালো আকাশে ঝুলছে প্রথিবী। নীল, প্রকাশ্ড,

মনে হয় যেন সাদা কিছ্ দিয়ে আগাগোড়া মাখানো। এগ্রেলা হল আমাদের মেঘ।

মজার ব্যাপার এই যে আকাশে স্থ চলছে, কিন্তু প্থিবী এক জায়গায় স্থির হয়ে আছে। এমন হওয়ার কারণ এই যে চাঁদ প্থিবীকে সব সময় দেখছে এক দিক থেকে, যেমন দড়ি বাঁধা কুকুরছানাটা বাচ্চা মেয়েটির চারধারে ছোটার সময় তাকে দেখতে পেয়েছিল। তোমাদের মনে আছে ত?

সূর্য প্থিবীর ওপর আলো ফেলে এক দিক থেকে।
এইজন্য প্থিবীকে দেখায় কাস্তের মতন। আকাশে সূর্য
প্থিবীর যত কাছাকাছি আনে কাস্তেটা তত সর্ হয়ে আসে।
আবার সূর্য যখন প্থিবীর পাশ দিয়ে যায় তখন প্থিবীকে
দেখায় একটা ছোট রুপোলি বলয়ের মতো।

চাঁদের আকাশে স্থ খুব ধীরে ধীরে ভেসে চলে। এখানে একদিন যেতে প্ররো দ্বসপ্তাহ কেটে বার।

দিন এত দীর্ঘ বলে স্থেরি তাপে চাঁদের পাথর এত গনগনে গরম হয়ে ওঠার সময় পায় যে তার ওপরে খাবার পর্যস্ত রাল্লা করা যায়, যেমন তোমরা কর উন্নে। বেশ স্ববিধার। তাই না?

তবে হ্যাঁ, হুইশিয়ার থাকবে যখন রাত শ্রু হচ্ছে। রাতও এখানে স্থায়ী হচ্ছে দ্ইসপ্তাহ। চারপাশের শিলা চটপট জুড়িয়ে যায়। কড়া হিম পড়ে। কয়েক দিনের মধ্যে তাপমাত্রা শ্ন্যাঞ্কের ৯৫০ ডিগ্রা পর্যন্ত নীচে নেমে যায়! এদিকে স্ফ্ কিন্তু শিগগির উঠছে না! এমন 'আবহাওয়ায়' খরে চুল্লির পাশে বসে থাকাই ভালো। চাঁদে থাকাটা আরামের কিছু ত নয়ই বরং ভয়ের।



গ্ৰহ কী?

সন্ধা। সূর্য একেবারে দিগন্তে নেমে এসেছে। ঘনিরে আসছে অল্প-অল্প অন্ধবার। কিন্তু আকাশে এখনও বেশ আলো আছে। নীল-গোলাপী আভা ধরেছে আকাশে।

তারপর হঠাৎ তুমি দেখতে পাবে আকাশে, খানিকটা বাঁয়ে, স্বের্থর ওপরে অলক্ষ্যে জরলে উঠল একটা ছোট্ট রুপোলি তারা। তারাটা একটু একটু করে আরও উল্জবল হয়ে উঠছে। অন্য তারাদের এখনও আবিভাবে ঘটে নি। আবিভাবে ঘটবেই বা কী করে! এখনও বে দিনের আলো আছে। অথচ এই তারাটা একা জ্বলছে একটা বাতির মতো, এমনকি মিটমিটও করছে না।

গোধালি আসতে না আসতে তারাটা এত উল্জবল হয়ে ওঠে যে আমাদের চোখ ধাঁধিয়ে দেয়। ধাঁরে ধাঁরে সে নাঁচে নামতে থাকে, দেখে মনে হয় যেন তার ভয় পাছে দিগন্তের ওপারে অপস্ত স্য থেকে সে পিছিয়ে পড়ে। প্রোপ্রির অন্ধকার ঘনিয়ে আসতে সারা আকাশে যখন হাজার হাজার তারা ঝলকে ওঠে তখন আমাদের এই স্করীটি 'প্থিবীর ও প্রান্তে' লাকিয়ে পড়ে।

পর্রাদন সন্ধ্যাবেলায় আবার দীপ্তি পায়।

এই ভাবে কটেবে এক মাস, দর্মাস। তারপর এই তারার দীপ্তি ক্রমেই ম্লান হয়ে আসতে থাকবে, শেষকালে তাকে আর চোথেই পড়বে না; কিন্তু কিছ্ম দিন বাদে আবার আকাশে জন্মজন্ম করতে থাকবে সকালে, প্রত্যুবের গোলাপী কিরণের মাঝখানে। সে আকাশ পথে উঠতে থাকবে — বেন বে-স্র্র্থ শিগাগিরই উঠতে চলেছে তাকে পথ নির্দেশ করছে। সমস্ত তারা অনেক আগে নিভে গেছে, কিন্তু এটা এখনও জন্মছে। স্ব্র্থ বখন আরও একটু ওপরে ওঠে একমাত্র তখনই সেনিঃশেষে নিভে যায়।

র্পোলি রঙের এই স্কেরী তারাটা আসলে কী? আর সব তারাদের চেয়ে এত বেশি উজ্জ্বলই বা সে কেন? কখনও স্থাকে পথ দেখিয়ে তার আগে আগে কখনও বা স্থের পিছে পিছে আকাশ পথে সে বিচরণ করছে কেন?





হাজার হাজার বছর ধরে লোকে মৃশ্ব হয়ে তাকে দেখছে, তাকে কখনও বলে থাকে সন্ধাতারা, কখনও বা শ্কতারা। প্রাচীন গ্রীকেরা তাদের সোল্দর্যদেবীর নামে নাম দির্মেছিল ভেনাস, এর সম্পর্কে স্লের স্লের স্লের নানা কাহিনীও রচনা করেছিল তারা। তাদের মনে হয়েছিল এই স্লেরী কন্যাটি তুষারধবল অশ্বচালিত রয়পোর রথে আকাশ পথে প্রমণ করেন। আছা আসলে এই শ্রু বা ভেনাস কী?

শ্ব বা ভেনাস কোন তারা নয়, আসলো একটি গ্রহ। গ্রীক ভাষায় গ্রহকে বলা হয় 'প্র্যানেট', যার অর্থ হল দ্রমণশীল।

সমস্ত তারা তাদের নক্ষরপ্রেপ্তর মধ্যে ধার যার জায়গায় দাঁড়িরে থাকে। কিন্তু করেকটা তারা আছে বেগর্লো ধারে ধারে ধারে 'এক নক্ষরপর্প্ত থেকে আরেক নক্ষরপর্প্ত প্রমণ করে'। প্রতিবেশী তারাদের দিয়ে তাদের দ্থান চিহ্নিত করে কয়েকদিন বাদে যদি যাচাই করে দেখ তাহলে সঙ্গে সঙ্গে লক্ষ করবে যে তোমার তারাটা 'সটকে পড়েছে'।

শ্রমণশীল তারা — গ্রহ — সাদা চোখে লোকে দেখতে পার পাঁচটি। টেলিস্কোপের সাহায্যে দেখা যার আরও বেশি। আচ্ছা, এসো, এদের পরিচয় নেওয়া যাক।

কিন্তু এর জন্য আমাদের যাত্রা করতে হয় আরও দ্বে মহাকাশে। কলপনা করা যাক, আমরা বিরাট এক রকেটে চড়ে স্থা থেকে অনেক অনেক দ্রে চলে গেছি। এত দ্রে যে স্থা এখন আর আমাদের কাছে একটা হল্দ থালার মতো দেখাছে না, দেখাছে স্লেফ একটা খ্ব জনলজনলে তারার মতো। এখন দেখ, এই উজ্জনল তারাটা মহাকাশে আরও দ্রের অন্যান্য তারার মাঝখানে মন্থ্রগতিতে স্ব্মহিমার ভাসতে ভাসতে চলেছে।

এবারে মন দিরে স্বটাকে একটু দেখা বাক। তার ধারেকাছে আরও করেকটি খ্ব খ্দে খ্দে তারা লক্ষ করা যায়। চারদিক থেকে স্বতিক ঘিরে ধরে ঐ তারাগ্ললা তার সঙ্গে সঙ্গে চলেছে।

এবারে আমরা টেলিস্কোপ দিরে ওগ্রলোকে দেখি। প্রতিটি তারা চোখে পড়ছে একেকটা ফালির আকারে, যেন একেকটা খ্রদে চাঁদ। তার কারণ সমস্ত তারার মতো এরা অগ্নিগোলক নর, এরা হল অন্ধকার, কঠিন, পাথ্রে গোলা — সুর্যের আলোর আলোকিত মান্ন।

তাদের মধ্যে কতকগ্নলো স্থের অনেকটা কাছে, কতকগ্নলো তার থেকে দ্বেন। আমাদের প্রথিবীও তাদেরই একটি।

গ্রহরা নিজেরা আলো দের না। সূর্য জনলে বলেই ওরা আলো দের। ওরা চাদের মতন।

স্ব নিভে গেলে সঙ্গে সঙ্গে সব গ্রহও নিভে যাবে।



দেখা বাক গ্রহরা কী ভাবে ঘ্রছে। সব গ্রহই ঘ্রপাক থাচ্ছে স্থের চারধারে। কিন্তু এখান থেকে, দ্র থেকে দেখে মনে হয় ব্ঝি বড় বোঁশ ঢিমে তালে চলছে; এমনকি মনে হতে পারে ব্ঝি দাড়িয়েই আছে। প্রতিটি গ্রহ বছরে কী ধরনের পথ বারা করে তার একটা ছবি আমরা এ'কেছি।


'চটপটে' গ্রহ বৃধ বছরে স্থাকে প্রদক্ষিণ করে চারবার।
শক্তেগ্রহ তুলনায় একটু বেশি 'ধীরিছির'। ঐ সময়ের মধ্যে সে
স্থেরি চারদিক ঘ্রে আসছে মাত্র দ্'বার। প্থিবী —
একবার। 'অলস প্রকৃতির' মদল মোটে আধপাক ঘ্রতে পারে।
বাকিরা তার চেয়েও কম।

গ্রহে গ্রহে কখনই সভ্যর্ষ লাগবে না। মহাকাশে তাদের প্রত্যেকের যার যার যাত্রাপথ আছে, আছে নিজস্ব গতিপথ— যাকে বলে 'কক্ষপথ'।

কোন গ্রহই কখনও স্থাকে ছেড়ে যাবে না। তাদের সকলেরই চিরকালের জন্য স্থেরি সঙ্গে গাঁটছড়া বাঁধা আছে। তারা সকলে মিলেমিশে একটা সুখী পরিবার। এই পরিবারের

নিরমশ্তখলা আদর্শস্থানীর। স্থে হল
পরিবারের প্রধান।
এই কারণে গ্রহপরিবারকে বলা হয়
সোর জগং।

এবারে ফিরে আসা যাক। চলো যাই



কিন্তু সকলেই অনেক দ্রে। এই কারণে আকাশে কোন গ্রহকেই চাঁদের মতো গোলাকারে দেখা বায় না। তাদের সকলকে দেখা যায় কেবল উম্জ্বল বিন্দ্র্র্পে। তাই তারার সঙ্গে তাদের গালিয়ে ফেলা খাবই সম্ভব।

বলাই বাহন্ত্রা সবচেয়ে ভালো দেখা যায় প্থিবীর কাছাকাছি গ্রহগন্তাকে — বৃধ, শৃক্ত, মঙ্গল, বৃহস্পতি আর শনি গ্রহকে। ভালো বাইনোকুলার দিয়ে শৃক্তগ্রহকে দেখা যায় একরণ্ডি কান্তের মতন, অনেকটা চাঁদের কান্তের মতন। আর তখনই বৃথতে বাকি থাকে না যে এটা কোন ভারা নয় — এটা হল এক অন্ধকারাচ্ছর গোলা, যার একটা দিক স্থের আলোয় আলোকিত।

বৃধকে দেখতে পাওয়া আরও কঠিন। তার গতিপথ স্থেরি বড় কছোকছি। আর স্থা থেহেতু উজ্জ্বল সেই কারণে বৃধকে চোখে পড়া কঠিন। কেবল মাঝে মাঝে, স্থা যখন দিগতে অন্ত যায়, তখন গোখালির কিরণে কিছ্কণের জন্য দেখা যায় একটা ছোট্ট জ্বলজ্বলে তারা— এটাই বৃধ। সে ব্যন্তসমন্ত হয়ে স্থের পেছন পেছন চলেছে, যেন তার ভর পাছে স্থাকে না ধরতে পায়ে; তারপর দেখতে দেখতে দিগতের ওপারে মিলিয়ে যায়। কখন কখন শ্কের মতো বৃধকেও সকালবেলায় দেখা যায়। দিগগিরই স্থা যেখানে ওঠার কথা, দিগতের ওপার থেকে লাফিয়ে সে চলে আসে সেই জায়গায়, তারপর খানিকটা ওপরে উঠে যায়, কিন্তু আধঘণ্টা বাদেই উষার কিরণে মিলিয়ে যায়।

ব্ধ কখনও 'স্কির হরে বসে থাকতে' পারে না। সমগু গ্রহের মধ্যে সে সবচেরে দ্রুতগামী, সবচেরে ছটফটে — কখনও এখানে, কখনও ওখানে; এই তাকে দেখা যায়, এই দেখা যায় না।

প্রাচীন গ্রীকেরা এই গ্রহটির নাম দিরোছল মার্কারি। তাদের কথার, কারও যদি কোথাও যাবার কোন তাড়া থাকে তাহলে তাকে মার্কারির কাছে শিক্ষা নেওয়া উচিত। এই কারণে দ্রমণকারী ও পথযাত্রীরা সকলে মার্কারিকে তাদের গ্রন্থ ও পৃষ্ঠপোষক বলে গণ্য করত। সওদাগরেরাও। সওদাগরদের ত সবসময়ই তাড়া থাকত বত তাড়াত্রাড় সম্ভব পসরা



যথাস্থানে পেণছে দেওয়ার। যত তাড়াতাড়ি নিয়ে যাবে তত তাড়াতাড়ি বেচতে পারবে, তত তাড়াতাড়ি টাকা পেয়ে যাবে। তাই মার্কারি বাণিজ্যেরও প্রষ্ঠপোষক হয়ে দাঁড়াল।

মঙ্গলকে রঙ দেখে অন্যান্য তারার চেয়ে আলাদা করে চেনা যার। সাদা-নীলচে তারাদের মধ্যে মঙ্গলকে মনে হয় যেন উজ্জ্বল কমলা রঙের। স্বচক্ষে যাচাই করে দেখতে হলে প্রতিবেশী তারাদের দিয়ে আকাশে তার অবস্থান মনে করে রাখো। কয়েক দিন বাদে লক্ষ করবে কী ভাবে সে সরে গেছে।

রঙের দিক থেকে মঙ্গল আগানের মতো, ধানির অগ্নিশিখার মতো। এই কমলারঙের গ্রহটির দিকে তাকিয়ে মানুষের মনে হত ষেন আঁগকান্ড, যে আঁগকান্ড যুদ্ধবিগ্রহের সময় তাদের ঘরবাড়ি ধরংস করে।

প্রাচীন গ্রীকেরা এই গ্রহটির নাম দিয়েছিল মার্সা,। মার্সাকে তারা ভয় করত। তারা মনে করত আকাশে তার আবির্ভাব মানেই মানুষের ওপর যুদ্ধ এবং অন্যান্য দূর্বিপাক ঘনিয়ে আসা।

কিন্তু সেনানায়করা মার্সকে তাদের পৃষ্ঠপোষক বলে গণ্য করতেন, তাঁরা ভরসা করতেন যে মাস**্** তাঁদের শ<u>ুরু</u>জয়ে সাহায্য করবেন।

মার্স বা মঙ্গলকে প্রতি বছর দেখা যার না। সুর্বের চারধার ঘ্ররে আসতে প্থিবীর দ্বিগ্রণ সময় লাগে তার। প্রায়ই এমন হয় যে আমাদের গ্রহ পূর্থিবী সূর্যের যে দিকটায় আছে, মঙ্গল আছে তার উলটো দিকে।

সেক্ষেরে মঙ্গলকে দেখা যায় না। উল্জ্বল স্থালোক বিঘা ঘটায়। দিনের বেলায় নীল আকাশে <mark>সূত্রের প্যশে কি আর</mark> উল্জ_বল তারাকেও চেনা যায়? অবশাই<mark>, যায় না। কিন্তু মঙ্গল</mark> যথন আমাদের দিকটায় থাকে তখন রাতের বেলায় তাকে চমংকার দেখা যায়। কখন কখন সে প্রথিবীর <mark>খুব কাছাকাছি</mark> চলে আসতে থাকে, তখন সে হুয়ে উঠতে খাকে বড় আর জনুপজনুলৈ। 🦠

মঙ্গলকৈ দেখা যায় কেবল রাতেও কিনের বেলায় সূর্য যে পথ ধরে যায় আকাশের সেই তাংশে তাকে খ'লতে হয়। আকাশের এই অংশেই রাতের বেলার বৃহস্পতিকেও দেখা যায়। বৃহস্পতি চোথ ধাঁধানো উজ্জ্বল সাদা ভারা। সভিক্যেরর তারাদের সঙ্গে তার তফার্ম্ভ হল এই যে সমস্ত গ্রহের মতো সেও মিটমিট না করে লণ্ঠকের মতো সমান ভাবে জনলে।

জোরাল বাইনোকুলার দিয়ে বৃহস্পতিকে দেখলে বেশ মজা



পাওয়া যাবে। তখন ভার দ্'পাশে চোখে পড়বে সারি বাঁধা চারটি ছোট ছোট তারা — এত ছোট যে প্রায় নজরেই পড়ে না। মনে করে রেখো ওরা কোথায় আছে এবং কাল, এমনকি সম্ভব হলে আজই কয়েক ঘণ্টা বাদে তাদের দেখার চেণ্টা কর। দেখতে পাবে তারাগ্লো জায়গা বদল করেছে। যেটা ছিল বৃহস্পতির বাঁরে সেটা এখন তার ডাইনে। যেটা ছিল কাছে সেটা এখন দ্রে সরে গেছে। এরা হল বৃহস্পতির উপগ্রহ, তার চাঁদ। ওরা বৃহস্পতির চারধারে ঘোরে। যতবার তুমি বৃহস্পতিকে দেখ ততবারই ওদের দেখতে পাবে নতুন জায়গায়।

বৃহস্পতির সবচেয়ে ক৷ছাকাছি যেটা আছে সেটা যোরে সবচেয়ে বেশি জোরে।

ব্রুপতি আর তার চন্দ্রমণ্ডলী নিয়ে একটা ছোটখাটো 'সৌরজগণ'-এর মতন। তাই বাইনোকুলার দিয়ে যখন বৃহস্পতিকে দেখ তখন মাঝখানে সূর্যসমেত আমাদের গ্রহপরিবারকে দিবিয় ধারণা করা যায়।


শনিও একটা জনলজনলে সাদা তারা। তবে বৃহস্পতির চেয়ে <mark>কিছুটা স্লান।</mark> এটা <u>স্বচেয়ে স্কুন্দর গ্রহ।⁄কেন, তা পরে</u> জানতৈ পারবে 🕕 🍌

্রীরাজ গ্রহকে একসঙ্গে জড় করে যদি বিরাট একটা রুলারের ওপর সার দিয়ে <u>রাখা যেত তাহলে আমরা দেখতে পেতাম</u> ওদের প্রত্যেকর আকার <mark>একেক রকম। কোন কো</mark>নটি আমাদের প্রথিবীর চেয়ে ছোট, কোনটি বা <mark>অনেক বড়।</mark>

সবচেয়ে ছোট গ্রহ বৃধ। সবচেয়ে বড় -- বৃহদ্পতি। কিন্তু এই বৃহস্পতি পর্যস্ত স্থের চেয়ে <mark>বহুগুণ ছোট। স্</mark>য আমাদের ছবিতে আঁটবেই না।

তুলনার খাতিরে আমরা পাশে চাঁদকে<mark>ও এ'কেছি।' চাঁদ</mark> বুধের চেয়েও ছোট।

দেখতে পাচ্ছ গ্রহগুলো সব কত ভিন্ন ভিন্ন?





আচ্ছা, তোমরা কি মনে কর বড় হোক ছোট হোক বে-কোন গ্রহে বাস করা একই কথা?

নাকি মনে কর বড় গ্রহে বাস করা ভালো? সেখানে বেশি জায়গা আছে বলে? নাকি ছোট গ্রহেই ভালো? বেশ তাড়াতাড়ি 'ভূপ্রদক্ষিণ' করা যায়?



দাঁড়াও, আগে ভাগে কোন সিদ্ধান্ত করে বসো না। ব্যাপারটা বেমন মনে হচ্ছে আসলে মোটেই তত সোজা নয়।

গ্রহ যত বড় তত জোরে সমস্ত কিছুকে সে টানে। এই কারণে বড় গ্রহে যে-কোন জিনিসকে মাটি থেকে তোলা বৈশি কঠিন। জিনিস অনেক বৈশি ভারী মনে হয়।

বেমন ধর ব্হস্পতির আকর্ষণ প্থিবীর তুলনার প্রায় তিনগ্রণ বেশি। ব্হস্পতিতে আমরা পায়ে ভর দিয়ে দাঁড়িয়েই



থাকতে পারতাম না। আমাদের মনে হত আমরা প্রত্যেকে ষেন কয়েক কিলোগ্রাম করে স্কাটকেসের চাপে আছি।

বলাই বাহ্লা, অমন চাপে পড়ে আমাদের পা বে'কে বাবে। ব্হস্পতির টান যে কেবল আমাদের পক্ষেই সহ্য করা অসম্ভব তা নর। ইটের পাকা দালান পর্যন্ত ব্হস্পতিতে ধসে পড়ে যাবে। যে ইটের ভিতের ওপর দালান দাঁড়িয়ে থাকে তা পিষে গাঁড়িয়ে থাবে, যেহেতু ব্হস্পতিতে পাঁচতলা দালানের ওজন হবে পনেরো তলার সমান।

বৃহস্পতিতে ডিজেল ট্রেনের ভারে রেল লাইন দ্মড়ে ম্চড়ে যাবে, এরোঞ্জেনের ডানা ভেঙে পড়ে যাবে, বাস-এর স্প্রিং আর চাকা ফেটে চুরমার হয়ে যাবে।

তাহলেই দেখতে পাচ্ছ, বড় গ্রহে বাস করা অত সহজ নর। সেথানে দরকার 'ফেরোকংফ্রীটের' মান্য, 'ইম্পাতের' গাছপালা আর 'পাথরের' জন্তুজানোরার।

আচ্ছা, ঠিক আছে, তাই যদি হয় তাহলো ত ছোট গ্রহগ্মলোতে বাস করা পরম স্থেবর বলতে হবে। ছোট গ্রহের টান দ্বল। সব জিনিসই সেখানে হয়ে যায় হালকা, মনে হয় যেন গ্যাস-বেল্ন অবলদ্বন করে আছে। সেখানে হাঁটা সহজ, দ্বত ছোটা যার, অনেক উচ্তে লাফানো বায়। মনে আছে চাঁদের কথা?

দাঁড়াও, দাঁড়াও, অত তাড়াতাড়ি খ্বাশ হয়ে কাজ নেই। ছোট গ্রহে মান্বের ওজন যদি কম হয় তাহলে ইট পাথর এবং অন্যান্য জিনিসেরও ত ওজন কম হবে, তাই না? ছোট গ্রহ জল এবং বাতাসও খ্ব কম টানে।

তোমরা ভূলে যাও নি বে প্থিবী বার্র 'প্রলেপ' লাগানো? কিন্তু ভেবে দেখেছ কি এই বার্ কেন প্থিবীর গায়ে লেগে থাকে? এই দেখ না কেন একটা ফুটবলের গায়ে যদি তামাকের ধোঁয়ার 'প্রলেপ' লাগাতে যাও তাহলে ধোঁয়া সঙ্গে দকে চারদিকে ছড়িয়ে পড়ে। বার্ও ত ধোঁয়ার মতোই। দেও ছড়িয়ে পড়তে চায়, প্রিবীর ওপর থেকে ছড়িয়ে চতুদিকৈ চলে যেতে চায়। কিন্তু বায় না কেন? তায় একমার কারণ এই যে প্রিবীর শক্তি আছে, প্থিবী তার আপন জায়ের বাতাস টানে, তাকে নিজের কাছে ধরে রাখে। কিন্তু প্রিবী একটু দ্বল হয়ে গেলেই আর দেখতে হছে না — বায়্সাকে সঙ্গে মহাকাশের চতুদিকে ছড়িয়ে পড়বে, যেমন ঘরের মধ্যে ছড়িয়ে পড়ে তামাকের ধোঁয়া।

স্ত্রাং ছোট গ্রহে বায়্র অবস্থাটা রীতিমতো শোচনীয় দাঁড়াচ্ছে। ছোট গ্রহগ্লোর বায়্কে ধরে রাখার মতো যথেণ্ট

শক্তি নেই। বায়্ব একটু একটু করে তাদের কাছ থেকে দ্বের সরে যায়।

একনকি মঙ্গল গ্রহেও প্থিবীর তুলনাম বাম, অনেক কম। বাম, সেখানে একেবারে 'পাতলা', 'হালকা'।

ব্ধে বার; নেই বললেই চলে। আর চাঁদের কথা ত তেমেরা জানই — সেখানে আদো বার; নেই। বহু কাল আগে চাঁদ তার সমস্ত বার, হারিয়েছে।

ছোট গ্রহগন্তোতে বায় ই একমার সমস্যা নয়। সেখানে জলের অবস্থাও শোচনীয়। সমস্ত জল বাংপ হয়ে উবে খায়। বিশেষত স্থা যখন তাকে গরম করে। তখন জল হয়ে যায় বাংপ, কুয়াশা, মেঘ। আর কুয়াশা ও মেঘ হল বায় রেই অংশ। তাকে যদি শক্ত করে ধরে রাখা না যায় তাহলে মহাকাশে ছড়িয়ে হারিয়ে যায়।

এই কারণে ছোট গ্রহগুলোতে জলও প্রায় নেই।

মঙ্গলে জল এক আধ ফোঁটা আছে, কিন্তু চাঁদ একেবারে শ্বননা খটখটে। চাঁদে এক ফোঁটাও জল নেই। এমনি চাঁদে বিদ বালতি করে জল বয়ে নিয়ে এসে তার পাথরের ওপর ঢালোও দেখতে দেখতে সেই জলের ডোবাটা শ্বিক্যে উবে যাবে, বাষ্প ভেসে চলে বাবে মহাকাশে, সেখানে হাওয়া হয়ে ছড়িয়ে পড়বে চতুর্দিকে।

তাহলেই দেখ, যে কোন গ্রহে বাস করা এক কথা নয়। মোটকথা, দাঁড়াচ্ছে এই যে 'মাঝারি আকারের' গ্রহই বসবাসের সবচেয়ে উপযোগী। এই যেমন আমাদের প্থিবী। অন্ততপক্ষে মঙ্গল।

কিন্তু হাাঁ, আমরা কিন্তু তাপের কথাটা এখনও ভেবে দেখি
নি। গ্রহগ্রেলা কিন্তু দল বে'ধে গোল হয়ে স্বর্থের চারদিকে
ঘারে না। তারা প্রত্যেকে নিজের নিজের কক্ষপথে ঘারে:
কোন কোনটা স্বর্থের কাছাকাছি, কোন কোনটা অনেকটা দ্রে।
স্বর্থ তার কিরণ দিয়ে গ্রহকে তাপিত করে। স্বর্থের তাপ
ছাড়া জীবন ধারণ করা সম্ভব নয়। যে কোন চুল্লির মতোই
স্বর্থেও কাছ থেকে জোরাল তাপ দেয়, দ্র থেকে — ক্ষীণ।
প্থিবী যদি স্বর্থের কাছাকাছি চলে আসত তাহলে সম্দ্র
ত ডেকচির জলের মতো টগ্রগ করে ফুটতই, গাছপালাও গরমে
জ্বলেপ্রড়ে যেত।

আবার প্থিবী যদি স্য থেকে দ্রে সরে যেত তাহলে এত ঠান্ডা হত যে সমস্ত সম্দ্রের তলা অবধি জমে যেত। প্থিবীটাও প্রো ঢেকে যেত বরফে। এমনকি গ্রীম্মকালেও গলত না। তার মানে একেক গ্রহে একেক রকম 'আবহাওয়া'। কোনটাতে বেজায় গরম, কোনটাতে বা বেজায় ঠাণ্ডা। তাহলে 'লাগসই জায়গাটা' মাঝামাঝি কোথাও হবে নিশ্চয়।

দেখা গেছে একমাত্র পৃথিবীই হল সেই 'লাগসই জারগা'। এমনকি আমাদের প্রতিবেশী যে শৃক্ত, সেখানেও বেজার গরম। আবার অন্যদিক থেকে দেখতে গেলে একমাত্র মঙ্গলে কোন রকমে বাস করা গেলেও যেতে পারে। কিন্তু সেখানেও বেশ ঠান্ডা, মোটে আরাম পাওয়া যাবে না।

এসো, এবারে আরও কাছ থেকে গ্রহগ্নলোর পরিচয় নেওয়া যাক।

আকাশে চাঁদ বেমন দেখা যায় টেলিস্কোপ দিয়ে গ্রহণ,লোকেও অনেকটা তেমনি দেখা যায়। উভ্জবল চক্র আর তার গায়ে কালো কালো দাগ। এরকম একেকটি কলখক আকারে প্রিথনীর প্রেরা একেকটি দেশের সমান। এই দেখ না, সবচেয়ে ছোট গ্রহ যে ব্রুধ সেও একটা প্রকাশ্ড গোলক — এত বড় যে পায়ে হেটে এক বছরেও তার চারদিক খোরা যায় না। বিজ্ঞানীয়া টেলিস্কোপ দিয়ে কোন একটা গ্রহ দেখেব

বিজ্ঞানীরা টেলিস্কোপ দিয়ে কোন একটা গ্রন্থ দেখেন, দেখতে দেখতে তাঁরা হয়ত লক্ষ করলেন যে গ্রন্থের কলঙেকর আকৃতি পালটাচ্ছে। তাঁরা বলেন এর মানে হল মেঘ। অর্থাৎ গ্রন্থের চারদিকে এসে জমেছে বায়ন্ত্রর আর তার সেই বায়ন্ত্রের ভেতরে ভাসছে ধ্লোবালি, কুরাশা ও মেঘপ্রাপ্ত।

কিন্তু গ্রহের ওপরকার কল্ডকগ্নলো যদি দিনের পর দিন, বছরের পর বছর একই রকম থাকে তাহলে ব্রুতে হবে মেঘ নয়, গ্রহেরই নিজস্ব কিছু। হয় বিশাল নীল সমন্দ্র, নয়ত বিরাট নিবিড় অরণ্য কিংবা কালো কালো শৈল্মালা।

বিজ্ঞানীরা টেলিস্কোপ দিয়ে আরও দেখতে থাকেন। কালো দাগগালো যদি সম্দ্রই হয় তাহলে স্থাকিরণে জলের অন্তত মাঝে মাঝে চিকচিক করার কথা। কিন্তু চিকচিক যদি না করে তাহলে ব্রুতে হবে ওটা 'শ্রুকনো' জায়গা — এই যেমন, বনজঙ্গল বা পাহাড়-পর্বত।

বিজ্ঞানীরা টেলিস্কোপ দিয়ে কেবল দেখেনই না, তাঁরা টেলিস্কোপের সাহায্যে গ্রহের ছবিও তোলেন। টেলিস্কোপের গুপর নানারকম জটিল যশ্রপাতি লাগিয়ে সেগ্লোর সাহায্যে গ্রহের তাপমাত্রা মাপেন, জানতে পারেন গ্রহের বায়্ব কী দিয়ে গঠিত, গ্রহের পিঠ বাল্ব, পাথর না উদ্ভিদ — কিসে ঢাকা।

বিজ্ঞানীরা ইতিমধ্যেই এইভাবে গ্রহদের সম্পর্কে অনেক কিছা জেনে গেছেন। আমরা তাই অনায়াসে কল্পনায় যে কোন গ্রহে ভ্রমণের জন্য যাত্রা করতে পারি।



ব্ৰুধগ্ৰহে নামা যায় কি?

এবারে আমাদের মহাকাশখান যাত্রা করল ব্ধের দিকে।

অমনিতে মনে হয় বৃধ বৃঝি ঘ্রপাক খায় না। যেন সব
সময় 'এক পাশ হয়ে' স্থের দিকে উড়ে চলেছে। কিন্তু
এটা চোখের স্তম মাত্র। গ্রহটার কলঙকগ্লো নিরীক্ষণ করে
দেখ। সেগ্লো আলোর দিক থেকে ছায়ার দিকে অলপ
অলপ করে 'সটকে যাচ্ছে'। তার মানে খরেরি রঙের এই
গোলকটি, ধীরে ধীরে হলেও, ঘোরে ঠিকই।

ব্ধ চলে তাড়াতাড়ি। তিন মাসে সে স্থাকে প্রদক্ষিণ করে।
কিন্তু নিজের অক্ষদশ্ভের চারদিকে ঘ্রের ঘ্রের স্থারে কিরণে
দেহের সমস্ত 'পাশগ্রেলাকে' গরম করতে সে সময় নেয় প্রো ছয়টি মাস।

বোঝ কান্ড! ব্ধের দিন-রাত তার বছরের দ্বিগ্ন! অর্থাৎ ব্ধে 'নববর্ষ' দিনে দ্বার উদ্যাপন করা যায়! এই ধর সকালে আর সন্ধ্যায়। তবে হাাঁ, একটা কথা ভূলে গেলে চলবে না: সকাল যদি ওথানে হয়, ধর, আমাদের এথানকার জানুয়ারীতে, ত 'সন্ধ্যা' এপ্রিলের আগে হচ্ছে না।

আজব গ্ৰহ বটে!



এই গ্রহের কোন্ জায়গায় তাহলে আমরা নামব?

এখান থেকে স্ব খ্বই কাছে। স্ব কৈ দেখায় বিরাট।
প্থিবী থেকে যেমন দেখায় তার প্রায় তিন গ্নুণ বড়। অসহ্য
গরম। একেবারে জন্লিয়ে প্রিড়য়ে দেয়। ব্ধের আলোকিত
দিকটা একটা অগ্নিকুন্ড বিশেষ — ৪০০ ডিগ্রী! এরকম 'গরম
দিন' স্থায়ী হয় তিন মাস। এখানে আমাদের মহাকাশবান
নামানোর কোন প্রশ্নই উঠতে পারে না। জনলে প্রড়ে বাব!
এমন তাপমাহায় কাচ নরম হয়ে বায়, সীসে গলে বায়!

ব্ধে বহুকাল আগে সমস্ত জল ফুটে ভাপ হরে উবে গেছে, প্রায় সমস্ত বায়্ব মহাকাশে মিলিয়ে গেছে। সেখানে কেবল শ্কুকো, নগ্ন পাথর। দিনের বেলয়ে এমন গনগনে যে পা ফেলামার তোমার ব্টজ্বতোয় আগনে ধরে যাবে। এই একই সময় গ্রহের অন্য অংশে, তার ছায়াছয়ে দিকে স্চীভেদ্য কালো রাত। ভয়৽কর ঠা৽ডা। তাপমারা সেখানে ১৫০ ডিগ্রী হিমা৽ক, এমনকি তার চেয়েও বেশি। স্থাদিগস্তে অস্ত গেল, তারপর তিন মাস তার আর দেখা নেই। ব্রুধের নিজম্ব চাঁদ পর্যন্ত নেই। তবে শ্রুচ গ্রহটি আমাদের আকাশে যেমন দেখায় ব্রুধের আকাশে তার চেয়ে অনেক বেশি উম্জন্ত। কেবল এই শ্রুচই থেকে-থেকে ব্রুধের হিমজমাট শিলাগ্রুলোকে রাতের বেলায় অফপদ্বশে আলোকিত করে। আর যথন এই শ্রুচও অস্ত যায় তথন ব্রুধের ব্রুকে নেমে আসে নিশিছদ্র আঁধার।

কিন্তু তা সত্ত্বেও এই গ্রহে নিরাপদে অবতরণ করা সম্ভব। এমনকি মহাকাশ্যান থেকে বেরিয়ে হাঁটাচলাও করা যায়। বলাই বাহনুলা, স্পেস্স্মাটে।



স্ব অস্ত গেলে দিনের আলো রাতারাতি, সন্ধার মধ্যে নৈশ হিমে পরিণত হতে পারে না। সম্ভবত ঠাণ্ডা হর অলপ অলপ করে। এই বদল যখন ঘটতে থাকে তখন একটা সময় তাপমান্তা নিশ্চয়ই এমন পর্যায়ে আসে যেটা আমাদের অভাস্ত, আমাদের কাছে প্রীতিকর — এই ধর, ১৫-২৫ ডিগ্রী সেণিটগ্রেড।

তাই আমরা আমাদের মহাকাশযান নামাব আলো ও ছার।র মাঝখানের সীমানার, 'অগ্নিকুন্ড' ও 'হিম্বরের' মাঝামাঝি ফালি জারগার, যেখানে এখন সন্ধ্যা। যেখানে এখন আর গ্রম নেই, তবে ঠান্ডাও এখনও পড়ে নি।

নেমে আমরা চারদিকে তাকিয়ে দেখি।

ব্ধের সঙ্গে চাঁদের অনেক মিল আছে। চাঁদের মতোই ব্ধেও
ম্যাড়মেড়ে একঘেরে প্রান্তর, সেই সঙ্গে এখানে ওখানে গর্ত আর পাথর। সর্বান্ত সেই এক রকম গোল গোল গহরুর, চারধার টিলায় ঘেরা। কেবল আকাশ এখানে চাঁদের আকাশের মতো প্রোপ্নরি কালো নয়। এখানকার আকাশ কালো-বেগনী।
হাজার হোক ব্ধে এখনও একটু-আধটু বাতাস রয়ে গেছে।
স্ব এখন একেবারে দিগতে। টিলা আর শৈলচ্ডাগ্লো
থেকে লশ্বা লশ্বা ছায়া পড়েছে। ছায়ায় পাথর জন্ডিয়ে
আসছে। ছোয়া যায়। শিলাগ্লো থেকে গরম উন্নের মতো
আরামদায়ক তাপ পাওয়া যাচছে।

ঘণ্টা বিশেক কেটে যায়। আমাদের প্রথিবীর সময়ের মাপে প্রায় এক দিন। অথচ এখানে সূর্য সবে দিগন্তরেখার ওপারে নামল। তাও আবার প্ররোপ্রির নয়, তার কিনারাটা এখনও পাহাড়-পর্বতের মধ্যিখানে একটা চোখ ধাঁধানো 'আলোকস্তভের' মতো জবলজবল করছে।

করেক ঘণ্টা বাদে এই 'আলোকস্তম্ভটাও' নিভে যায়। আমাদের চারদিকের পাহাড়-পর্বতের চ্ড়াগ্নলো তথনও আলো দিচ্ছে। পরে ধীরে ধীরে সে আলোও নিভে যায়। নেমে আসে নিশ্ছিদ্র আঁধার। সেই সঙ্গে দ্রুত ঠান্ডা নামতে থাকে। কিন্তু ঘাবড়িও না। ব্ধ ঘ্রের গিয়ে যদি আমাদের ছায়ায় নিয়ে যেতে পারে, তাহলে আমরাও 'উলটো দিকে ফিরে গিয়ে' ফের আলোয় চলে আসতে পারি। আরও সঠিক ভাবে বলতে গেলে চলে আসতে পারি আলো ও ছায়ার সীমানায়। আর আমরা যদি চলতেই থাকি তাহলে সারা সময় এই সীমানায় থেকে যাওয়া যায়।

আমরা তা-ই কবব। আমাদের এমন যান আছে যা যে-কোন জায়গার ওপর দিয়ে যেতে পারে। তাতে চেপে আমরা 'স্থের নাগাল ধরতে' যায়।

বৃধ ঘোরে আন্তে আন্তে। তাই প্রতিদিন আমাদের তেমন একটা বেশি পথ পাড়ি দিতে হলে না। ছয় মাসে আমাদের 'ভূপ্রদক্ষিণ' শেষ হবে। এই পর্যটন করার সময় আমরা গরমে বা ঠাওায় কোনটাতেই মরব না। সব সময় আমরা থেকে যাব 'লাগসই জায়গাটায়'। আমরা খ্ব চালাক, তাই না?

এই গ্রহের অভ্ত প্রকৃতি দেখে অবাক হয়ে যেয়ো না। এর কক্ষপথ একপাশে সামান্য হেলে গেছে। সূর্য তার ঠিক মাঝখানে নয়, একটা প্রান্তের খানিকটা কাছাকাছি। বৃধ এই কক্ষপথে চলতে চলতে কখনও স্যের কাছাকাছি চলে আসে, কখনও বা তার কাছ থেকে দ্রে সরে যায়। বৃধ থেকে স্যের দিকে তাকালে দেখতে পাবে সূর্য কখনও 'স্ফাত' হয়ে উঠছে, প্রচণ্ড তাপ দিচ্ছে, কখনও বা 'সঙ্কুচিত' হয়ে গিয়ে তাপ কমিয়ে দিচ্ছে। এই 'ঠাণ্ডা ঋতুতে' ব্ধে শ্ন্যাঙ্কের ওপরে ২৫০-৩০০ ডিগ্রী ত তুচ্ছ! এই 'বিদঘ্টে' কক্ষপথের জন্যই ব্ধের আকাশে স্থা সমতালে চলতে পারে না। তিন মাসে একবার তাকে গতিবেগ মন্থর করতে হয়, সে থেমে গিয়ে খানিকটা পিছনে হটে য়য়। কেবল আরও একবার যেন 'শক্তি সণ্ডয়ের জন্য' স্থির হয়ে একটু দাঁড়িয়ে থেকে ফের সামনের দিকে ছটে মারে।

পরমাশ্চর্য! প্রথিবীতে এমন ঘটে না। কিন্তু এই 'পরমাশ্চর্যের' জন্যে আমাদের বেশ স্বিধাও হল। ছয় মাস ভ্রমণকালে আমরা দ্বার বিশ্রাম করতে পারলাম, একই জায়গায় দ্বাসপ্তাহ করে বাস করতে পারলাম। অবশ্য এটা ঠিক যে পরে স্বর্য যখন ফের আকাশে নিজের পথে যাত্রা শ্রুর্করল তখন তার সঙ্গে পালা দিয়ে দিনে ১৫০-২০০ কিলোমিটার আমাদের চলতে হয়েছিল। কিন্তু আমাদের এই যানটি সর্বত্র অবাধ গতিতে চলতে পারে বলে কোন অস্বিধাই আমাদের হয় নি।

এই ভাবে আমরা সম্পূর্ণ গ্রহটা ঘ্ররে এলাম। সব দেখলাম। তবে হ্যাঁ, দ্বঃখের কথা এই যে ব্রেধ প্রাণের কোন চিহু নেই। শ্ব্রই পাথর। সর্বত্র একই রকম পাথর — মৌন, স্থির। মৃত জগং। চাঁদেরই মতন।



শ্কেগ্ৰহে আমরা কী দেখতে পাব?

এবারে এসো, শ্রুগ্রহ পরিদর্শন করা যাক। শ্রু স্থেরি দ্বিতীয় নিকটতম গ্রহ।

শ্রু ব্ধের মতো একেবারেই নয়। ব্ধ ছিল মেঘহীন, প্রায় অস্পন্ট, হালকা বায়্মন্ডলে ঘেরা। নগ্ধ পাথর সেখানে পালাক্রমে কখনও জনুলস্ত স্থাকিরণে কখনও বা ভয়ঞ্কর হিমে পাড়িত। কিছুই নড়ে না। পরিপূর্ণ নৈঃশব্দ।

এখানে সবই তার উলটো। শ্রুগ্রহের ওপরে আছে খ্র ঘন, গাড় বায়্মণ্ডলের 'প্রলেপ'। সেই বায়্মণ্ডলে এত বেশি মেঘ যে গ্রহটা যেন সাদা তুলোয় আন্টেপ্তে জড়ানো, বিন্দ্মার আলোর ঝলক তার ভেতর দিয়ে যায় না।

এই সাদা লেপের আড়ালে কী আছে জ্যোতির্বিজ্ঞানীরা শত শত বছর ধরে এই নিয়ে মাথা ঘামান।


সকলে একটা বিষয়ে একমত হন যে শ্রুত্রহ নিশ্চরই বেশ উষ্ণ হবে, কেননা তা আমাদের তুলনায় সুর্যের কাছাকাছি।

সকলেই এটা ব্ৰুড়ে পারতেন যে শ্রেক্ত চির গোধ্বলির রাজম্ব। শ্রেকে যদি কোন প্রাণীর অস্ত্রিম্ব থাকেও তাহলে 'তাদের' মাথার ওপরে সব সময় ঘ্রের বেড়ায় ঝড়ের মেঘ। 'তারা' ধারণাই করতে পারে না যে নীল আকাশ, স্ব্র্য আর তারা বলে কিছ্ব থাকতে পারে।

বাকি সব ব্যাপারে নানা মহানর নানা মত। নানা রকম জলপনা-কল্পনা করতে থাকেন বিজ্ঞানীরা।

একদল বেশ জোর দিয়ে বলতেন যে শ্রু হল কুলকিনারাহীন এক মহাসাগর। সেখানে আকাশ থেকে অবিরাম বৃষ্টি ঝরছে। এক কথায়, সর্বন্ত জল আর জল।

অন্যেরা আপত্তি তুলে বলেন, ওখানকার জল অনেক আগে শর্নকিয়ে গেছে। শ্রুক হল প্রেরাপ্রির একটা খটখটে মর্ভূমি। কেউ কেউ আবার দ্রুই দলের মতের মধ্যে একটা রফায় আসার চেণ্টা করলেন। তারা বললেন, প্রথিবীতে যা যা আছে ওখানেও সন্তবত সে সবই আছে। সম্র আছে, আবার মর্ভূমিও আছে। পাহাড়-পর্বত আছে, বনজঙ্গল আছে। গরমের দর্ন গাছগাছড়া সেখানে প্রচুর, ঘন। নিবিড় অরণ্যে ঘ্রের বেড়ায় আশ্চর্য আশ্চর্য জন্তুজানোয়ার। কালো মেঘের নীচে পাখাওয়ালা অন্তত সমস্ত প্রাণী।



টেলিন্স্কোপে কেবল দেখা যেত সাদা তুলোর গোলা - এর বেশি আর কিছুই নয়।

তথন কাজে যোগ দিলেন বেতার-জ্যোতির্বিজ্ঞানীরা। তাঁদের টেলিস্কোপ বিশেষ ধরনের। যে চোঙ্গা দিয়ে দেখতে হয় তাঁদের ঐ টেলিস্কোপে তা নেই। তাঁরা অতি সংবেদনশীল বেতারযন্ত্র ও বিশলে থালার আকারের বিশেষ এক ধরনের এরিয়ালের সাহায্য গ্রহণ করেন। এই এরিয়াল যে দিকে 'তাকায়' কেবল সেই দিক থেকে বেতার তরঙ্গ ধরে।

বেতার-জ্যোতিবি জ্ঞানীরা তাঁদের এরিয়ালগুলো বিভিন্ন দিকে মাথ করে রাখলেন। দেখা গেছে সমস্ত তেতে ওঠা জিনিস থেকে বেতার তরঙ্গ বিচ্ছারিত হয়। অবশ্য তাই বলে কোন রকম শব্দ বা সঙ্গতি বহনের ক্ষমতা এই সমস্ত তরঙ্গের নেই। এদের যদি ধরে কোন লাউডম্পীকারে চালান করা যায় তাহলে স্রেফ খসখস আওয়াজ শোনা যাবে। কিন্ত এই খসখস নানা রকমের হয়ে থাকে। ঈষদৃষ্ণ জিনিস থেকে এক রকম, উত্তপ্ত জিনিস থেকে আরেক রকম। বেতার-জ্যোতির্বিজ্ঞানীরা এই আওয়াজগুলো আলাদা আলাদা করে চিনতে শিখেছেন, ফলে তাঁরা দরে থেকে কোন জিনিসের তাপমান্তা মাপতে পারেন।

বেতার-জ্যোতির্বিজ্ঞানীরা তাই এবারে তাঁদের যন্দের এরিয়াল শ্বক্রগ্রহের দিকে মুখ করে রাখলেন। শ্বক্রগ্রহ থেকে বিচ্ছ্রিত বেতার-তরঙ্গ ধরার পর তাঁরা জানালেন শুক্রগ্রহের মেঘ ঠাণ্ডা, কিন্তু সেই মেঘের নীচেই আছে একটা প্রায় গনগনে লাল শক্ত পিঠ !

বৈতার-জ্যোতিবিজ্ঞানীদের কথা লোকে বিশ্বাস করল না। শাুক্র একে বুধের তুলনায় সাুর্য থেকে দূরে, তায় আবার মেঘে ঢাকা — সূতরাং বৃধের চেয়ে গরম সে হবে কী করে?

ওখানে আসলে কী আছে পুরোপ্যার জানার জন্য সোভিয়েত বিজ্ঞানী ও ইঞ্জিনীয়ররা শক্তিশালী রকেটের সংহায্যে শুকে স্বয়ংক্রিয় ফ্রপাতি পাঠানোর সিদ্ধান্ত নিলেন। সেগ্লোর নাম 'আন্তঃগ্রহ স্বয়ংক্রিয় স্টেশন'।

এই স্টেশনগুলোর একেকটির শুক্রে পেণছাতে তিন মাস সময় লাগে! প্রথম দুটি স্টেশন পাশ দিয়ে উড়ে চলে যায়। তৃতীয়টি শ্বক্রে পেণছায় বটে, কিন্তু কোন সংবাদই পাঠাতে পারে নি। তবে এর পরেরগ্বলো চমৎকার ভাবে নিজেদের কর্তব্য সম্পাদন করে। সেগ্মলো শ্রুগ্রহে গিয়ে সেখানকার বায়্মণ্ডল ভেদ করে, ব্রেক কষে প্যারাস্ট্র খ্রলে ধীরে ধীরে রহস্যময় মেঘের মধ্যে ভূবে যেতে থাকে। নামার সময় তার।

কার কথা যে সত্যি তা বোঝার কোন উপায় ছিল না। তাদের যন্ত্রপাতির সাহায্যে যা যা উপলব্ধি করে সে সবই অবিরাম বেতারে প্রেরণ করতে থাকে।

> বেতার-জ্যোতিবিজ্ঞানীদের আনন্দ আর হাঁদের অনুমানই সত্য প্রমাণিত হল। স্টেশনের ফলপাতির সাহায্যে ধরা পড়ল যে শ্ফের বায়, সম্দের তলদেশে গ্রম ৪৭০ ডিগ্রী সেণ্টিগ্রেড। সত্যিকারের একটা জবলস্ত চুল্লি যাকে বলে।

> যন্ত্রপাতি আরও বহু কৌত্হলোদ্দীপক তথ্য পাঠাল। যেমন, আমরা জানতে পারলাম যে শাকে দিন-রাত, শীত-গ্রীচ্মে সর্বদা এই গরম থাকে; সেখানকার বায়, আমাদের এখানকার বায়াুর চেয়ে কয়েক ডজন গাুণ ঘন এবং তার উপাদানও সম্পূর্ণ ভিন্ন। মানুষের পক্ষে বিষাক্ত।

> টাটানো মাটিতে নামার পর দুটো স্টেশন চারপাশের এলকোর ছবি পর্যস্ত তোলে। টেলিডিশনের সাহায্যে শুক্রগ্রহের পাথরের ক্রোজ আপও দেখায়।

> এবারে তাহলে এসো, 'জীবনযাপনের সম্পূর্ণ অনুপ্যোগী' এই গ্রহটাতে নামার চেন্টা করে দেখা যাক।


> আমাদের মহাক।শ্যান্টি অবশ্য অগ্নিরোধক আর বেশ মজবৃতও। অতএব ঝুকি নেওয়া যেতে পারে।

> বিশাল তুলোর গোলাটার দিকে উড়ে আসতে আসতে গায়ে যেন কেমন কাঁটা দিয়ে ওঠে। নামব কোথায়? — কিছুই যে দেখা যায় না! আমাদের পায়ের নীচে কুডলী পাকিয়ে উঠছে মেঘের রাশি। আমাদের নীচে যদি সমভূমি থাকে তাহলে ভালো বলতে হবে, কিন্তু যদি থাকে পাহাড়ের ধারাল খোঁচা খোঁচা চুড়ো কিংবা অতল খাদ?

> আমাদের মহাকাশযান মেঘের ভেতরে নামতে থাকে। সাদা সাদা কুণ্ডলী যেন ফু'সতে ফু'সতে চারধার থেকে আমাদের জড়িয়ে ধরছে, পোর্টহোলের বাইরে ছুটে চলেছে, আমাদের মাথার ঠিক ওপরে এসে মিশেছে। অন্ধকার হয়ে আসতে লাগল।

> দৈখতে দেখতে মেঘের রাশি শেষ হয়ে গেল। এখন সেগুলো মাথার ওপর হলদেটে 'ছাদ' হয়ে আছে। আমাদের পায়ের নীচে দেখা যাছে বহু কিলোমিটারব্যাপী অভলস্পর্শ গহরর, তার তলায় ধোঁয়ার ভেতর দিয়ে অপ্পণ্ট চোখে পড়ে অন্ধকার আর আলোর কিছু, কিছু, ছোপ। এই হল আমাদের শত্ত্ত তার কঠিন পিঠ!

> একটা ধাক্কা! মহাকাশযানটা একদিকে কাত হয়ে কোথায় যেন পিছলে সরে গেল, পাথরের সঙ্গে তার গায়ের



ঘষা লাগায় ক্যাঁচকোঁচ আওয়াজ তুলে আরও একবার ধারু। থেয়ে শ্বির হয়ে গেল।

মনে হল সব ঠিক আছে।

অগ্নিরোধক দেপস্স্টে পরে আমরা বেরিয়ে এলাম।

দ্বীকার করতে বাধা নেই প্রথম প্রথম একটু ভর-ভরই করতে থাকে। প্রাকৃতিক দৃশ্যটা বড়ই হতাশাব্যঞ্জক। সর্বশ্র চলেছে সেই একই রকম একঘেরে বিবর্ণ পাথুরে মর্ভুমি। কোথাও কোন ডোবা নেই, কোন ঝোপঝাড়ের চিহ্ন নেই, মোটের ওপর প্রাণের চিহ্নমান্র নেই। কেবল ছির নগ্ন পাথর আর পাথর। মাথার ওপর ধ্সর-কালো রঙের মস্ণ মেঘের আচ্ছাদন। যেটুকু আলো এসে পড়েছে তা ম্যাটমেটে, ছায়াহীন। শরংকালে মেঘলা দিনে আমাদের এখানে বেমন হর। বাতাস ঘোলাটে, যেন সামান্য খোঁরা-খোঁরা। এই ধ্সের আধারের মধ্যে দ্রের পাথরগুলো মিলিয়ে যায়, দিগন্ত চোখে পড়ে না।

কিন্তু তা হলেও চাদ বা ব্যধের মতো শ্রুক প্রেরাপ্রির মৃত জ্বগৎ নর। নজর করে দেখলে চলে ফিরে বেড়াচ্ছে এমন কিছু, জিনিস এখানে চোখে পড়বে। বায়ু, ধীরে ধীরে বইছে। এটাকে বাতাস অবশ্য ঠিক বলা যার না। আমাদের প্রথিবীর বাতাস ক্ষিপ্র, দমকা, অন্থির প্রকৃতির। কিন্তু এখানে অনুভূতিটা এমন হয় যেন একটা বিশাল নদীর মধ্যে ভূবে আছ, আর সে নদীর জল শান্ত গন্তীর ভাবে, ধীরেস,ছে একই দিকে বয়ে চলেছে। এই শান্ত স্লোতের তাড়নায় ছোট ছোট ন্যতি পাথর জমির ওপর দিয়ে অলস গতিতে গড়িয়ে গড়িয়ে চলেছে। খোঁয়ার মধ্যে কোথাও কোথাও চোখে পড়ে মন্থরগতিতে ভাসমান ঘোলাটে ধারা — সম্ভবত ধ্বলো। দ্বের দিকে তাকালে দেখতে পাবে পাথরগালো সামান্য নড়াটড়া করছে, যেমন আমাদের এই প্রথিবীতে ধ্নির ওপরকার গরম হাওয়ার ভেতর দিয়ে তাকালে দেখতে পাও। মোটের ওপর, বায়ুর অস্বাভাবিক ঘনত্ব পরিষ্কার উপলব্ধি করা যায়। যখন জমির ওপর পা ফেল তখন পায়ের তলা থেকে 'কুয়াশা' ওপরে ভেসে ওঠে আর স্লোতে ধীরে ধীরে তা একপাশে সরে যেতে থাকে। আমাদের পূর্থিবীতে নদীর তলার পলিমাটির মতো। দাঁড়িয়ে থাকা কঠিন। স্রোত চাপ দেয়। মনে হয় যেন কেউ হাতের তান্দ্র তোমার গারে ঠেকিয়ে আলতো করে, অথচ জেদ ধরে তোমাকে ধারু মারতে মারতে এগিয়ে বেতে বলছে। স্লোতের মূথে চলা সহজ! কিন্তু স্লোতের বিপরীতে চলা বড় কঠিন। তোমাকে নীচু হয়ে খ্ৰুজতে হবে কোথায় পায়ের ভর দেওয়া যায়। পা তাড়াতাড়ি ক্লান্ত হয়ে পড়ে।

স্পেস্স্যটের ভেতরে গরম এখনও টের পাওয়া যাচছে না। কেবল পায়ের তলায়, ব্টের প্রে, সোল্ থাকা সত্ত্বেও ইতিমধ্যেই গরম লাগছে।

আমরা আমাদের প্রথম পরীক্ষা চালাই। সঙ্গে করে বে ফ্লান্স নিয়ে এসেছিলাম সেখান থেকে আধ গোলাস জল চেটাল পাথরের ওপর ঢালি। গনগনে স্টোভের ওপর পড়লে বেমন হর — মৃহ্তের মধ্যে জল ইতস্তত বিন্দ্ বিন্দৃ হয়ে চারদিকে ছড়িয়ে ছিটিয়ে পড়ল, পাথরের ওপর চড়বড় আওয়াজ তুলে ছটফট করতে করতে দেখতে দেখতে খানিকটা বান্প হয়ে মিলিয়ে গোল। কয়েক মৃহ্তে বাদেই পাথর খটখটে শুকনো।

আমাদের কাছে এক টুকরো সীসে আছে। সেটাকে পাথরের ওপর রাখলাম। প্রায় সঙ্গে সঙ্গে ছাইরঙা ধাতুর টুকরোটা গলে টলটলে রুপোলি জল হয়ে গেল।

গর্ভ খোঁড়ার চেণ্টা করে দেখা যাক। শাবল দিয়ে আমরা বড় বড় পাথর উলটে ফেলি, পাথরের তলাকার মাটি ডেঙে কোদাল দিয়ে সরাই। অনেক কণ্টে পাথরের জমির আধ মিটার খানেক গভীর পর্যন্ত খাঁড়ে। গর্ভটার তলার এক টুকরো সীসে ফেললে তা কিন্তু যেমনকার তেমন পড়ে থাকে, গলে না। তার মানে, 'অগ্নি-ডপ্ত জগং' বলতে আমরা যাকে জানি সেটা এই গ্রহের ওপরকার একটা পাতলা শুর মান্ন। গভীরে 'অনেকটা ঠাওা'। সেখানে তাপমান্তা 'মোটে' শ' তিনেক ডিগ্রী।

মহাকাশ্যান থেকে আমরা সেই যে বেরিয়েছি তারপর কয়েক মিনিট কেটে গেছে। এখন কিন্তু আমাদের এই তাপনিরোধক স্পেস্স্যুটের ভেতরেও বেশ গরম লাগতে শ্রুর করেছে।

আমরা আমাদের মহাকাশ্যানে ফিরে চলি। যত তাড়াতাড়ি সম্ভব এখান থেকে চলে খেতে হয়!

বোতাম টিপি। মহাকাশযানের মাথার ওপর বেলনে ফুলে ওঠে। আমাদের যান মাটি ছেড়ে ওপরে উঠে 'ভাসতে' শ্রু করে।

পোর্ট হোলের ভেতর দিয়ে দেখতে পাবে বাইরে ধারে ধারে আলো ফুটে উঠছে। তারপর হঠাৎ প্রবল ধারায় কেবিনের ভেতরে এসে ঢোকে চোখ ধাঁধানো স্বর্যের আলো। আমাদের যানটা জলের ভেতর থেকে বেরিয়ে আসা ছিপির মতো মেঘের ভেতর থেকে ভুস করে ছিটকে বেরিয়ে আসে! চারধারে ফের আমাদের অভ্যন্ত, রিদ্ধ, স্বচ্ছ, আলোর প্লাবিত মহাকাশ। এখানে কী চমৎকার! এই হল শ্রুগ্রহ। কিন্তু আমরা তাই বলে হাল ছেড়ে দিচ্ছি না।

প্থিবীতে, জলময় মহাসাগরের তলায়ও আরামের কিছ্
নেই। সেখানে ঠাওা, চির আধার। কিন্তু মহাসাগরের
অধিবাসীদের তাই বলে ত আর কেউ মহাসাগরের তলায়
ঘ্রের বেড়াতে বাধ্য করছে না! সেখানে কুকুর বাস করে না,
বেড়ালও বাস করে না — এমন কোন জীব বাস করে না
যাদের পায়ের তলায় শক্ত মাটির দরকার। বাস করে মাছেরা।
তাদের অনেকে তলা কাকে বলে জানেই না। ওখানে তারা
কথনও যায় নি। সারা জীবনই তারা সাঁতার কাটে, জলের
উপরিভাগের কাছাকাছি দিয়ে চলে।

শ্কেগ্রহের বায়্বসম্দ্র অনেকটা প্রথিবীর সাগর-মহাসাগরেরই মতন। ঐ বায়্বসম্দ্রের উপরিভাগের কাছাকাছি সাঁতরে সাঁতরে সেখানে জীবন যাপন করা সম্ভব, এমনও ত হতে পারে?

শারু গ্রহের মেঘরাশির ওপরের দিকে গরম নেই। সেখানকার বায়্ব প্রায় প্থিবীর উপরিভাগের বায়্র মতোই ঘন। তোমার আমার মতো মান্ব ঐরকম বায়্বসম্দ্রে সাঁতার অবশ্যই কাটতে পারবে না। আমরা পড়েই যাব। পাখি ভানা ঝাপটাতে ঝাপটাতে নিজেকে সামলাতে পারে, কিন্তু মাঝে মাঝে তাকেও ত বিশ্রাম নিতে হয়। কোথায় সে বসবে? ফে'সোর মতো ছোট ছোট কটিপতক্ষের ব্যাপার অবশ্য সম্পূর্ণ আলাদা। এরকম বায়্বসম্দ্রে তারা ধ্লিকণার মতো ভেসে থাকতে পারে, এর জন্য ভানা ঝাপটানোর পর্যন্ত দরকার হয় না।

তাই শ্রে মেঘরাশির ওপরে ধ্লিকণার মতো এই রকম খ্রে খ্রে জীব থাকা খ্রই সম্ভব। নীচে, বার্র নীচের শুরে অগ্রিকুন্ড থাকলেও তাদের কিছ্বই আসে বার না। ওখানে যাবার আদৌ কোন বাসনা তাদের নেই।

মোটের ওপর শুকু গবেষণার বিষয়। লোকে এথানে আসবে, কিন্তু বায়্সম্বের তলদেশে নামতে যাবে না। কোন্ দরকার? তারা বেলানে বা বায়্যানে চেপে মেঘের ওপরে ভেসে ভেসে যাবে। নানা রকম অগ্নিরোধক যন্ত্রপাতি নীচে নামিয়ে দিয়ে, র্যাভারের সাহায্যে গ্রহের উপরিভাগ হাতভে হাতভে তারা

শ্বকের মানচিত্র তৈরি করে ফেলবে। হয়ত সেখানে পাওয়া যাবে উ'চু উ'চু পাহাড়-পর্বত, যার চ্ডায় গরম তেমন বেশি নেই। আবার সেখানকার মেরপ্রদেশ ন্নিদ্ধও হতে পারে।

কোন কোন বিজ্ঞানী এমন অভিমতও প্রকাশ করেছেন যে শ্রুককে 'গোছগাছ করে' বসবাসের উপযোগাঁ করে তোলা যায়। তারা বলেন এর জন্য দরকার শ্রেকর আবহমণ্ডলে এক বিশেষ ধরনের কীটাণ্য ছেড়ে দেওয়া। বায়্মণ্ডলে ভাসতে ভাসতে তারা দ্রুত বংশব্দ্ধি করবে, সমস্ত গ্রহে ছড়িয়ে পড়বে এবং করেক বছরের মধ্যে শ্রেকর বায়্র উপাদান পালটে ফেলবে। বায়্মণ্ডলে স্বচ্ছতা আনবে।

তখন গ্রহের পিঠ ধারে ধারে জর্ড়িয়ে আসবে। মেঘ থেকে তার ওপর অঝার ধারায় বৃত্তি ঝরবে। তার বৃকে দেখা দেবে নদা, সরোবর, সম্দ্র। আর্দ্র জমিতে লোকে বীজ বৃনবে। বনজঙ্গল বায়্কে অক্সিজেন যোগাবে, ফলে বায়্ জাবজভু ও মান্ধের নিশ্বাস গ্রহণের উপযোগা হয়ে উঠবে।

প্রলোভন জাগায়, তাই না? 'ছিতীয় প্থিবী' গড়ে তোলা — একবার ভেবে দেখ দেখি!

আপাতত এটাকে আমরা কল্পনাবিলাসই বলব। আপাতত, বলছি। পরে কী হবে সে দেখা যাবে। শ্রুককে ঢেলে সাজানোর আগে তাকে নিয়ে ভালোমতো গবেষণা করতে হবে।

মার্কিন স্বয়ংক্রিয় যশ্র শ্বকের চারদিকে ঘ্রের র্যাভারের সাহায্যে মেঘের ভেতর দিয়ে তার পিঠ হাতভে দেখেছে। তা থেকে ওখানে কোথায় পাহাড়-পর্বত আছে, কোথায় সমভূমি আছে জানা সম্ভব হয়েছে, গ্রহটির মানচিত্রও তৈরি করা গেছে। শ্বকে সোভিয়েত ইউনিয়নের স্টেশনগ্রেলাও অন্সক্ষান্
চালিয়ে যাছে। এরকম প্রতিটি স্টেশন এই আশ্চর্য গ্রহটির

আচ্ছা, আপাতত আরও দ্রে যাত্রা করা যাক। আমরা তৃতীয় গ্রহটিতে না থেমে তার পাশ কাটিয়ে চলে যাব এবারে। এটা ত আমাদেরই গ্রহ — প্রথিবী। আমাদের বন্ধ্রান্ধবের উদ্দেশে হাত নেড়ে যাত্রা করি সোজা চতুর্থ গ্রহে — মঙ্গলে!



মঙ্গলগ্ৰহে মঙ্গলবাসী আছে কি?

মঙ্গলের দিকে উড়ে চলেছি। পে'ছিতে এখনও ঢের দেরি আছে, কিন্তু গ্রহটিকে দেখা যাচ্ছে লালচে বালি রঙের গোলার মতন।

শ্বকের সঙ্গে মঙ্গলের অমিল বড়ই বেশি। মঙ্গল হালকা শ্বচ্ছ বায়্মণডলে জড়ানো। বায়্মণডল নির্মেঘ। মঙ্গলে কোন কিছ্বে আবরণ নেই, তাই তার সমস্ত খ্টিনাটি ভালো করে দেখা বায়।

তার ওপরে একটা দিকে জেগে আছে একটা উম্প্রান সাদা ছোপ। অনেকটা টোপরের মতো। এটা মঙ্গলের দুর্নিট মের্বর একটি। মঙ্গলে যখন শীতকাল কেবল তখনই এই টোপরটা দেখা যায়। গ্রীষ্মকালে থাকে না। তাহলে কি এটা ত্যার?

মঙ্গলের অধিকাংশ জায়গা আলোকিত, লালটে রঙের। এই
পটভূমিকার ওপর চোখে পড়ে গাঢ় ধ্সর বর্ণের কিছু ছোপ।
লোকে যথন প্রথম টেলিকেনপ দিয়ে মঙ্গলকে দেখতে পায়
তথন তারা ঐ ছোপগ্লোকে 'সম্দ্র' বলত। তারা ভেবেছিল
ওগ্লো ব্রি আমাদের প্থিবীর সম্দ্রের মতোই জলপ্ণ।
কিন্তু তা যদি হত ভাহলে ত স্থেরি কিরণে জল চকচক করত।
অথচ মঙ্গলে কন্মিনকালে কোন জিনিস চকচক করতে দেখা
যায় না। লোকে শিগগিরই ব্রুতে পারল গ্রহটির অন্ধকারাচ্ছ্র
অংশগ্লো একেবারে শ্রুকনো।

কিন্তু 'সমনুদ্র' নামটা রয়েই গেল।

নিরীক্ষণ করে দেখতে গেলে কখন কখন মনে হতে পারে যে বড় বড় কালো ছোপ ছাড়াও মঙ্গলে খেন অস্পন্ট ভাবে চোখে পড়ছে অভুত কালো কালো কিছু রেখা। রেখাগ্লো সক্ষা, টানা স্তোর মতো সোজা চলে গেছে। চলে গেছে নানা দিকে। ভাঙা হাঁড়ির ওপরকার ফাটলের মতো, দেখে মনে হয় এই ব্রি ভেঙে পড়ে যাবে।

এই রহস্যময় রেখাগ্রলোকে বলা হত 'খাল'। যদিও লোকের ব্রতে বাকি ছিল না যে 'সম্দ্র' যদি শ্রকনো হয় তাহলে 'খালও' জলপ্রণ হতে পারে না; বিশেষত প্রস্থে বখন সেগ্রলা কয়েক ডজন কিলোমিটার!

লক্ষ করা গেছে বে মঙ্গলের 'সম্দু' ও 'থালগ্নলো' শীতকালে ফিকে। বসন্তকালে সেগ্নলোতে গাঢ় রঙ ধরতে থাকে — যেন তারা 'রসে টেটম্ব্র' হয়ে উঠছে। কখন-কখন মনে হয় যেন সবজেটে। শরংকালে আবার ফিকে হতে থাকে।

কিন্তু এই একই ব্যাপার ত ঘটে আমাদের প্রথিবীর বনেজঙ্গলে। শীতকালে গাছপালা নগ্ন। এই সময় যদি ওপর থেকে,
এই ধরো, এরোপ্লেন থেকে বনের দিকে তাকানো যায় তাহলে
তাকে দেখাবে ধ্সর, শ্লান স্বচ্ছ। আর গ্রীষ্মকালে গাছপালা
তেকে যায় সব্জ পাতায়। বন ক্রমশ গাঢ় রঙ ধারণ করে।

এই কারণে অনেকের ধারণা হল যে মঙ্গলের ঐ গাঢ় রঙের ছোপগ্নলো তার বন। আর যেখানে গাছপালা জন্মায় সেখানকার জমি ভিজে ও নাবাল না হয়ে যায় না।

একথা বিশ্বাস না করা কঠিন ছিল, কেননা মঙ্গলের 'বনভূমি' ঠিক তখনই গাঢ় হতে শ্রু করে যখন তার মের্র তুষার-টোপরটা গলতে থাকে। গাঢ় রঙ ধরে প্রথমে টোপরটার ঠিক কাছে, তারপর ধীরে ধীরে দ্রে আরও দ্রে ছড়িয়ে পড়ে। দেখে মনে হয় যেন বরফগলা জল গ্রহের ওপর দিয়ে বয়ে চলেছে আর তার ছোঁয়া পেয়ে উদ্ভিদকুলে প্রাণের সাড়া পড়ে গেছে।

কিন্তু কী ভাবে সেই জল বয়ে চলে? ঐ 'থালগ্নলো' দিয়ে
নয় কি? তাহলে 'খালগ্নলো' এমন সোজা চলে গেছে কেন?
প্রকৃতিতে সরল রেখা প্রায় হয় না বললেই চলে। নদী
এ'কেবে'কে চলে। সম্দ্রের উপকৃল ক্ষতবিক্ষত — সেখানে
আছে খাড়ির পর খাড়ি। পাহাড়-পর্বত ত যেমন তেমন খ্রিশ
ভাই করা।

তবে মান্য সরল রেখা টানতে ভালোবাসে। সে সরল রেখায় বাঁধ বাঁধে, তাতে বেশ শস্তা হয়। বনের ভেতর দিরে পথ কাটে সরল রেখায়, তাতে বিস্তর স্বিধা। মান্য ব্দিমান প্রাণী, তাই যে কোন জিনিস যতটা সম্ভব ভালো সে তৈরি করে।

তাই কোন কোন বিজ্ঞানী এই সিদ্ধান্তে এলেন যে মঙ্গলের টানা 'থালগা,লো' বৃদ্ধিমান মঙ্গলবাঙ্গীদের তৈরি। তাঁদের মতে, মঙ্গলে জল কম। মঙ্গলের বহু,দ্রে বিস্তৃত আলোকিত ছোপগালো সবই শাকনো বালা,। সেখানে না আছে কোন সম্দ্র, না সরোবর, না নদী। এমনকি সেখানে বৃদ্টিও হর না। কিন্তু জল ছাড়া কী ভাবে জীবন ধারণ করা সম্ভব? তাই বসন্তকালে মের্তে যখন তৃষারটোপর গলতে থাকে তখন মঙ্গলবাঙ্গীরা স্যক্ষে মহাম্ল্যবান বারিকণা সংগ্রহ করে, এক ধরনের পাইপ দিয়ে জল পাঠিয়ে দেয় গরম দেশে, তাদের চাষবাদের জারগায়, নিজেদের শহরগালোতে।

জল যাতে বেশ তাড়াতাড়ি পেশছনতে পারে তার জন্য পাইপগনলো সোজা টানা হয়। এই পাইপলাইনগনলো বরাবর মঙ্গলগ্রহে গ্রহবাসীদের সবজি খেত, মাঠ ও বাগান আছে — সেখানে জল সেচন করা হয়। এর পরে সর্বত্ত উষর মর্ন। সমস্ত গ্রহে সরবরাহ করার মতো যথেণ্ট জল নেই।

স্তোয় গাঁথা পর্তির মতো জলের পাইপলাইনে গাঁথা এই সব্জ জমিগবলোকেই নাকি আমরা গাঢ়রঙের রহস্যময় ফালির আকারে দরে থেকে দেখতে পাই। মান্বের কল্পনায় কী স্করই না মনে হয় এই সব! মঙ্গলের শহর! মঙ্গলবাসীদের প্রাসাদ! তাদের কুস্মিত বাগান!..

কিন্তু মঙ্গলের যত কাছে আমরা আসতে থাকি, একের পর এক আমাদের মোহভঙ্গ হতে থাকে।


প্রায় সমস্ত আলোকিত জারগাই, আমরা যেমন ভেবেছিলাম, মর্প্লান্তর। অবশ্য এটাও ঠিক যে কোথাও কোথাও চাঁদের গহনরের মতো গোল গোল নীচু গর্ত আছে। কিন্তু 'সম্দুর' বলতে আমরা যা মনে করতাম দেখা বাচ্ছে তা সম্পূর্ণ উলটো। 'বনজঙ্গলে ভর্তি' কোন 'ভিজে নাবাল জমি' আদৌ নর। প্রায় সমস্তটাই স্লেফ অনুর্বর পাহাড়ী এলাকা।

অন্ত ব্যাপার এই যে কাছ থেকে কিন্তু 'খালগ্রলাকেও' আর দেখা যাচ্ছে না। সে জায়গার চোখে পড়ছে একই রকম পাহাড়-পর্বাড, গহরুর, খাত — ষেমন আশেপাশের সর্বান্ত আছে।

এরকম কেন হল? সমভূমির চেয়ে পাহাড়-পর্বত বেশি কালো কেন? বসস্তকালে সেগ্লো আরও কালো হয়ে যায় কেন? কোথায় গেল সেই 'খালগ্লো'? সেখান থেকে যে চাওলাকর অনেক কিছু আমরা আশা করেছিলাম!

যত কাছে আসতে থাকি মঙ্গলের 'ম্ল রহস্যগ্রেলা' ততই অলপ অলপ করে আমাদের কাছে পরিষ্কার হয়ে আসতে থাকে। মঙ্গলে বিশুর ধ্লোবালি। আমাদের প্থিবীতে যেমন, তেমনি ওখানেও ধ্লোবালি থালি পাথরের চাইয়ের তুলনায় উল্জব্ল।





মঙ্গলে বাতাসের খ্ব জার। গ্রহের যে সমস্ত জারগা উঠে আছে প্রবল বাতাস সেখান খেকে ধ্লো উড়িয়ে নিয়ে যায়। অর্থাৎ পাহাড় থেকে ধ্লো যায় নাবাল জমিতে। পাহাড় সব সময় বাতাসের ফু'য়ে পরিক্বার। এই জন্য কালো দেখায়। কিন্তু তার পাদদেশে যে সমভূমি সেখানে সব সময় ঝে'টিয়ে রাজ্যের ধ্লোবালি এসে জমছে। তাই সেইখানটা উজ্জ্বল। বসন্তকালে মের্তে বরফ গলে। সেখান খেকে ভিজে বাতাস বইতে থাকে। সেই বাতাসে গ্রহ 'ধোয়ামোছা' হয়ে যায়। এর পর পাহাড়-পর্বত খানিকটা 'সতেজ হওয়ার' ফলে আরও

কালো দেখায়। গোটা ব্যাপারটা খ্রই সহজ। বনের সঙ্গে এর কোন রকম সম্পর্ক নেই।

তা না হয় হল, কিন্তু 'খাল'? এটা সম্ভবত দ্ভিটবিভ্রম। খাত, গহরর ইত্যাদি 'এবড়োখেবড়ো জায়গাগ্রলো' মঙ্গবে প্রোপর্নর বিশ্ভখল অবস্থায় ছড়িয়ে ছিটিয়ে আছে। কোথাও ঘন, কোথাও বিরল। তবে কোথাও হয়ত দৈবাং তিনটে কি চারটে গহরর সার বে'ধে আছে। কোথাও হয়ত দৈবাং প্রায় সরল রেখায় চলে গেছে পর্বতশ্রেণী। কোথাও বা দৈবাং মর্ভুমির বৃক চিরে তীরের মতো সোজা চলে গেছে বিশাল



বিশাল খতে। সবগ্রলো জায়গা দরে কালো কালো টানা ফালি বলে আমাদের মনে হয়।

কিন্তু এখন পর্যন্ত ব্রক্ষিমান মঙ্গলবাসীদের নির্মাণকলার কোন পরিচয় পাওয়া গেল না। বরং দেখেশ্বনে মনে হয় সে রকম কোন প্রাণী ওখানে নেই।

তব্ মঙ্গলকে চাঁদ, ব্ধ বা শ্রেকর মতো প্রাণহীন গ্রহ বলে আমাদের মনে হয় না। ঐ গ্রহগ্রো চুল্লীতে ঝাঁই পোড়া পাথরের মতো বা তা রকমের শ্রকনো। জল ছাড়া ত আর কোন রকমের জীবন সম্ভব নয়! কিন্তু মঙ্গল আর বাই হোক, একটু 'ভিজ্ঞ-ভিজ্ঞে'।

গোটা করেক সোভিরেত ও মার্কিন স্বয়ংক্রিয় স্টেশন
মঙ্গলের দিকে বায়। সেগালো গ্রহের চারধারে ঘারে ঘারে
যশ্বপাতির সাহায্যে তার ওপর অন্সন্ধান চালায়, চতুর্দিক
থেকে তার আলোকচিত্র গ্রহণ করে। এ থেকে কৌত্র্হলজনক
অনেক কিছ্ জানা গেছে।

জানা গেছে মঙ্গলের দুই মের্র ঐ যে সাদা টোপর ওগ্লো প্রধানত গড়ে উঠেছে 'শ্লুকনো বরফে', যে শ্লুকনো বরফ প্থিবীতে আমরা আইসক্রীমের বাজে রাখি। এছাড়াও অবশ্য আছে আমাদের সাধারণ তুষার — ঠান্ডায় জমা জল। বসত্তে সেই তুষার গলে বালপ হয়ে যায়। আর্দ্রতা বায়্তে সন্ধারিত হয়, বায়্প্রবাহে তাড়িত হয়ে চলে যায় গ্রহের উষ্ণ অংশগ্রেলাতে; সেখানে রাতের পর রাত সাদা হিমকণা হয়ে ঝরে পড়তে থাকে ঠাপ্ডার জমাট জমির ওপর। প্রভাতী স্থেরি কিরণে হিমকণা গলে যার, ফলে করেক মিনিটের জন্য মাটি ভিজে যার। উদ্ভিদ অথবা কটিপতঞ্জের মতো চেতন পদার্থ এই সমরের মধ্যে যথেন্ট পরিমাণে জল পেতে পারে।

সবচেয়ে মজার ব্যাপার এই যে মঙ্গলকে কাছ থেকে নিরীক্ষণ করার পর স্বয়ংকিয় বল্টগ্রেলা সেখানে মজা নদীর খাত দেখতে পায় এবং তার আলোকচিত্রও গ্রহণ করে। তার মানে, এই কিছ্কাল আগেও মঙ্গলে প্রবল জলধারা ছুটে চলত? পরে তাহলে সমস্ত জলপ্রবাহ গোল কোথায়? তাহলে কি মাটি সেগ্রুলো শ্বুবে নিয়েছে আর সেখানেই জমাট হয়ে গেছে? মঙ্গলে ত আবার ঠান্ডাও বটে।

কিন্তু, স্বরংক্রির যন্দের সাহায্যে আবার 'চুল্লিও' দেখতে পাওয়া গেছে — সেগুলো মাটির তলার জমাট জল গলানোর ক্ষমতা রাখে। মঙ্গলে আগ্নের্যাগরির সন্ধান পাওয়া গেছে। ঐ সমস্ত আগ্নের্যাগরি এখন অবশ্য আর অগ্ন্যুদ্গারণ করে না, নিভে গেছে। কিন্তু তা হলেও তাদের চারপাশে, নীচ থেকে, গ্রহের গভার তলদেশ থেকে উত্তাপ যায়। এর ফলে জমাট মাটি গলতে পারে। আর কোন আগ্রের্যাগরি থেকে যদি অগ্ন্যুদ্গারণ শ্রু হয়, সেখান থেকে গনগনে লাভাস্রোত বেরিয়ে আসে তাহলে সঙ্গে সঙ্গেছে পড়বে।

এ সমন্তর অর্থ হল এই যে মঙ্গলে জীবিত প্রাণীর পক্ষে ওপরের বায়; থেকে এবং নীচের মাটি থেকে জল সংগ্রহ করার পথে কোন বাধা নেই।

এই কারণেই আমাদের মনে হয় মঙ্গলে 'কেউ না কেউ' অন্তত বাস করে। কিন্তু কে?

অবশ্য সেখানে যে 'মান্ষ' আছে এমন মনে করার খ্ব একটা কারণ আমরা দেখি না। কিন্তু এই ধর, গাছগাছড়া, ছোটখাটো প্রাণী — এরা ত থাকতেই পারে।

ওখানে কোথায় তারা বাস করতে পারে? কোথায় তাদের খোঁজ করা যায়?

আমাদের এই প্থিবীতে প্রাণীরা বাস করে গ্রহের পিঠে।
সেটাই তাদের পক্ষে বেশি স্বিধাজনক। উষণতা আর জল
দ্বইই যথেক্ট পরিমাণে আছে। কিন্তু মঙ্গলে সম্ভবত মাটির
তলায় গর্ত খ্ডে বাস করা বেশি স্বিধার। যদি মাটির
ওপরে উঠতেই হয় ত কেবল আগ্নেয়াগরির জনালাম্থে,
যেখানে বেশ উষণতা আছে, আর আর্দ্রতাও বেশি আছে।

এবারে সবচেয়ে মজার ব্যাপারটা বলি। মঙ্গলের পাইড়ি-পর্বত ও প্রান্তরের ওপর দিয়ে ওড়ার সময় স্বয়ংক্রিয় যত অনেকগ্রলো রঙিন ছবি তোলে। সেই সব ছবিতে দেখা গেছে কিছ্র কিছ্র গহররের তলদেশে সব্জ-সব্জ! বলা যায় না, এটাই হয়ত মঙ্গলপ্রহে 'প্রাণের চিহ্ন'? হয়ত বা আমরা এখনই দেখতে পাব মঙ্গলের 'কল্পনাতীত', আশ্চর্য' কোন গাছগাছড়ার সব্জপাতার গালিচা, যায় মধ্যে গিজগিজ করছে আমাদের অজানা, অলোকিক সমস্ত খুদে খুদে জ্বুজানোয়ার?

১৯৭৬ সালে 'ভাইকিং-১' ও 'ভাইকিং-২' নামে দুটি মার্কিন স্বাধারিক স্টেশন মঙ্গলে নামে। মঙ্গলে সতি। সতিটে প্রাণ আছে না নেই, পারোপারি জানার ভার তাদের ওপর দেওয়া হয়েছিল।

ভাইকিং' স্টেশনদ্বটো তাদের ধাতব মাথা এদিক ওদিক ঘ্রিয়ে রেডিওর সাহায়ে মঙ্গলের চারপাশের এলাকার স্কুদর স্কুদর আলোকচিত্র প্থিবীতে পাঠায়। আলোকচিত্র দেখা গেল সীমাহীন বালির মর্ভুমি, তার ওপর পড়ে আছে অধেকি বালিতে ঢাকা সহ পাথর।

আলোকচিত্রে জীবনের সামান্যতম লক্ষণও দেখা গেল নাঃ
এরপর 'ভাইকিং' স্টেশনদন্টো তাদের কাছাকাছি জায়গায়
মাটি খ'ড়ে সেই মাটি 'গিলে' ভেতরে নিয়ে অন্সেরান চালাতে
লাগল তার মধ্যে অন্তত অতি ক্ষুদ্র আকারের এমন কোন
জীবন্ত ব্যাক্টেরিয়া আছে কিনা যাদের খালি চোখে দেখা যায়

না। প্থিবীতে কিন্তু তারা সর্বত্ত আছে — এমনকি মর্ভূমির বালুতেও।

শেষ কানেল: 'দেখেশ্বনে মনে হচ্ছে মঙ্গলে জীবন্ত কিছুই নেই। আবার একেবারেই যে কিছু নেই এমন কথাও হলফ করে বলা যায় না।'

বোঝ কাণ্ড! এর অর্থ কী? মান্ত্র তাই আজ পর্যন্ত জানতে পারে নি মঙ্গলে প্রাণ আছে কি নেই।

কিন্তু প্রাণ নিঃসন্দেহে সেখানে থাকা সন্তব। তাই আগের মতোই আমরা আশা করতে পারি যে আজ হোক কাল হোক একদিন আমরা ওখানে প্রাণের খোঁজ পাব।

যাই হোক, আমরা মঙ্গলের কাছাকাছি এসে পেণছিলাম। একটা সমতলমতো জায়গা বেছে নিয়ে মহাকাশযান নামালাম।

আকাশ নিমেঘি, গাঢ় বেগনী রঙের — যেমন আমরা দেখেছি ব্ধে। ব্ধের আকাশের মতে। এখানেও উজ্জ্বল আলো থেকে নিজেকে আড়াল করলে দিনের বেলায় তারা দেখা যায়।

চারদিকে তাকিরে দেখি। একদিকে আদিগন্ত বিস্তৃত নরনাভিরাম বালির চিবি। অন্য দিকে, সামান্য দ্বে দেখা যাচ্ছে মনোরম শিলামর পাহাড়ের শ্রেণী।

পায়ে হে'টে রওনা দিই এই পাহাড়ের দিকে।

আমাদের প্রনে অবশ্য স্পেস্স্টে আছে। নিশ্বাস নিতে হচ্ছে সিলিণ্ডার থেকে, আমাদের প্থিবীর বাতাসের সাহায্যে। এখানকার বাতাসের যা গঠন তাতে আমাদের পোষাবে না। তাছাড়া এ বাতাস আমাদের বাতাসের চেয়ে একশ' গুণু বেশি হালকা।

এই রকম পাতলা হাওয়ায় কোন পাথি বা কীটপতঙ্গ ভেসে থাকতে পারে না। মঙ্গলে কেবল ব্বকে হাঁটা যায়, দৌড়ানো ও লাফানো যায়।

মঙ্গলবাসী বলে যদি কোন প্রাণী থাকে ত পাখাওয়ালা তারা কোন রকমেই হতে পারে না।

মঞ্চলবাসী! তাদের সম্পর্কে মান্ত্রের কতই না জলপনা-কলপনা!

ু কেউ কেউ মনে করে তারা সম্ভবত খ্বই ছোট — পিপড়ের সমান।

কেউ কেউ তাদের শহুড়ওয়ালা আটপেয়ে জীব বলে কল্পনা করে। কারও কারও ধারণায় তারা সম্ভবত মান্বেরই মতন। আচ্ছা সাত্যিই যদি তাই হয়?

যে রকমই তারা হোক না কেন, প্থিবী সম্পর্কে সম্ভবত তাদের খ্ব কৌত্হল। তাদের যদি আমরা দেখা পাই তাহলে একজন মঙ্গলবাসীকে অন্তত আমরা সঙ্গে নিয়ে যাব। তাকে দেখাব আমাদের গ্রহ।

অবশ্য এটা ঠিক যে আমাদের এই প্থিবীর আবহাওয়ার সংস্পর্শে আসার সঙ্গে সঞ্জে তার দফা-রফা হয়ে যাবে। তাকে একটা জানদাসমেত ছোটখাটো ফ্রিজের ভেতরে বসিয়ে প্থিবী ঘোরাতে হবে।

এই ছোট্ট জানলার ভেতর দিয়ে যখন সে প্থিবীর সম্দ্র দেখতে পাবে তখন হয়ত ঈর্ষায় তার চোখ ফেটে জল আসবে। মিঠাইয়ের পাহয়ড় আর ক্ষীরের নদী দেখলে আমাদের যে অবস্থা হবে তারও অবস্থা হবে সেই রকম। মঙ্গলে জল সম্ভবত মহাম্লাবান বস্তুর মতো বোতলে করে বিক্রি হয়। কিন্তু প্থিবীতে মহাসাগর ভরতি জল আর জল — সে জলের ক্যাকড়ি দাম নেই।

আমাদের এই খ্বেদ মঙ্গলবাসীটি সম্ভবত সারা দিন মৃদ্ধ হয়ে দেখত প্থিবীর মেঘ। তাদের ওখানে এরকম যে কিছুই নেই! আমাদের মেঘ কতই না স্কার হয়ে থাকে — বিশেষত স্বেশির ও স্থান্তের সময়!

পাহাড়ের দিকে যেমন চলছিলাম সেই রকম চলা যাক। বেশ দুরের পথ। ঝুরঝুরে বালিতে পা ভূবে যায়।

পাহাড়ের ঢালে ইতিমধ্যে সব্জ আভা দেখা যাচছে। দেখে মনে হয় যেন শিলাখণ্ডের ওপর জায়গায় জায়গায় শেওলার পোঁচ পডেছে।

শৈলমালা এবারে একেবারে কাছে। দরে থেকে আমরা যাকে শেওলা বলে ভেবেছিলাম এখন তাকে নীচু নীচু ঝোপঝাড়ের মতো দেখাছে।

এমন সময়!.. এই ঝোপঝাড়ের নীচেই কী যেন নড়েচড়ে উঠল! জীবন্ত কেউ একটা লাফিয়ে আমাদের দিকে এলো, ফের মিলিয়ে গেল ঝোপঝাড়ের নীচে!.. আরে, 'ওরা' যে দেখছি সংখ্যার অনেক!.. ওরা আমাদের দেখতে পেয়েছে!.. আমাদের দিকে এগিয়ে আসছে।...

ওরা কারা?

না, আমাদের এই গলপকথা আর বাড়াব না। তোমরা ব্রুবতে পারছ, মঙ্গলে আঙ্গলে এখনও কেউ যেতে পারে নি। তাই এই গ্রহে প্রাণের অভিত্ব নিয়ে তোমরা নিজেরাই আরও ভালো করে কল্পনাবিলাস করতে পার। বার যেমন খ্রিশ। এতে আরও মজা পাবে। বড় হয়ে তোমরা নিজেরাই মঙ্গলে গিয়ে দেখে এসো কার কথা সতিয়।



বৃহস্পতি আর শনি কেমন?

ব্ধ, শৃক্ত ও মঙ্গলে আমরা নামতে পেরেছিলাম। তেমন একটা স্বাচ্ছন্দাকর না হলেও অন্ততপক্ষে কোন কিছুর ওপর পায়ে ভর দিয়ে দাঁড়িয়ে চারপাশটা নিরীক্ষণ করা যায়।

কিন্তু ব্হম্পতি ও শনির কথা যদি বল, সেখানে নামা একেবারে অসম্ভব। এই দুই গ্রহ বস্তুতপক্ষে স্লেফ মেঘ দিয়ে তৈরি বললেও আপত্তি করার কিছু নেই।

যেমন ধর ব্হুস্পতিগ্রহটি — যত বড় দেখার আসলে কিন্তু তত বড় নর। কিন্তু এটা আছে কুলের ভেতরকার বাঁচির মতো — বিশাল মেঘের গোলার ভেতরে। আমরা বলি 'ব্হুস্থতি কাঁ বিরাট!' কিন্তু বিরাট বলতে ত কেবল তার পোশাকটা।



কিন্তু বৃহস্পতির আছে দম্ভরমতো চৌশ্দটি উপগ্রহ —
চৌশ্দটি চাঁদ। তাদের মধ্যে কতকগন্লো খ্বই বড়। দন্টো
আমাদের চাঁদের সমান, দন্টো ত আবার আয়তনে ব্ধের চেয়ে
কম যায় না।

প্থিবী থেকে বৃহস্পতির উপগ্রহণ, লোর কোন রকম খ্টিনটি আলাদা করে বোঝার উপায় নেই। বড় বেশি দরের। কিন্তু হালে মার্কিন স্বয়ংক্রিয় স্টেশন 'পাইওনীয়র' ও 'তায়েজার' বৃহস্পতি ও শনির পাশ দিয়ে উড়ে গেছে। তারা খ্ব কাছ থেকে ঐ দৃই গ্রহ এবং তাদের উপগ্রহদের আলোকচিত্র গ্রহণ করেছে। দেখা গেছে বৃহস্পতির সকচেয়ে বড় বড় উপগ্রহণ, লো খ্বই কোত, হলোন্দীপক।

'ইও' হল একটা 'মরচে' রঙের গোলা। ভেতরটা সম্ভবত বেজায় গরম। সেখানে সব সময় আগ্নেয়গিরির প্রচন্ড অগ্নাদ্গীরণ চলছে।

'ইউরোপা' — উল্জ্বল, সাদা-সোনালি রঙের, সমান, বেন পালিশ করা। কিন্তু আগাগোড়া চিড়-খাওয়া।

'গানিমিড' — সবচেয়ে বড়, কালো, তার গায়ে আগাগোড়া সাদা সাদা আঁচড়। দেখে মনে হয় যেন কঠিন বরফে তৈরি, কালো খোসায় ঢাকা, তার ওপরে যেন ধারালো কোন কিছ্ব দিয়ে সপাং সপাং করে মারা হয়েছে।

'কাল্ লিস্টো' — বিশাল, খয়েরিরঙের, একেবারে ভাঙাচোরা। আগাগোডা গর্তে আর গতে ক্ষতবিক্ষত।





বৃহস্পতিকে রসিয়ে রসিয়ে দেখতে গেলে নামতে হয় 'ইওতে'। আর সব উপগ্রহের চেয়ে এটাই বৃহস্পতির সবচেয়ে কাছে।

বৃহস্পতি খ্র দ্রুত ঘ্রছে বলে তার বিষ্বরেখা বরাবর এলাকার মেঘের প্রলেপ পড়েছে — খরস্রোতা নদীর ব্রে জলের ধারার মতো।

মেঘের এই ধারাগানুলো অনবরত একটা আরেকটাকে ছাড়িয়ে যাছে, কুন্ডলী পাকিয়ে উঠছে, আকার বদল করছে।

এক জায়গায়, ব্হস্পতির সাদা সাদা ফালির মধ্যে কোন কোন সময় চোখে পড়ে একটা অন্তুত লাল দাগ। নদার তলা থেকে জল ঘ্লিয়ে উঠলে যেমন হয় এই জায়গাটায়ও যেন ঠিক তেমনি কোন গভার তলদেশ থেকে উঠছে লাল ধোঁয়া। রিজেম মেঘ সাদা মেঘের ধারা কেটে কুডলী পাকিয়ে উঠছে, কখনও উল্জাল হয়ে আসছে, কখনও বা ফেকাসে।

বলা যার না, হয়ত এই মেঘের সম্প্রের তলায় কোন এক আগ্রেয়াগার ফুংস উঠে অগ্ন্যুদ্গীরণ করছে, কখনও নিভে যাচ্ছে, কখনও বা নবোদ্যমে জনলে উঠছে? কোন একদিন বৃহস্পতির এই রছস্যের সমাধান তোমরা করবে।

আপাতত আরও দুরে যাওয়া মাক।

এর পরের গ্রহ — শনি। ব্হস্পতির সঙ্গে তার খুব মিল।
ব্হস্পতির মতো এটাও এক বিরাট মেঘের গোলা — এই
মেঘের গোলার গভীরে আছে শক্ত শাঁস। শনিকে ঘিরে আছে
একটা বেড়। এই জন্যে তাকে দেখতে বেশ জমকাল।
তাই বলে কিন্তু ভেবে বসো না যে শনির বেড়টা টুপির
কানাতের মতো শক্ত। মোটেই তা নয়। এই গ্রহের চারধারে
খুদে খুদে যে সমস্ত টুকরো-টাকরা ছুটে চলেছে এটা তা দিয়ে
তৈরি।

আমরা আমাদের মহাকাশযানে চেপে এই বেড় ভেদ করে উড়ে যেতে পারি — আকাশ থেকে যখন শিলাব্দিট পড়ে তখন তা ভেদ করে যেমন যাওয়া যায়। কেবল ছোট ছোট দানাগ্রেলা মহাকাশযানের গায়ে ঝমঝম আওয়াজ করে — এই যা। বেড়টা মোট ২০ কিলোমিটার মতন পরে। তাকে ভেদ করে মহাকাশযানের যেতে সময় লাগবে এক মিনিট।

সৌরপরিবারে শনিই সম্ভবত সবচেয়ে স্করে গ্রহ।

শনিরও উপগ্রহ আছে। শনির উপগ্রহগ্রলোর মধ্যে একটি হল 'টাইটান'। তার আয়তন ব্ধের সমান। তাকে জড়িয়ে আছে যে বায়্মণ্ডল তার গঠনপ্রকৃতি পাথিব বায়্মণ্ডলের গঠনপ্রকৃতির কাছাকাছি। কে বলতে পারে, হয়ত সেখানে জীবন আছে?


বাকি গ্রহগ্রের তেমন আকর্ষণীয় নয়। ইউরেনাস ও নেপ্চুন ব্হস্পতির মতো। আর প্লাটো একটা ঠাওার জমাট গ্রহ, ধ্-থ্ন করছে। সূর্য থেকে ভীষণ দ্রের। এত দ্রে যে স্যের চারধারে একপাক ঘ্রতে সেগে যায় ২৫০ বছর। স্যাকে ওখান থেকে দেখায় শ্বাহ একটা ছোটু জনলজনলে তারার মতন — বলাই বাহ্লা, এক ফোটাও তাপ দেয় না। আমাদের সৌরজগতে প্লাটো হল শেষ গ্রহ।

্প্রটোর পরে শ্র হয়েছে ফাঁকা জায়গা, চলে গেছে সেই তারারা যেখানে আছে সেখান পর্যন্ত।

কিন্তু প্রত্যেকটি তারাই একটা স্থা। আর দ্রের এই স্থাদের অনেকেরই নিজ্ঞান গ্রহ সম্ভব।

সেই সব গ্রহের কোন কোর্নাট হয়ত বা আমাদের প্রথিবীর মতন। সেখানে হয়ত লোকজন বাস করে। তারাও হয়ত আমাদেরই মতন।

কিন্তু সে তে অনেক দ্রে! আমরা আমাদের প্রতিবেশী গ্রহদের সম্পর্কেই বা এখন পর্যস্ত কতটুকু জানি?





মান্য কবে অন্যান্য গ্রহ সম্পর্কে আরও জানতে পারবে ?

প্রথিবী থেকে শ্বের্ টোলস্কোপ দিয়ে গ্রন্থ দেখে দেখে তাদের নিয়ে অনুসন্ধান চালানো কঠিন। মানুষের সব সময় সাধ হত নিজে সেখানে যায়, সব কিছু নিজের হাতে ছুংয়ে দেখে, নিজের চোখে দেখে, নিজের কানে শোনে, নিজের নাকে গন্ধ নিয়ে দেখে।

কী মজারই না হত যদি আমরা জানতে পারতাম অন্যান্য গ্রহে অন্তত প্রাণের কোন চিহ্ন আছে কি না, অন্তত কোন রকমের উদ্ভিদ বা প্রাণী আছে কি না!

সবচেয়ে বড় কথা, যে কোন গ্রহেই হোক, ব্দিমান প্রাণীর সঙ্গে দেখা করার বড় সাধ হর মানুষের।

কী রকম হবে সেই প্রাণী? আমাদের মতন? নাকি নয়?
একেকটি গ্রহা এই বিশাল, অকূল মহাকাশের বৃকে যেন
একেকটি ছোট ছোট ছীপ। তাদের মাঝখানে কোটি কোটি
কিলোমিটারের ব্যবধান। গ্রহা থেকে গ্রহান্তরে কী ভাবে যাওয়া
যায়? কিসে চড়ে?

তোমরা এখন জান যে বেলনে বা এরোপ্পেন কোনটাই এ কাজের উপযুক্ত নয়। বেলনে আকাশে ভাসে। এরোপ্পেন বাতাসে ডানা ভর দিয়ে চলে। বেলনে বা এরোপ্পেন কেবল ততটা উ'চুতেই উঠতে পারে, যেখানে যথেন্ট পরিমাণ ঘন ায়ন্ আছে, যেখানে বায়ন্মন্ডল যথেন্ট ঘন। কিন্তু যেখানে যান্মন্ডল 'শানো এসে ঠেকেছে', শেষ হয়ে গেছে, সেখানে রে ওড়া সম্ভব নয়। গাছ নিজে যতটা উ'চু, গাছ বয়ে কি মার ভার চেয়ে উ'চুতে ওঠা যায়? গ্রহে যাত্রার একেবারে গোড়ার পথটাই শৃধ্য বায়্মণডলের ভেতর দিয়ে গেছে। বাকি সমস্ত পথ গেছে মহাশ্নোর ভেতর দিয়ে। কিন্তু লোকে যেমন নালা-নদমা লাফিয়ে পার হয়, তেমনি মহাশ্নাও লাফিয়ে পার হওয়া যায়।

মান্ব অনেক দিন পর্যন্ত জানত না এটা কী ভাবে সপ্তব।
জানত না কী ভাবে দৌড়োতে দৌড়োতে গতিবেগ সপ্তর করে
হঠাৎ এক প্রচন্ড ঠেলা মেরে লাফিয়ে অন্য গ্রহে পোছানো
যায়। লোকে জানতে পারল তখনই যখন অসাধারণ রুশ
বিজ্ঞানী কন্স্তান্তিন এদ্রাদ্ভিচ ত্সিওলকোভ্চিক
বললেন যে মহাশ্ন্য ডিঙিয়ে গ্রহান্তরে যাওয়া য়য় একমাত্র
রকেটে চেপে।

রকেটে করেক মিনিটে বিপর্ল পরিমাণে জনালানি খরচ হয়। কান ফাটানো শব্দে রকেটের নীচ থেকে আগর্ন বেরিয়ে আসে এবং দানবীয় শক্তিতে রকেটকে ঠেলা মারে সামনের দিকে।

এমনকি রেললাইনের ওপর ভারী ভারী রেলগাড়ি টানার উপযোগী যে সমস্ত ডিজেল ইঞ্জিন আছে মহাকাশগামী একটা ছোটখাটো রকেটও তাদের কয়েক হাজার গুণ শক্তিশালী!

এহেন অলোকিক শক্তির অধিকারী হওয়ায় ভারী রকেট
অবলীলালমে মাটির টান ছেড়ে ওপরে উঠে পড়ে, অতি দ্রত
তার গতিবেগ বাড়তে থাকে। কয়েক মিনিটের মধ্যে রকেট
মেঘ ভেদ করে বায়্মশ্ডলের ভেতর দিয়ে মহাকাশে বেরিয়ে
আসে। সেখানে, মহাশ্নাতার মধ্যে কোন রকম বাধা না

থাকার প্রমন্ত বেগে ধেয়ে চলে। সেই সময় তার গতিবেগ হর আমাদের আধ্নিক 'তু-১৫৪' যাত্রিবাহী জেটপ্লেনের ৫০ গুলে দুতে।

এরকম অবিশ্বাস্য গতিতে প্রথিবী ছাড়ার পর রকেট শুর হয়ে যায়। 'লাফ' দেবার পর এখন সে ফাঁকা মহাকাশে উড়তে থাকবে খাতের ওপর দিয়ে ছু'ড়ে দেয়া ঢিলের মতো।

তিল সরল রেখায় না গিয়ে ধন্কের মতো হয়ে মাটির দিকে বাঁক নেয়। রকেটও মহাকাশে সরল রেখায় ওড়ে না, উড়তে উড়তে স্থেরি দিকে বাঁক নেয়। তাই রকেট এমন ভাবে ছাড়তে হবে যাতে বাঁক নিয়ে শেষ পর্যন্ত যেখানে দরকার ঠিক সেই জায়গায় গিয়ে পড়ে। ভূলে যেয়া না, যে-গ্রহটা তোমার লক্ষ্যস্থল সেটাও কিস্তু এক জায়গায় ক্রির হয়ে নেই। সেটা স্থেরি চারধারে ঘ্রছে। তার মানে ফাঁকা জায়গাকে নিশানা করে এমন ভাবে হিসেব করতে হবে যাতে রকেট উড়তে উড়তে কয়েক মাস পরে এই জায়গাটায় এসে গ্রহের সঙ্গে মিলতে পারে। মোটকথা, কাজটা দার্ণ জটিল। কিস্তু মান্য এ কাজে সক্ষম হয়েছে।

মাত্র প্রায় তিন দশক আগে, ১৯৫৭ সালে সোভিয়েত মহাকাশবন্দর বাইকোন্র থেকে প্থিবীর প্রথম কৃত্রিম উপগ্রহ আকাশে উংক্তিপ্ত হর। ১৯৫৯ সালেই মান্য অন্যান্য গ্রহে মহাকাশবান পাঠানোর জন্য উঠে পড়ে লেগে যার। মান্য প্রথম 'আকাশের চাঁদ হাতে ধরল' — সোভিয়েত স্টেশন 'ল্না-২' সেখানে একটা প্রতীক নিশান পাঠায়। এর পর থেকে সোভিয়েত ও মার্কিন আন্তঃমহাকাশ স্বয়ংক্তিয় স্টেশনগ্রলা একর পর এক মহাকাশ চষতে থাকে।

গত আড়াই দশকের মধ্যে ঐ সমস্ত শ্বয়ংক্রির স্টেশন চাদ, ব্ধ, শ্বে, মঙ্গল, ব্হস্পতি ও শনির কাছাকাছি যায়, নিজেদের স্ক্রে যক্তপাতি দিয়ে কাছাকাছি দ্রেম্ব থেকে গ্রহগ্রলোর ওপর অন্সন্ধান চালায়, তাদের ছবি তোলে, বেতারে আমাদের কাছে কাজের ফলাফল ও চমংকার-চমংকার ছবি পাঠায়।

চাঁদ, শা্ক ও মঙ্গলের বা্কে মহাকাশযান নিরাপদে অবতরণ করে সেখানকার মাটি ও বায়্মাণ্ডলের গঠনপ্রকৃতি নিয়ে গবেষণা করেছে, আশেপাশের এলাকার ছবি তুলেছে। ঐ সমস্ত জায়গায় তারা প্রাণের লক্ষণ খা্জে বেড়িয়েছে। চাঁদ থেকে পাহাড়ি খনিজ পদার্থের নম্বনা প্রিবীতে পাঠিয়েছে।

কিন্তু তার অর্থ মোটেই এই নয় যে আজ যে-কোন মান্য বিশেষ প্রস্তুতি ছাড়াই রকেটে চড়ে মঙ্গল বা ঐরকম কোন গ্রহে যাত্রা করতে পারে।





মান্ষ বড় কোমল, ঠুনকো জীব। প্থিবীতে কোন মহাম্ল্যবান মাছকে জ্ঞান্ত কোথাও পাঠাতে গেলে তার পেছনে ষেমন যত্ন নিতে হয় মান্ষকে মহাকাশে পাঠাতে গেলেও সেইরকম যত্ন নিতে হয়। মাছটাকে রাখতে হয় একটা জলভরা কাচের বয়ামে, জল যাতে না ছলকায়, যাতে বেশি গরম না হয়ে য়য়, নোংয়া না হয় সেই দিকে য়ীতিমতো নজর য়াখতে হয়। মাছকে খাবার দেওয়ায় কথা ভূললে চলবে না।

মান্ধের কাছে মহাকাশযান হল 'বাতাস ভরা বয়াম'। এই বয়ামের ভেতরকার মান্ধকে নিয়ে যে ঝঞ্চাট পোহাতে হয় সেই তুলনায় বয়ামের মাছ নিয়ে ঝঞ্চাট অনেক কম।

এই কারণে মান্য একেবারে শ্রে থেকে যতটা সম্ভব স্বরংক্রির যন্ত্রকে দিয়ে কাজ করিয়ে নেওয়ার চেন্টা করেছে। স্বরংক্রিয় যন্ত্রপাতিকে মহাকাশের হালচালও দেখে আসার ভার দেওয়া হয়। মান্ষ ত আর না জেনেশ্নে জলে ঝাঁপ দিতে পারে না! খামোকা ঝাঁকি নিতে মাবে কেন? স্বয়ংক্রিয় যন্ত্রপাতি হালচাল দেখেশ্নে আসার পর তাদের থবরের ভিত্তিতে, দরকার হলে এবং সম্ভব হলে তবেই মান্য যাত্রা করতে পারে।

১৯৬১ সালের ১২ এপ্রিল মান্য প্রথম মহাকাশ্যারা করল। মান্যের ইতিহাসে প্রথম মহাকাশ্যারা করলেন স্যোভিয়েত মহাকাশ্চারী ইউরি গাগারিন।

১৯৬৯ সালের ২১ জ্লাই ঢাঁদে প্রথম মানুষের পদার্পণ । ঘটল।

মহাকাশে ডকিং-এর কাজেও মান্য হাত পাকিয়েছে। এই ডকিং ছাড়া মহাকাশে দরে দরে পথ পাড়ি দেওয়া অসম্ভব। প্থিবীর কক্ষপথে সোভিয়েত 'সাল্যত', মার্কিন 'স্কাইলাব' এবং সোভিয়েত-মার্কিন 'সয়য়ৄড়-অয়পলো' স্টেশন ছাড়া হয়। কক্ষপরিক্রমাকারী সোভিয়েত যল্তসমাহার 'সাল্যত-সয়য়ৄড়' এখনও প্রেরদমে কাজ করে চলছে। সেগ্রলোতে অন্যান্য কাজের সঙ্গে সঙ্গে মহাকাশচারীরা দ্রে দ্রে যাত্রার কৌশলাদি উদ্ভাবনেরও চেট্টা করছেন।

এ সবই অন্যান্য গ্রহের ওপর চ্জান্ত অভিযান চালানোর প্রাথমিক পদক্ষেপমাত্র।

অদরে ভবিষ্যতে আরও বিভিন্ন রকমের এবং জটিল থেকে জটিলতর আন্তঃগ্রহ স্বয়ংক্রিয় স্টেশন ব্ধ, শক্রে, মঙ্গল ও ব্যুস্পতির দিকে যাত্রা করবে। তারা ওখানকার হালচাল দেখেশনে আসবে। এরপর ওখানে মান্যের জন্য কী অপেক্ষা করছে সঠিক ভাবে অবহিত হয়ে তবেই মান্য নিজে ঐ সমস্ত গ্রহে যাত্রা করবে।

কিন্তু যে কোন গ্রহে প্রথম পরিদর্শন হবে সেই গ্রহের ওপর বিশদ ও সত্যিকারের অন্দ্রমানের স্ট্রনামার। আমাদের নিজেদের গ্রহ এই যে প্রথিবী, তাকে নিয়েই ত আমরা আজ হাজার হাজার বছর ধরে অন্সন্ধান চালাচ্ছি, অথচ আজ র্যস্ত আমরা তার অনেক কিছুই জানতে পারি নি। তাহলে অন্যান্য জগৎ সম্পর্কে আর কী বলার আছে?

ঐ সব গ্রহকে ভালোভাবে জানতে বহু সময় লাগবে। বহু বছর ধরে শত শত অভিযান সেখানে চালানো হবে, হাজার হাজার গবেষক যাবে।

চাইলে তোমরাও তাদের সঙ্গে ভিড়তে পার। মান্ধের কোত্হলের অন্ত নেই। এটা খ্বই ভালো!









স্চী

र्शियसात्र स्थान स्थानात्र । । । । । । । । ।	
আকাশের তারা এত স্থার কেন? 👝	¥
আকাশ কি ছে'দা করা যায়?	>8
সূর্যে আর চাদ কিসে তৈরি?	59
মহাক্যশের বন্ধুপর্ঞার অবলন্দ্রন কী?	25
সূর্যে কেন উদয় হর, কেনই বা অস্ত যায়?	₹8
গ্রীষ্মকালে স্থেরি তাপ বেশি কেন?	32
চौन द्रकन फानि?	96
চাঁদে কী আছে?	ত্ৰ
গ্ৰহ কী?	83
ব্ধপ্রহে নামা যায় কি?	86
শাকুপ্রহে আমরা কী দেখতে পাব? . ,	45
মঙ্গগ্ৰহে মঙ্গলবাসী আছে কি?	৫৬
ব্হস্পতি আর শনি কেমন?	
মানুষ কবে অন্যান্য গ্রহ সম্পর্কে আরও জানতে পারবে?	







পাঠকদের প্রতি

বইটির বিষয়বস্তু, অন্বাদ ও অঙ্গসম্জা বিষয়ে আপনাদের মতামত পেলে আমরা বাধিত হব।

আশা করি আপনাদের মাতৃভাষার অন্দিত রুশ ও সোভিয়েত সাহিত্য আমাদের দেশের জনগণের সংস্কৃতি ও জীবনযায়া সম্পর্কে আপনাদের জ্ঞানব্দ্ধির সহায়ক হবে। আমাদের ঠিকানা:

'রাদ্ব্গা' প্রকাশন ১৭, জুবোত্সিক ব্লভার মস্কো ১১৯৮৫৯, সোভিয়েত ইউনিয়ন

'Raduga' Publishers 17, Zubovsky Boulevard Moscow 119859, Soviet Union



П. Клушанцев

О ЧЕМ РАССКАЗАЛ ТЕЛЕСКОП На языке бенгали

Pavel Klushantsev

ALL ABOUT THE TELESCOPE

In Bengali

দ্রুলের মাঝারি বয়সী ছেলেমেয়েদের জন্য





